The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 836 | 20 September 2024 | শুক্রবার ৫ আশ্বিন ১৪৩১


16 Republican-Led States Challenge Program to Aid Undocumented Spouses
>> Page 25

Miss Bangladesh Beauty Pageant 2024 launched
>> Page 25



Billie Eilish and Finneas Endorse Kamala Harris
>> Page 24

Mayor Adams praises NYPD for 'great level of restraint' in subway shooting
>> Page 24


# ৫০ বছরপূর্তিতে মধ্যমণি ড. ইউনূস

## জাতিসংঘে বাংলাদেশ

মনোয়ারুল ইসলাম

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগদানকালে ২৫ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেবেন। সেখানে সাইড লাইনে এই দু'নেতার কুশলাদি বিনিময় হতে পারে। তবে জাতিসংঘ সফরকালে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রী (সেক্রেটারি অব স্টেট) এন্টনি ব্লিনকেন এর সাথে আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হবে।
২০২৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে। সদস্য হবার ৫০ বছরপূর্তি উপলক্ষ্যে বাংলাদেশ বিশেষ এক অনুষ্ঠানের আয়োজন করছে। ২৪ সেপ্টেম্বর সন্ধ্যায় জাতিসংঘস্থ বাংলাদেশের স্থায়ী মিশন আয়োজিত এই অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন। জাতিসংঘে উপস্থিত সকল সরকার ও রাষ্ট্র প্রধানকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানানো হয়েছে। বাংলাদেশ মিশন আশা করছেন ৫০টি দেশের সরকার প্রধান বা তাদের প্রতিনিধিরা এই ঐতিহাসিক অনুষ্ঠানে যোগ দেবেন। জাতিসংঘের মহাসচিব জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এ অনুষ্ঠানে যোগ দেবেন সেটা নিশ্চিত। জাতিসংঘে বাংলাদেশ আয়োজিত কোন অনুষ্ঠানে এতও বেশি সংখ্যক সরকার প্রধান কিংবা তাদের প্রতিনিধি অতীতে যোগ দেন নি। অনুষ্ঠানের মধ্যমনি থাকবেন নোবেল বিজয়ী ড, মুহাম্মদ ইউনূস। জাতিসংঘে অবস্থানকালে বিশ্বের শীর্ষ নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন ড. ইউনূস। জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯ তম অধিবেশনে যোগ দিতে আগামী ২৪ সেপ্টেম্বর বিকেলে নিউইয়র্ক আসছেন প্রধান উপদেষ্টা। এরপর ২৮ পৃষ্ঠায়




মন্তব্য প্রতিবেদন

## তারা সময়মতো আসবে!

মাহবুবুর রহমান



সিংহের গর্জন ভয়ংকর, যে কারো মনে আতংক জাগায়। গল্প আছে, একবার জিজ্ঞেস করা হয়েছিল, তুমি এতো গর্জো কেন? সিংহের উত্তর, ভয় পাই। আওয়াজে এরপর ২০ পৃষ্ঠায়

# দলদাসে মাসোহারা পুরস্কার!

আজকাল রিপোর্ট



মিডিয়া কর্মিরাই আলোচনার শীর্ষে আসছেন বারবার। ৫১ সাংবাদিকের নামে হত্যা মামলা। সেলিব্রেটি সাংবাদিক (!) হিসেবে পরিচিত শ্যামল দত্ত ও মোজাম্মেল বাবুরা ভারতে পালাতে গিয়ে জনতার হাতে ধরা। তাদের সর্পদ করা হলো পুলিশের হাতে। আছেন পুলিশের রিমান্ডে। পেশাকে কলংকিত করেছেন এমন খবর প্রতিদিন মিডিয়ায়। সবচেয়ে ভয়াবহ খবর বেরিয়েছে দলদাস সাংবাদিকতার পুরষ্কার হিসেবে লাখ লাখ টাকার মাসোহারার খতিয়ানে। যাদের নামে খবরটি বেরিয়েছে তারা সকলেই পতিত শেখ হাসিনার সরকারের আজ্ঞাবহ ছিলেন। তোষামোদি ও লেজুরবৃত্তির জুড়ি ছিল না গত ১৫টি বছর। নৈতিকতা বিবর্জিত সাংবাদিকতার প্রতিচ্ছবি তারা। আওয়ামী গুজবের কারখানা হিসেবে দেশে পরিচিত ছিল সিআরআই। এ সংস্থা থেকে তৈরী করা গুজব প্রচারের কাজ করে যারা নিয়মিত টাকা পেতেন তাদের তালিকা প্রকাশিত হয়েছে। একটা গবেষণা প্রতিষ্ঠানের নামে সিআরআই কুকর্ম করেছে গত এক দশক! মানুষের চরিত্র হনন এরপর ৩০ পৃষ্ঠায়

## ঢাকা মিশনে প্রস্তুত আলী রিয়াজ



আজকাল রিপোর্ট

বাংলাদেশে 'সংবিধান সংস্কার কমিশনের প্রধান' হিসেবে দায়িত্বভার গ্রহণ করতে খুব সহসাই যুক্তরাষ্ট্র থেকে দেশে যাচ্ছেন অধ্যাপক ড. আলী রীয়াজ। ইলিনয় স্টেট এরপর ২৮ পৃষ্ঠায়

হাসিনার ফোনালাপ ফাঁস

## 'আপা আপা' বলা সেই তানভির বহিস্কার



আজকাল রিপোর্ট

ভারতে পালিয়ে থাকা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে 'আপা আপা' বলা একটি ফোনালাপ সোশ্যাল মিডিয়ায় ফাঁস হবার পর মুহূর্তে ভাইরাল হয়ে যায় ওই ব্যক্তির আলাপচারিতা। খোঁজ নিয়ে জানা গেছে, শেখ হাসিনার সঙ্গে ফোনালাপের সেই ব্যক্তিটি হলেন নিউইয়র্ক এরপর ২৮ পৃষ্ঠায়

# রেমিট্যান্স পাঠিয়ে রেকর্ড গড়লেন প্রবাসীরা

## নিউইয়র্ক ও দুবাই শীর্ষে

হাসান মাহমুদ



বাংলাদেশে রেমিটেন্স দৌড়ে বিশ্বের প্রথম ১০টি দেশের তালিকা প্রকাশ করেছে কেন্দ্রিয় ব্যাংক। এসব দেশে থেকে বিপুল পরিমাণ ডলার বাংলাদেশে বৈধ ব্যাংকিং চ্যানেলে পাঠানো হয়েছে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে সবচেয়ে বেশি রেমিট্যান্স পাঠানো হয়। এছাড়া সংযুক্ত আরব আমিরাতের দুবাই এবং শারজাহ শহর থেকে বিপুল পরিমাণ রেমিট্যান্স বাংলাদেশে পাঠানো হয়েছে। চলতি সেপ্টেম্বরের প্রথম ১৭ দিনে বিভিন্ন দেশের প্রবাসিরা ১৪৩ কোটি ডলার দেশে পাঠিয়েছেন। যা অনন্য রেকর্ড হিসেবে এবার গণ্য হচ্ছে। গত বছরের একই সময়ে পাঠানো হয়েছিল মাত্র ৮৪ কোটি ২০ লাখ ডলার। তাতে সেপ্টেম্বরের প্রথম ১৭ দিনে রেমিট্যান্স বেড়েছে ৫৮ কোটি ৮০ লাখ ডলার। যা ওই সময়ের মধ্যে বাড়লো প্রায় ৭০ শতাংশ রেমিট্যান্স। কানাডার বাংলাদেশি প্রবাসিদের চেয়ে রেমিট্যান্স দৌড়ে এগিয়ে রয়েছেন সাউথ এরপর ২৮ পৃষ্ঠায়

## অডিট আতংকে হোম কেয়ার ব্যবসায়ীরা



আজকাল রিপোর্ট

অডিট আতংকে ভুগছেন হোম কেয়ার ব্যবসায়ীরা। ডেপার্টমেন্ট অব হেলথ কেয়ারের অধীনস্থ অফিস অব মেডিকেইড ইন্সপেক্টর জেনারেল (ওএমআইজি) বিভিন্ন হোম কেয়ার অফিসে অডিট শুরু করেছে। স্টেট নির্ধারিত বেতন প্রতি ঘন্টায় ২১.০৯ ডলার এর বেশি বেতন প্রদান করা হচ্ছে কিনা তা খতিয়ে দেখছে এরপর ২৮ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
- আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
- ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
- আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
- ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
- দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার

আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**



- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

**718-734-8777**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**
1232 Virginia Ave Bronx, NY 10472
1514 Castle Hill Ave Bronx, NY 10462
2002 Mcgraw Ave Bronx, NY 10462
721 E Tremont Ave Bronx, NY 10457

**Brooklyn**
219 Church Ave Brooklyn, NY 11218
1208 Liberty Ave Brooklyn, NY 11208
1122 Coney Island Ave Suite 220 (2nd Fl.) Brooklyn, NY 11230
1104 Liberty Ave Brooklyn, NY 11208
6910 5th Ave (2nd Fl.) Brooklyn NY 11209
1061 Flatbush Ave Brooklyn NY 11226

**Hicksville**
217 Bethpage Road Hicksville, NY 11801

**Binghamton**
61 Washington Ave Endicott, NY 13760

**Queens**
40-04 Junction Blvd Corona, NY 11368
37-20 74th Street Jackson Heights, NY 11372
148-37 Hillside Ave Jamaica, NY 11435

**Rochester**
504 W Main St Rochester, NY 14608

**Manhattan**
1791 Lexington Ave New York, NY 10029
1267 St Nicholas Ave New York, NY 10033

**Buffalo**
1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
96 Grant St. Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

সাপ্তাহিক আজকাল

Friday, 20 September 2024, Issue 836, www.ajkalnewyork.com PAGE 03


# ড. ইউনূসকে ঘিরে পাল্টাপাল্টি কর্মসূচী

## স্বাগত জানাবে বিএনপি



আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ অধিবেশনে অংশ নিতে ২৪ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আসছেন। এদিন তাঁকে বিমানবন্দরে যুক্তরাষ্ট্র বিএনপির পক্ষ থেকে স্বাগত জানাবার প্রস্তুতি নেওয়া হয়েছে। বিএনপির শতশত কর্মীরা এদিন ব্যানার ফেস্টুন, ফুল নিয়ে বিমানবন্দরে উপস্থিত থেকে স্লোগানে স্লোগানে মুখরিত করে রাখবেন। এছাড়া আগামী ২৬ সেপ্টেম্বর দুপুরে জাতিসংঘ সাধারণ অধিবেশনে তিনি বিশ্ব নেতৃবৃন্দের সামনে ভাষণ দেবেন। এদিন বিএনপির পক্ষ থেকে জাতিসংঘের সামনে স্বাগত সমাবেশের আয়োজন করা হয়েছে। এসব কর্মসূচির কথা আজকাল'কে গত বুধবার ফোনে জানান বিএনপির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য এবং যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি গিয়াস আহমেদ। তিনি আরও বলেন, বাংলাদেশ থেকে এরপর ৪৪ পৃষ্ঠায়




## অবাঞ্ছিত ঘোষণা আ.লীগের

আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারকে অবৈধ আখ্যা দিয়ে সরকার প্রধান ড. মুহাম্মদ ইউনূসকে যুক্তরাষ্ট্রের মাটিতে অবাঞ্ছিত ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। আগামী সপ্তাহে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে অংশ নিতে নিউইয়র্কে আগমনকে কেন্দ্র করে তাকে প্রতিহতের ঘোষণাও দিয়েছে দলটি। গত শুক্রবার এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এ সময় জানানো হয় ড. ইউনূসের নিউইয়র্ক আগমনের দিন জেএফকে বিমানবন্দরে এবং পরবর্তীতে জাতিসংঘ সদর দপ্তরের সামনে দলের পক্ষ থেকে প্রতিবাদ কর্মসূচী পালন করা হবে। ৫ আগস্টের এরপর ৪৪ পৃষ্ঠায়




## নিউইয়র্ক ফ্যাশনউইকে তারকারা

আজকাল রিপোর্ট

ম্যানহাটানে ফ্যাশন উইকে 'তোমার ঘরে বসত করে কয়জনা মন জানে না' গানের সাথে বিভিন্ন দেশের তরুণী মডেলদের সাথে ফ্যাশন শো-তে অংশ নিলেন বাংলাদেশী মডেল তামন্না সাবাহ আলম। ৭ সেপ্টেম্বর গত শনিবার সন্ধ্যায় বিভিন্ন বর্ণ আর ভাষার মানুষের সম্মিলনে বর্ণাঢ্য এ উৎসবটি ছিল সবচেয়ে কম বয়েসী ডিজাইনার রাইসাকে ঘিরেই। বহুজাতিক এ উৎসবে বাঙালি তরুণী রাইসা রফিকের ই-কমার্স ফ্যাশন হাউস 'রায়া'র ডিজাইনগুলোই দৃশ্যমান হয়েছে। আর তা ঝলসে উঠেছিল এরপর ৪১ পৃষ্ঠায়




## ইউনূসকে স্বাগত জানাবে নাগরিক সমাজ ও জাপা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কে স্বাগত জানাবে প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ, যুক্তরাষ্ট্র এবং যুক্তরাষ্ট্র জাতিয় পার্টি। জাতিসংঘের ৭৯তম অধিবেশনে ভাষণ দিতে যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষ্যে ড. ইউনুকে আগাম অভিনন্দন জানিয়ে স্বাগত সমাবেশ করেছে প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ।
১৬ সেপ্টেম্বর জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজার সামনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ যুক্তরাষ্ট্রের আহ্বায়ক ড. শওকত আলী, যুগ্ম- আহ্বায়ক ড. আবুল কাশেম সদস্য সচিব আবু তাহের, সিনিয়র যুগ্ম সদস্য সচিব আবদুস সবুর। সংগঠনের সদস্য ও বাংলাদেশ সোসাইটির সাবে এরপর ৪২ পৃষ্ঠায়

## বন্যার্তদের সাহায্যে অর্থ সংগ্রহ

আজকাল রিপোর্ট

বাংলাদেশের বন্যার্তদের পাশে দাঁড়িয়েছে নিউইয়র্কের বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক-আঞ্চলিক-রাজনৈতিক সংগঠন। তারই ধারাবাহিকতায় চলতি সপ্তাহে নিউইয়র্কের দুটি সংগঠন বন্যার্তদের জন্য বাংলাদেশে অর্থ সংগ্রহ করেছে।
সংগঠনটি গত ১৭ সেপ্টেম্বর বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতি ইউএসএ নিউইয়র্ক বাংলাদেশ কনস্যুলেটের মাধ্যমে অর্ন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ৬ লাখ টাকার আর্থিক সহযোগিতার চেক হস্তান্তর করেছে।
বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতি ইউএসএর সভাপতি সেবুল খান মাহবুব ও সাধারণ সম্পাদক শিহাব উদ্দিন আহমদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল মো. নাজমুল হুদার হাতে এই আর্থিক সহযোগিতার চেক তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা ইফতেখার সিরাজ ও হাজি মনির আহমেদ, কোষাধ্যক্ষ মোহাম্মদ এরপর ৪১ পৃষ্ঠায়



## নারায়ণগঞ্জ জেলা সমিতির বনভোজনে মিলনমেলা

আজকাল রিপোর্ট

গত ১৫ সেপ্টেম্বর লং আইল্যান্ডের হ্যাক শেয়ার স্টেট পার্কে নারায়ণগঞ্জ জেলা সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হলো। নিউইয়র্ক,নিউ জার্সি,পেনসিলভেনিয়া,ভার্জিনিয়া এবং বাফালো শহর থেকে নারায়ণগঞ্জের অভিবাসীরা এই বনভোজনের যোগ দিলে বনভোজন পরিণত হয় মিলনমেলায়। বনভোজনে প্রধান অতিথি ছিলেন প্রবীণ রাজনীতিবিদ ও সমাজসেবক নূর ই আজম (বাবু)। বেলুন উড়িয়ে বনভোজনের উদ্বোধন করেন সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা মির্জা ফরিদ উদ্দিন। সংগঠনের সাবেক উপদেষ্টা এবং কমিটির বিশিষ্ট নেতাদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান আখতার হোসেন, সাবেক সাধারণ এরপর ৪২ পৃষ্ঠায়

## গাউসিয়া কমিটির ঈদে মিলাদুন্নবী

আজকাল রিপোর্ট

মানবতার মহান মুক্তির দূত বিশ্বনবী হযরত মুহাম্মদ মুহাম্মদ (সা.) এর দুনিয়ায় আগমণ উপলক্ষ্যে জশনে ঈদে মিলাদুন্নবী পালন করেছে গাউসিয়া কমিটি বাংলাদেশ, নিউ ইয়র্ক শাখা। এ উপলক্ষ্যে গত রোববার ব্রুকলিনে আয়োজিত ওয়াজ মাহফিলে প্রধান অতিথি ছিলেন গাউছিয়া কমিটি বাংলাদেশ, যুক্তরাজ্য শাখার সভাপতি ও লন্ডনের ব্রিস্টল সেন্ট্রাল মসজিদের খতিব শায়েখ মুফতি হাফিজ মুহাম্মদ ইকরাম উদ্দিন। স্থানীয় পিএস-১৭৯ স্কুলে আয়োজিত মাহফিলে প্রধান বক্তা ছিলেন সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক, বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ লেখক ও গবেষক মাওলানা ড. এমদাদুল হক। বক্তব্য রাখেন মালানা ওয়াসিম সিদ্দিকী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাউসিয়া কমিটি বাংলাদেশ, নিউ ইয়র্ক শাখার ভারপ্রাপ্ত সভাপতি আলহাজ্ব মোহাম্মদ মাহবুবুর রহমান। অনুষ্ঠান পরিচালনা করেন সংঠনের সাধারণ সম্পাদক এরপর ৩৮ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনে বাড়ি
- পাবলিক অকশনে বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শরট-সেল ও REO প্রপার্টি

কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com


Nurul Azim

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited
Approved Travel Agent সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
ওমরাহ্
মো: আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়


OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate

# Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

## সম্পাদকীয়

### সেনাবাহিনীর ম্যাজিস্ট্রেসি ক্ষমতা
# আইনের শাসন প্রতিষ্ঠায় সহায়ক হোক

সারা দেশে বাংলাদেশ সেনাবাহিনীর কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দিয়েছে ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার। মঙ্গলবার রাতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনে জানানো হয়, ফৌজদারি কার্যবিধির (সিআরপিসি) ১৭টি ধারা প্রয়োগের ক্ষমতা পেয়েছেন সেনা কর্মকর্তারা। সিআরপিসির বিধান অনুযায়ী সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা এখন নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। অর্থাৎ গ্রেফতারি পরোয়ানা জারি, অপরাধীকে গ্রেফতার, জামিন-মুচলেকা ইত্যাদি বিষয়ে আইন মোতাবেক আদেশ জারি, তল্লাশি অভিযান পরিচালনা বা আটক করা, অন্যায়ভাবে আটককৃতকে উদ্ধারে অভিযানের মতো কার্যক্রম সেনাবাহিনী পরিচালনা করতে পারবে। 'দ্য কোড অব ক্রিমিনাল প্রসিডিউর, ১৮৯৮'-এর ১২(১) ধারা অনুযায়ী দুই মাসের জন্য এ ক্ষমতা দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা এ ম্যাজিস্ট্রেসি ক্ষমতা সারা দেশে প্রয়োগ করতে পারবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। এর ফলে নির্বাহী ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পাওয়া সেনা কর্মকর্তাদের উপস্থিতিতে কোনো অপরাধ সংঘটিত হলে তারা অপরাধীকে গ্রেফতার করতে বা গ্রেফতারের নির্দেশ দিতে পারবেন।

এ বিষয়ে সরকারের অবস্থান ব্যাখ্যা করে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের উপদেষ্টা জানিয়েছেন, বর্তমানে কিছু কিছু অঞ্চলে, বিশেষ করে শিল্পাঞ্চলগুলোতে নাশকতা, অরাজকতা এবং দেশের স্থিতিশীলতা বিনষ্ট করার মতো কিছু কর্মকাণ্ড ঘটছে। উদ্ভূত পরিস্থিতিতে সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হয়েছে পরিস্থিতির উন্নতির জন্য। একই কথা ব্যক্ত করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টাও।

> কথাগুলি কি সত্যি? হাসিনাকে কি দেশ ত্যাগে বাধ্য করেছেন ড. ইউনুস? দেশের পরিস্থিতি তো তা বলে না। এমন অসত্য বানোয়াট অভিযোগে তার বিরুদ্ধে বিক্ষোভ? বিষয়টাকে আমরা মেনে নিতে পারছি না

বস্তুত মানুষ যাতে নিরাপদ বোধ করে এবং জনবান্ধব পরিবেশে চলাচল করতে পারে, সেজন্য সেনাবাহিনীকে নির্বাহী ম্যাজিস্ট্রেটের এই ক্ষমতা দেওয়া হয়েছে। দেরিতে হলেও অন্তর্বর্তী সরকারের এ সিদ্ধান্ত সাধুবাদযোগ্য। দেশের বিভিন্ন স্থান থেকে যে ধরনের অরাজক কর্মকাণ্ডের খবর পাওয়া যাচ্ছিল, তাতে আইনশৃঙ্খলা রক্ষার সরকারের তরফে কঠোর পদক্ষেপের প্রয়োজন ছিল। বিগত সরকার পতনের পর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোতে জনবলের স্বল্পতা লক্ষ করা গেছে। বিগত সরকারের সময়ে পুলিশের ভূমিকা ও পরবর্তীকালে সমাজে আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতির অভাবে পরিস্থিতির অবনতি হওয়ায় জনমনেও নিরাপত্তাহীনতা বিরাজ করছিল। ফলে দেশের সব জায়গায় আইনের শাসন প্রতিষ্ঠা অনেকাংশে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছিল। আশা করা যায়, সেনাবাহিনীকে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দেওয়ায় পরিস্থিতির উন্নতি হবে।

বলার অপেক্ষা রাখে না, পরিস্থিতির উন্নতি হলে সেনাবাহিনীর এ দায়িত্ব পালনের প্রয়োজনীয়তা থাকবে না। তবে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা লাভের পর দায়িত্ব পালনের ক্ষেত্রে ক্ষমতার কোনো অপপ্রয়োগ ঘটবে না, এমনটাই প্রত্যাশা করি আমরা। অবশ্য জনগণকেও সর্বাত্মক সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে। ভুলে গেলে চলবে না, পারস্পরিক শ্রদ্ধা, সহযোগিতা ও মর্যাদাপূর্ণ সম্পর্কের মাধ্যমে সেনাবাহিনীর কমিশন্ড অফিসারদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতার সুফল ভোগ করবে দেশের মানুষই। একথা অনস্বীকার্য যে, বাংলাদেশ সেনাবাহিনী একটি জনবান্ধব সুশৃঙ্খল বাহিনী। তাদের সঙ্গে যোগাযোগে বা তাদের কাছ থেকে সহযোগিতা নিতে সাধারণ মানুষের কোনো সমস্যা হবে না বলেই আমাদের বিশ্বাস। সেনাবাহিনীকে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দেওয়ার মাধ্যমে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটবে, এটাই প্রত্যাশা।

# নতুন কান্ডারি আমাদের পথ দেখাবেন

ড. ইমদাদুল হক মামুন



একটা গণ অভ্যুত্থান হলো আমাদের দেশে। ৫ আগস্ট! অভ্যুত্থানটা এমনই যে, অভ্যুত্থানকারী ছাত্ররা আগস্ট নামটাই উচ্চারণ করতে চায় না, তারা লিখছে ৩৬ জুলাই! ঘৃণা থেকে! এই ঘৃণা, এই বিপ্লব, এই অভ্যুত্থান, এই রেনেসাঁ, এই রিফর্মেশন সিঙ্গাপুরের কথা মনে করিয়ে দিচ্ছে বারবার। কারণ আমরা শুনে অভ্যস্ত হয়ে গেছি আমাদের দেশ সিঙ্গাপুরের মতো হবে! হবে বৈকি! যদিও ফ্যাসিবাদী শাসক এ কথা বলছিলেন, তবুও মনে হচ্ছে সেই বাস্তবায়নটা ফ্যাসিবাদী শাসক পতনের নায়কদের এবং বর্তমান বাংলাদেশের আলোর পথের দিশারীরূপী কান্ডারি ড. মুহাম্মদ ইউনূসের দ্বারা বাস্তবায়ন হবে। আমরা আশাবাদী।

১৯৬৫ সাল, ৯ আগস্ট। সিঙ্গাপুরকে বের করে দেওয়া হলো ব্রিটিশ ক্রাউন কলোনির মালয় কমিউনিটি থেকে। পৃথিবীর ইতিহাসে একমাত্র উল্টো ঘটনা। সবাই স্বাধীনতার জন্য আন্দোলন করে; আর এখানে তাদের বের করে স্বাধীন করে দেওয়া হলো। কী অপরাধ? সিঙ্গাপুর এলাকাটা দুর্নীতি এবং অপরাধপ্রবণ! এ কলঙ্ক যেন মালয় কমিউনিটিতে না লাগে সেজন্য। সিঙ্গাপুরের গভর্নর ছিলেন লি কুয়ান ইয়ে। বিশ্বের বড় বড় সাংবাদিকদের সামনে অঝোরে কেঁদেছিলেন এত বড় অপমান সইতে না পেরে। তিনি ছিলেন অক্সফোর্ড পড়ুয়া উচ্চশিক্ষিত এবং সজ্জন। তাঁর উপলব্ধি হয়েছিল, যে অপরাধে তাদের বের করে দেওয়া হলো সেই কলঙ্ক তিনি চিরতরে দেশের গা থেকে মুছে ফেলবেন। তাতে যা হয় হবে! আমি সিঙ্গাপুরে ২৩ দিনের ট্রেনিংয়ে গিয়েছিলাম। তাদের দেশের কারিগরি শিক্ষাব্যবস্থাকে আমাদের দেশের কারিগরি শিক্ষাব্যবস্থায় বাস্তবায়ন করার জন্য। যে সিঙ্গাপুরে যায়নি তাকে বোঝানো যাবে না সিঙ্গাপুর দেশটা কেমন। কতখানি নিরাপদ! ২-৩ লাখ টাকা আর দামি ক্যামেরা নিয়ে নিশ্চিন্তে রাত দুটো-তিনটে পর্যন্ত ঘুরে বেড়িয়েছি সেখানে। অথচ কোনো পুলিশ নেই! ২৩ দিনে শুধু একবার মেট্রোতে তাদের তিনজন পুলিশ আমার নজরে পড়ল। তাও তারা কোথায় যেন যাচ্ছিল, কোনো ডিউটি করছিল না।

> পেছনের দিকে তাকানোর এখন প্রয়োজন নেই। এখন প্রয়োজন সঠিক পরিকল্পনা এবং তার বাস্তবায়ন। তাহলেই সম্ভব দেশকে ১০ বছরের মধ্যেই উন্নত রাষ্ট্রে পরিণত করা। আমাদের প্রত্যাশা, নতুন কান্ডারি আমাদের এখন সেদিকেই নিয়ে যাবেন, আমাদের দেখাবেন নতুন পথ। আমরা তাঁর পানে তাকিয়ে রয়েছি

কীভাবে হলো এটা! ১৯৬৫ সালের সিঙ্গাপুর আর আমাদের ১৯৭১ সাল এবং তার পরবর্তী সময়ের চিত্র একই। সিঙ্গাপুরের ফিরে দাঁড়ানোর ইতিহাস জানার জন্য আমি শরণাপন্ন হলাম ডিরেক্টর ইস্থার বে-এর কাছে। আমি দলনেতা ছিলাম বলে তারা আমার কথা গুরুত্ব দিতেন খুব। তিনি আমাকে পাঠালেন ইতিহাস বিষয়ে তুলনামূলক বেশি অভিজ্ঞ সুন তাতস ফাহ-এর কাছে। তাঁর কাছ থেকেই পেলাম সিঙ্গাপুরের উন্নয়নের পেছনের ঘটনা। লি কুয়ান ইয়ে পর দিনই তাঁর গভর্নরস বোর্ডদের নিয়ে বৈঠক করেন। সেখানে তিনি স্পষ্টভাবে উল্লেখ করেন, যাদের কারণে তাঁর দেশের এ অপমান হয়েছে তাদের তিনি নির্মূল করবেন। প্রথমে বোর্ড রাজি না হলে লি কুয়ান ইয়ে পদত্যাগ করে দেশ ছেড়ে ইংল্যান্ডে চলে যাওয়ার কথা বললে গভর্নরস বোর্ড লি কুয়ান ইয়ের প্রস্তাবে রাজি হয়। তিনি দুর্নীতিবাজ এবং সন্ত্রাসীদের এক সপ্তাহ সময় দেন আত্মসমর্পণের। যারা আত্মসমর্পণ করেছিল তাদের তিনি বিভিন্ন কর্মক্ষেত্র তৈরি করে দেন। বাকিদের এক রাতেই প্রায় নির্মূল করেন। তারপর থেকেই দুর্নীতির বিষয়ে জিরো টলারেন্স রয়েছে সিঙ্গাপুরে। সিঙ্গাপুরের উন্নয়নের পেছনে এটি একটি অন্যতম প্রধান কারণ। এর পরেই তিনি বিদেশি সব কোম্পানিকে বিনা শুল্কে এবং সব সুবিধা দিয়ে তাঁর দেশে কারখানা স্থাপন করার সুযোগ দেন। শিক্ষাব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনেন। কারিগরি শিক্ষাকে প্রধান শিক্ষায় পরিণত করেন। সিঙ্গাপুরের উত্থানের পেছনে এর ভোতাল অবস্থানটাও অতি গুরুত্বপূর্ণ ছিল। সেদিক থেকে আমাদের দেশও কম নয়, বিশেষত ভোতাল এবং ভূরাজনীতির দিক থেকে! সিঙ্গাপুরের মুক্তবাজার অর্থনীতি এবং শক্তিশালী আন্তর্জাতিক বাণিজ্য লিংক সিঙ্গাপুরকে এগিয়ে দেয় কয়েক ধাপ। (এ বিষয়ে বিস্তারিত লিখেছি আমার 'আলোর দেশে প্রযুক্তির দেশে' গ্রন্থে)।

সিঙ্গাপুরের লি কুয়ান ইয়ে ছিলেন উচ্চশিক্ষিত এবং সজ্জন। আমাদের অভ্যুত্থানের পর আমরাও পেয়েছি একজন উচ্চশিক্ষিত এবং সজ্জন ব্যক্তি ড. মুহাম্মদ ইউনূসকে। এখন প্রয়োজন শুধু সংস্কার করার এবং শক্তভাবে দেশের হাল ধরার। বিগত ২০ বছরের সব দুর্নীতির সুষ্ঠু বিচার করা। দুর্নীতির বিষয়ে জিরো টলারেন্স প্রদর্শন। সব ক্ষেত্র থেকে দুর্নীতিকে নির্মূল করা। বিদেশি সব কোম্পানিকে বিনা শুল্কে এবং সব রকম সুবিধা দিয়ে কারখানা স্থাপনের আহ্বান জানানো। দেশের জনগণকে জনশক্তিতে রূপান্তরের প্রচেষ্টা করা। এজন্য প্রয়োজন কারিগরি শিক্ষার এরপর ২০ পৃষ্ঠায়

# জামাতে ইসলাম ও জিন্নাহর মৃত্যু দিবস পালন একই সূত্রে গাথা

সুব্রত বিশ্বাস

প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজাকার মন্তব্য সেদিন অনেকেই মেনে নিতে পারেননি। এবং এই মন্তব্যকে কেন্দ্র করেই দেশ টালমাটাল হয়ে ওঠে। অবশেষে একনায়ক সরকারের পতন ঘটে। কিন্তু ঘটনার ধারাবাহিকতায় আজ প্রতীয়মান শেখ হাসিনা যথার্থই বলেছিলেন।

বস্তুত, সাধারণ ছাত্রদের দাবি ছিল চাকুরিতে কোটা সংস্কার। এক পর্যায়ে দেখা যায়, ছাত্রদের আন্দোলনের উপর ভর করে কোটা সংস্কারের দাবি হয়ে যায় সরকার পতনের একদফা আন্দোলন। আন্দোলনের জেরে সরকারের পতন হয়েছে। চাপে পড়ে একনায়ক দেশ ছাড়তে বাধ্য হয়েছেন। কোটার স্থলে দাবি হয়ে যায় একনায়ক সরকারের অগণতান্ত্রিক পরিকাঠামোর পরিবর্তন। ঘুষ দুর্নীতির অবসান, বিচার ও আইনশৃঙ্খলার নিশ্চয়তা বিধান, জনজীবনে নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি। কিন্তু পরিবর্তনের নামে বাস্তবে এমনসব কার্যকলাপ পরিচালিত হচ্ছে, যা পরিবর্তনের মূল দাবির ধারে কাছেও নেই। উপরন্তু সমাজ ও রাষ্ট্রকে আরও অস্থিতিশীল ও গভীর সংকটের দিকে নিয়ে যাওয়ার লক্ষণই পরিলক্ষিত হচ্ছে।

সম্প্রতি জাতীয় প্রেসক্লাবে কথিত নওয়াব সলিমউল্লাহ একাডেমি নামের ব্যানারে একটি গোষ্ঠী পাকিস্তানের জাতির পিতা মুহাম্মদ আলী জিন্নাহর মৃত্যুবার্ষিকী পালন করেছে। প্রধান অতিথি হিসেবে ঢাকায় নিযুক্ত পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার কামরান ধাঙ্গাল যোগদান করেন। অনুষ্ঠানে উর্দু গান-কবিতা পরিবেশিত হয়। দাবি করা হয় "৫ আগস্ট সরকার পতনের দিন আমাদের বিজয় দিবস এবং নতুন স্বাধীনতা দিবস"। বলেছে, অনুষ্ঠানে নাগরিক পরিষদের আহ্বায়ক মো. শামসুদ্দিন।

প্রথম কথা, বিদেশে কোনও দেশের জাতির পিতার জন্ম বা মৃত্যুবার্ষিকী সে দেশে দূতাবাসের বাইরে ঐ দেশের জনগণ পালন করেছে বলে জানা নেই। তাছাড়া পাকিস্তান বাংলাদেশের জাত দুষমন, সেখানে পাকিস্তানের জাতির পিতার মৃত্যু দিবস পালনের প্রশ্নই উঠে না। তাছাড়া একথা বলার অপেক্ষা রাখে না, ১৯৫২ সালেই জিন্নাহর দ্বিজাতি তত্ত্বকে আর পাকিস্তান নামক রাষ্ট্রকে প্রত্যাখ্যান করে বাঙালির দীর্ঘ স্বাধীনতা সংগ্রামে চূড়ান্ত বিজয় অর্জন করে ১৯৭১ সালে ৩০ লক্ষ শহীদের রক্ত ও ২লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে। সুতরাং ৫ আগস্ট ২০২৪-এর গণঅভ্যুত্থানকে বিজয় ও স্বাধীনতা আখ্যায়িত করা বাঙালির মহান মুক্তিযুদ্ধকে অস্বীকার করার সামিল।



আরও বলা হয়েছে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতির পিতা নন। ইব্রাহিম না কোন কালাচোর নাকি জাতির পিতা। আসলে একাত্তরে যারা বা যে জামায়াত বাংলাদেশ চায়নি, সেই জামায়াত-শিবির সংখ্যাগরিষ্ঠ বাঙালির বিরুদ্ধে পাকিস্তানের হয়ে যুদ্ধ করে পরাজিত হয়েছে। আজও তারা বাংলাদেশকে স্বীকার করেনি। সেই পরাজিত শক্তি জামায়াত বর্তমান অন্তবর্তী সরকারের প্রধান ভূমিকায়। একাত্তরে জামায়াতের নেতা গোলাম আযম বাংলাদেশ চায়নি, পাকিস্তানকে টিকিয়ে রাখার চেষ্টা হয়েছে। অপরদিকে বঙ্গবন্ধুই বাংলাদেশ চেয়েছিলেন এবং তার চাওয়ার পথ ধরেই বাংলাদেশের জন্ম। সুতরাং জিন্নাহ জামায়াতের জাতির পিতা হওয়াই তো স্বাভাবিক। জাতির পিতা হিসেবে জিন্নাহর মৃত্যু দিবস পালনও তাই কোনও অস্বাভাবিক ব্যাপার নয়।

ফলে জামায়াতের নেতৃত্বে অন্তবর্তীকালীন সরকার বাংলাদেশকে মৌলবাদী ইসলামী রাষ্ট্রে পরিণত করতে বিভিন্ন এজেন্ডা হাতে নিয়েছে। প্রধান টার্গেট স্বাধীনতার পক্ষের ব্যক্তি ও গোষ্ঠীকে নিশ্চিহ্ন করা। তাই স্বাধীনতার পক্ষের ব্যক্তিদের গণহারে গ্রেফতার করা হচ্ছে। তাদের গায়ে খুনের কলমা লাগিয়ে দেওয়া হচ্ছে। আন্তর্জাতিক ট্রাইব্যুনালে জামাতের আইনজীবী মো. তাজুল ইসলামকে বসানো হয়েছে। সম্ভবত একাত্তরের অসম্পূর্ণ কাজ তাদের জীবন হননের মাধ্যমে সম্পন্ন করা হবে। সংখ্যালঘু সম্প্রদায়কে অত্যাচার নির্যাতন করে দেশ থেকে বিতাড়িত করার কার্যক্রম চলছে। ইতিমধ্যে তারই অংশ হিসেবে সংখ্যালঘুদের বাড়ি ঘরে আক্রমণ চলছে, তাদের উপাসনালয় মন্দির ভেঙে গুড়িয়ে দেওয়া হচ্ছে। পরিসংখ্যান বেরিয়েছে ৫ আগস্ট থেকে ২০ আগস্ট পর্যন্ত ২০৬৮টি হিন্দু বাড়ি ও মন্দির তাণ্ডব হয়েছে। দিনাজপুরে হিন্দু পরিবারের ১০জনকে জোরপূর্বক ধর্মান্তরিত করা হয়েছে। একইভাবে গাজিপুরে একটি পরিবারকে ধর্মান্তরিত করা হয়েছে। বন্যায় ত্রান দিতে গিয়ে একটি হিন্দু বালকের গলার মালা ছিড়ে ফেলে তাকে ধর্মান্তরিত করার চেষ্টা হয়েছে। সামাজিক ও সংবাদমাধ্যমে এসব ঘটনা প্রকাশ করতে দেওয়া হচ্ছে না। বলা হচ্ছে, বাংলাদেশের সকল ধর্ম ও সম্প্রদায়ের সমান অধিকার রয়েছে। অথচ তারাই আক্রমণ নির্যাতন চালাচ্ছে, ঘরবাড়ি জ্বালিয়ে উচ্ছেদ অভিযান চলছে। ধর্ম উপদেষ্টা হেফাজতের প্রাক্তন আমীর খালিদ হাসান বলেছেন, আসন্ন দুর্গাপূজায় নাকি মাদ্রাসার ছাত্ররা পূজা মন্ডপ পাহারা দেবে। বিড়ালের কাছে সুটকির গোদাম পাহারার দায়িত্ব। প্রশ্ন হলো, পূজা মন্ডপ পাহারা দিতে হবে কেন? হিন্দুরা কি অন্যায় করেছে। শেখ হাসিনার সাথে হিন্দু সম্প্রদায়ে কি সম্পর্ক? মসজিদে যদি পাহারা লাগে না, মন্দিরে পাহারা লাগবে কেন? তাহলে কারা এই এরপর ২০ পৃষ্ঠায়

> আমেরিকা পেছনে থাকায় সেই শক্তিতেই পাকবাহিনী ও জামাত-শিবির বাংলাদেশে খুন-হত্যা-ধর্ষণ ও গণহত্যা পরিচালনা করেছে। বাংলাদেশ সরকার জামাতে ইসলামীকে একাত্তরের গণহত্যায় অভিযুক্ত করার পরও তারা সেই দলকে মুসলিম মডারেট দল হিসেবে সার্টিফিকেট দেয়। সুতরাং মুক্তিযুদ্ধে তাদের পৃষ্টপোষক দল হিসেবে জামাতের প্রতি আমেরিকার অনুকম্পা আজও অক্ষুন্ন থাকবে এটাতো স্বাভাবিক


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্ নেওয়াজ |
| Chief Editor | : Manzur Ahmed | প্রধান সম্পাদক | : মনজুর আহমদ |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| City Editor | : Anik Raj | সিটি এডিটর | : অনিক রাজ |
| General Manager | : Abubakar Siddique | জেনারেল ম্যানেজার | : আবুবকর সিদ্দিকী |

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ব্যবহার দোষে নামের বদনাম

ইলিয়াস হোসেন

আজ যা সংস্কার, কাল হয়তো তাই কুসংস্কার। সংস্কারের নামে সংসার সাজিয়ে বসলে জনতা পছন্দ করে না। অস্থির প্রকৃতির লোকজনও আশা করে তার অভিভাবক হবে ধীরস্থির। পরিমিতিবোধে অনন্য থেকে অন্যদের জন্য কাজ করবে। কোটাবিরোধী আন্দোলন থেকে গড়ে ওঠা জাতীয় ঐক্য ভবিষ্যতে কোনো খোটা খাবে না বলে প্রত্যাশা করে নতুন দিনের বাংলাদেশ 'নামে কীবা যায় আসে'। 'গোলাপকে যে নামেই ডাকা হোক না কেন, সে তার সুগন্ধ বিতরণ করবেই'। 'নামে নামে যমে টানে'। নাম নিয়ে স্বনামে-বেনামে এরকম প্রচুর প্রবচন প্রচলিত আছে আমাদের সমাজে। রসিকতা এবং দার্শনিকতাপূর্ণ প্রবচনগুলো কোনো কোনোটা স্ববিরোধী। কোনোটা আবার পরস্পরবিরোধী। উদাহরণ হতে পারে- 'মনে এক, মুখে আরেক'। 'মনের কথাই মুখে চলে আসে'। ব্যবহারিক জীবনে ইচ্ছা-অনিচ্ছায় প্রতিমুহূর্তে হাজারো নামাবলির মুখোমুখি হতে হয় মানুষকে। এসব বাক্য ব্যবহারে আবার ব্যক্তির মুনশিয়ানা প্রকাশ পায়। একই বাক্য সব মানুষের মুখে একরকম লাগে না। কথা বললে লোক চেনা যায়। বিখ্যাত সাহিত্যিক বিনয় মুখোপাধ্যায় (যাযাবর) বলেছেন, 'মানুষের পরিচয় লুকিয়ে থাকে তার জিহ্বার নিচে।' যে কারণে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের জিহ্বার ব্যবহারে সদা সতর্ক ও সংবেদনশীল থাকতে হয়। অতি আত্মবিশ্বাস ও অতি প্রগলভতায় অনেক সময় ভুল বার্তা পায় মানুষ। এ ব্যাপারে নাম এবং বদনাম দুটোই অর্জন করেছেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা।

সে যাই হোক, নামের কথা বলছিলাম। সন্তান, প্রতিষ্ঠান, প্রকল্প: যে কোনো কিছুর নামকরণই গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে পিতা-মাতা বা কর্তাব্যক্তির পছন্দ অগ্রাধিকার পেয়ে থাকে। তারা অযোগ্য-অদক্ষ হলেও, তাদের আবেগ-অনুভূতিকে সম্মান জানানো হয়। তবে ব্যক্তি বা প্রতিষ্ঠানের আচরণ ও কর্মকাণ্ডে নামকরণের সার্থকতা নির্ভর করে। ব্যবহারের কারণে অনেক সময় অর্থও পাল্টে যেতে পারে। আরবি নাম মীর জাফরের অর্থ সৎ শাসক, কৃতী ব্যক্তিত্ব, ন্যায়পরায়ণ রাজা। অথচ, পলাশীর যুদ্ধের পর থেকে ভারতীয় উপমহাদেশে বিশ্বাসঘাতকের প্রতিশব্দ হিসেবে ব্যবহৃত হচ্ছে মীর জাফর। ভারতে 'মাওবাদী' বলতে প্রশাসন বোঝে 'সন্ত্রাসী'। সাধারণ জনগণের মধ্যে রয়েছে ভীতি ও মিশ্র অনুভূতি। একই নামের গ্রুপ একসময় নেপালে ছিল নিষিদ্ধ। এখন দেশটির সরকার পরিচালনা করছে মাওবাদীরা। স্থান-কাল-পাত্র ভেদেও অর্থ পাল্টে যায়।

১৯৭১ সালে মুক্তিকামীদের দমনপীড়নে নিয়মিত আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি 'রাজাকার' গঠন করে তৎকালীন পাকিস্তান সরকার। 'রাজাকার' আরবি শব্দ। এর অর্থ হচ্ছে 'স্বেচ্ছাসেবক'। মুক্তিযুদ্ধের সময় স্বেচ্ছাচারিতা ও হানাদার বাহিনীর সহযোগী হিসেবে ঘৃণ্য অপকর্মে লিপ্ত থাকে তারা। সেই থেকে জঘন্য গালি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে 'রাজাকার' শব্দটি। আশ্চর্যের বিষয়, স্বাধীনতার ৫৩ বছর পর, ছাত্র-জনতার অভ্যুত্থানে গালিটি শ্লেষাত্মক স্লোগান হিসেবে দ্যোতনা তৈরি করেছে। কোটাবিরোধী আন্দোলনকারীদের রাজাকারের নাতিপুতি বলে তুচ্ছ-তাচ্ছিল্য করেন শেখ হাসিনা। এতে বিক্ষোভে-বিদ্রূপে ফেটে পড়ে শিক্ষার্থীরা। তারা স্লোগান দেয়-'তুমি কে আমি কে/ রাজাকার রাজাকার', 'কে বলেছে কে বলেছে/স্বৈরাচার স্বৈরাচার'। বিদ্যুৎগতিতে ছড়িয়ে পড়ে এর প্রভাব। সরকার সমর্থকরা ছি ছি বলে নাক সিটকোয়। নিজেদের যারা রাজাকার বলতে পারে, তারা কেমন মেধাবী? তাদের কাছে ভালো কিছু আশা করা যায় না। বিপরীতে আন্দোলনকারী ও তাদের সমর্থকরা বলেন, ফ্যাসিস্ট সরকার তাদের ভাষা বুঝতে ব্যর্থ হয়েছে। অথবা, ব্যঙ্গ-বিদ্রূপ না বোঝার ভান করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে জনগণের কাছে হেয় করতে চাইছে।



কেননা, গত দেড় দশকে গণজাগরণ মঞ্চ ছাড়া কোনো আন্দোলনই সফলতার মুখ দেখেনি। সেটিও শেখ হাসিনার অনুমোদিত আন্দোলন ছিল বলে সমালোচনা আছে। নিত্যপণ্য বা গ্যাস-বিদ্যুতের মূল্য বৃদ্ধির প্রতিবাদ জানালেও 'রাজাকার' ট্যাগ লাগিয়ে দেওয়া হতো শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনামলে। গণতন্ত্র ও সুষ্ঠু নির্বাচনের দাবি জানালে 'উন্নয়নবিরোধী বিএনপি-জামায়াত' পরিচিতি দিয়ে নাজেহাল করা হতো আন্দোলনকারীদের। দুটি ভিন্ন আদর্শের দল হলেও পরিকল্পিতভাবে ফ্যাসিস্ট সরকার একই তকমা লাগিয়ে দেয় গণমাধ্যমের সহযোগিতায়। পছন্দ না হলেও অব্যাহত প্রচারণার ফলে 'বিএনপি-জামায়াত' একসঙ্গে বলতে বাধ্য হয় সাধারণ মানুষ। আওয়ামী লীগ সরকারের পৃষ্ঠপোষকতায় জাতির গৌরবের 'মুক্তিযুদ্ধ' নিয়ে যথেচ্ছ বাণিজ্য করে হাইব্রিড অর্বাচিনরা। এর মধ্যে ফুলেফেঁপে ওঠে ভুঁইফোঁড় রাজনীতিবিদ, সুবিধাবাদী পেশাজীবী, ফটকা ব্যবসায়ী, টাউট বুদ্ধিজীবী, দলদাস সাংস্কৃতিক ব্যক্তিরা। এ সময় মুক্তিযুদ্ধ নিয়ে নিম্নমানের প্রচুর বই, সিনেমা, নাটক, ম্যুরাল বানানো হয় জনগণের টাকায়। স্বাধীনতা সংগ্রামে দলটির একক কৃতিত্ব, এক নেতার ক্যারিশমা প্রতিষ্ঠিত করতে গিয়ে ইতিহাস বিকৃতি ঘটায় হাসিনা সরকার। অন্যদের ভূমিকা আড়াল করতে নতুন নতুন গল্পগাছা প্রচার করা হয় দেশি-বিদেশি গণমাধ্যমে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, গুম-খুন, ভোটের নামে প্রহসন, বেপরোয়া ক্ষমতাসীন দল, গণতন্ত্রহীন দুঃশাসনে এসব আর সাধারণ মানুষ নিতে পারছিল না। জনগণের কাছে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধকে সিনেমা-নাটকের মতো অবাস্তব করে

এরপর ১৬ পৃষ্ঠায়



> শব্দটির মানের চরম অবনতি ঘটেছে গত এক দশকে। এর বিপরীতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'ভুয়া' স্লোগানটি বেশ জনপ্রিয় হয়ে ওঠে। তবে, এ দেশে জনপ্রিয়তা অর্জনে এবং হারাতে সময় লাগে না। সবই ঘটে বাংলা সিনেমার মতো অসম্ভব দ্রুততায়। আজ যা সংস্কার, কাল হয়তো তাই কুসংস্কার। সংস্কারের নামে সংসার সাজিয়ে বসলে জনতা পছন্দ করে না। অস্থির প্রকৃতির লোকজনও আশা করে তার অভিভাবক হবে ধীরস্থির। পরিমিতিবোধে অনন্য থেকে অন্যদের জন্য কাজ করবে। কোটাবিরোধী আন্দোলন থেকে গড়ে ওঠা জাতীয় ঐক্য ভবিষ্যতে কোনো খোটা খাবে না বলে প্রত্যাশা করে নতুন দিনের বাংলাদেশ

# ট্রাম্প যেভাবে অভিবাসীদের জীবন হুমকিতে ফেলছেন

রবার্ট রাইশ

পেনসিলভানিয়ার বাটলারে সমাবেশে বক্তৃতা দেওয়ার সময় হত্যাচেষ্টার হাত থেকে প্রথম প্রাণে বেঁচে গিয়েছিলেন ট্রাম্প। এর ঠিক দুই মাসের মাথায় দ্বিতীয়বারের মতো হত্যাচেষ্টা থেকে বাঁচলেন তিনি। এবারের ঘটনা ঘটেছে গত রোববার। ঘটনাস্থল ফ্লোরিডার ওয়েস্ট পাম বিচে ট্রাম্পের নিজস্ব গলফ ক্লাব।



প্রথম হত্যাচেষ্টার পর ট্রাম্প জনতার উদ্দেশে বলেছিলেন, 'তারা শুধু আমার পেছনে লাগেনি, তারা আপনার পেছনেও লেগে আসছে। তবে আমি আমার পথে অবিচল আছি।'

ট্রাম্প 'তারা' বলতে যাদেরই বুঝিয়ে থাকুন না কেন, কারোরই আক্রমণ করার অধিকার নেই। গণতন্ত্রে সহিংসতার কোনো স্থান নেই। একই সঙ্গে সহিংসতার হুমকি দেওয়ারও কোনো স্থান নেই।

সহিংসতার হুমকি ছড়ানো প্রসঙ্গে বলতে গিয়ে গত সপ্তাহে ওহাইওর স্প্রিংফিল্ডে অনুষ্ঠিত বিতর্ক অনুষ্ঠানে ট্রাম্পের একটি বিতর্কিত দাবির কথা মনে পড়ল। সেখানে তিনি দাবি করেছেন, 'হাইতি থেকে যুক্তরাষ্ট্রে আসা অভিবাসীরা কুকুর খেয়ে ফেলছেন...বিড়াল খেয়ে ফেলছেন। তাঁরা যেখানে থাকেন, সেখানকার বাসিন্দাদের পোষা কুকুর-বিড়ালসহ সব পোষ্য প্রাণী ধরে ধরে খেয়ে ফেলছেন।'

ট্রাম্পের এই বক্তব্যের পর ইন্টারনেটে নানা ধরনের হাস্যকৌতুক চলছে। এই নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে হাজার হাজার হাস্যকর মিম ও প্যারোডি গান ভেসে বেড়াচ্ছে।

কিন্তু এটি কোনো হাসির বিষয় নয়। কারণ, ট্রাম্প হাইতি থেকে আসা অভিবাসীদের বিরুদ্ধে যে অভিযোগ তুলেছেন, তা ইতিমধ্যেই ওই অভিবাসীদের সহিংসতার মুখে ফেলে দিয়েছে।

পুলিশ জানাচ্ছে, গত সপ্তাহান্তে স্প্রিংফিল্ডের দুটি হাসপাতালে বোমা বিস্ফোরণ হতে পারে, এমন খবর আসে। এরপর হাসপাতাল দুটি সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়।

আরও কয়েকটি হুমকির পরিপ্রেক্ষিতে স্প্রিংফিল্ডের কর্মকর্তারা কয়েকটি সরকারি ভবন বন্ধ করতে বাধ্য হয়েছেন। ট্রাম্প-সমর্থকদের বোমা হামলার হুমকির পর সেখানে দুটি প্রাথমিক বিদ্যালয় খালি করে দ্রুত শিক্ষার্থীদের অন্যত্র পাঠিয়ে দেওয়া হয়। একটি মাধ্যমিক বিদ্যালয় সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হয়েছে।

রিপাবলিকান পার্টির মনোনীত ভাইস প্রেসিডেন্ট প্রার্থী জেডি ভ্যান্স প্রথমে স্প্রিংফিল্ডে হাইতিয়ানদের সম্পর্কে ভিত্তিহীন গুজব ছড়ানো শুরু করেন। তাঁর হাইতিয়ান-বিদ্বেষী কথাবার্তার পর 'ব্লাড ট্রাইব' নামের একটি নব্য-নাৎসি গ্রুপের সদস্যরা যুদ্ধক্ষেত্রের বর্ম পরে, বন্দুক হাতে নিয়ে নব্য-নাৎসি পতাকা বহন করে শহরে মিছিল করেন।

গত ২৭ আগস্ট স্প্রিংফিল্ডের টাউন হল মিটিংয়ে রিপাবলিকান পার্টির একজন নেতা দাবি করেছেন, শহরটি 'অধঃপতিত তৃতীয় বিশ্বের' লোকেরা দখল করেছেন। তিনি অনুপ্রবেশের জন্য ইহুদি লোকদের দায়ী করেছেন এবং লোকদের সতর্ক করে বলেছেন, 'আপনি যত হাইতিয়ানকে এখানে আসার অনুমতি দেবেন, তত অপরাধ ও বর্বরতা বাড়বে।'

স্প্রিংফিল্ডের হাইতিয়ান অভিবাসীরা বলছেন, তাঁরা ভয় পাচ্ছেন। কেউ কেউ স্থানীয় ব্যক্তিদের আক্রমণের ভয়ে তাঁদের সন্তানদের স্কুলে না পাঠিয়ে ঘরবন্দী করে রেখেছেন। অনেকে রাস্তায়, গাড়িতে বা দোকানপাটে হয়রানির শিকার হচ্ছেন বলে অভিযোগ করছেন।

স্প্রিংফিল্ডে গত বছর একজন হাইতিয়ান অভিবাসীর গাড়ি একটি স্কুলবাসে ধাক্কা লাগার পর একজন স্কুলছাত্র মারা গিয়েছিল। ওই শিশুর বাবা-মা ট্রাম্প ও ভ্যান্সের প্রতি আবেদন জানিয়েছেন, যেন তাঁরা তাঁদের মৃত ছেলেকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা বন্ধ করেন।

কিন্তু ট্রাম্প ও ভ্যান্স থামছেন না। তাঁরা দ্বিগুণ বেগে ঘৃণা ছড়ানো বক্তব্য দিয়ে যাচ্ছেন। গত রোববার ট্রাম্পের জীবননাশের চেষ্টার আগে ভ্যান্স সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারে বলেছিলেন, 'হাইতিয়ানরা যে স্প্রিংফিল্ডের বাসিন্দাদের পোষা প্রাণী ধরে খেয়ে ফেলেন, সেই দাবি আমার ভোটারদের কাছ থেকেই প্রথম এসেছে।'

সাক্ষাৎকার গ্রহণকারী ডানা বাশ যখন তাঁকে মনে করিয়ে দিচ্ছিলেন, এসব দাবি বোমার হুমকির কারণ হয়েছিল, তখন বিরক্ত হয়ে ভ্যান্স তাঁকে 'ডেমোক্র্যাটদের প্রচারক' বলে আখ্যায়িত করে বসেন। তবে সত্যটা হলো, আসলেই তাঁদের এই দাবির সঙ্গে বোমা হুমকির যোগসূত্র আছে।

ট্রাম্প বা ভ্যান্সের বিষয়ে নেতিবাচক মন্তব্য করার বদলে আসুন, তাঁদের দাবিগুলো পর্যালোচনা করে দেখি। বিতর্কের আগে ট্রাম্প তাঁর নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে কৃত্রিম বুদ্ধিমত্তার সহায়তায় বানানো দুটি ছবি পোস্ট করেছিলেন।

একটি ছবিতে দেখা যাচ্ছে, একটি বিড়াল সামরিক পোশাক পরে হাতে একটি অ্যাসল্ট রাইফেল ধরে আছে। বিড়ালটির মাথায় ট্রাম্পের স্লোগান 'মাগা' ('মেক আমেরিকা গ্রেট এগেইন' স্লোগানের সংক্ষিপ্ত রূপ) লেখা একটি টুপি।

অন্য ছবিতে দেখা যাচ্ছে, ট্রাম্প একটি বিমানের ভেতরে বসে আছেন; তাঁকে বিড়াল ও হাঁস ঘিরে আছে।

ট্রাম্প এখন স্প্রিংফিল্ডে সমাবেশ করবেন বলে ঘোষণা দিয়েছেন। গত শুক্রবার এক সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেছেন, 'আমরা এই লোকগুলোকে বের করে দেব।'

স্প্রিংফিল্ডে যে হাইতিয়ান অভিবাসীরা থাকেন, তাঁদের বৈধ নাগরিকত্ব থাকার পরও ট্রাম্প তাঁদের ব্যাপারে বলেছেন, তিনি পুনরায় নির্বাচিত হলে তাঁদের

এরপর ২০ পৃষ্ঠায়



> তাঁর এই কথা মূলত অ্যাডলফ হিটলারের উদ্ধৃতি থেকে নেওয়া। প্রচারাভিযানে জয়লাভ করার শেষ চেষ্টা হিসেবে ট্রাম্প ও ভ্যান্স অভিবাসী-বিদ্বেষীদের আরও সহিংস হয়ে ওঠার জন্য তাগিদ দিয়ে যাচ্ছেন। ১০ সেপ্টেম্বর ভ্যান্স তাঁর সমর্থকদের বিড়ালের মিমগুলোকে সামাজিক যোগাযোগমাধ্যমে আরও বেশি করে পোস্ট করতে বলেছেন। মজার ব্যাপার হলো, তাঁরা তাঁদের নিজেদের দেশের মানুষকে বিপন্ন করে বিড়াল রক্ষায় প্রচারণা চালাচ্ছেন। আমি আবার বলছি, আমাদের গণতন্ত্রে সহিংসতা বা সহিংসতার হুমকির কোনো জায়গা নেই। ট্রাম্পের ওপর গত রোববার দ্বিতীয়বার যে হত্যাচেষ্টা হয়েছে, সম্পূর্ণরূপে ঘৃণ্য। এটি স্বীকার করে নিয়েই বলছি, এটি সেই ঘৃণাভরা রাজনীতির একটি উপসর্গ, যা ট্রাম্প ও ভ্যান্স উগরে দিচ্ছেন

# হাসিনা আর ফিরবেন না

আলফাজ আনাম



গণঅভ্যুত্থানের মুখে পালিয়ে যাওয়া স্বৈরশাসকদের সে দেশের রাজনীতিতে ফিরে আসার তেমন কোনো নজির নেই। বাংলাদেশে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মুখে স্বৈরশাসক শেখ হাসিনা পালিয়ে গেছেন। এর মধ্য দিয়ে তিনি শুধু তার রাজনৈতিক মৃত্যু ডেকে আনেননি, তার দল আওয়ামী লীগেরও রাজনৈতিক মৃত্যু হয়েছে।

দিল্লির সমর্থনে হাসিনার দেড় দশকের স্বৈরশাসন টিকে ছিলো। প্রতিবেশী দেশটিতে আশ্রয় নেয়ার কারণে এখনও তার ফিরে আসা নিয়ে আলোচনা হয়। সম্প্রতি হাসিনার কথোপকথনের বেশ কয়েকটি অডিও প্রকাশ হয়েছে। সেখানে তার কণ্ঠে এমন কথা শোনা গেছে, তিনি বাংলাদেশের সীমান্তের কাছাকাছি অবস্থান করছেন। চট করে দেশে ফিরবেন বলে তার দলের এক কর্মীর সাথে আলাপে জানিয়েছেন। এসব অডিও কথোপথনের সত্য-মিথ্যা যাচাই-বাছাই করা সম্ভব নয়। শেখ হাসিনার অতীত রাজনীতি প্রমাণ করে না- তিনি খুব সাহসী রাজনীতিক ছিলেন। বরং তার রাজনৈতিক জীবন ছিলো আপোসকামিতা ও পলায়নের।

শেখ হাসিনার চেয়েও কম নৃশংস স্বৈরশাসকরা দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার পর আর কখনো দেশে ফিরতে পারেননি। ইরানের মোহাম্মদ রেজা শাহ পাহলভী দোর্দণ্ড প্রতাপের সাথে দেশ শাসন করেছেন। ইরানকে একটি আধুনিক রাষ্ট্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে তার অবদান কম নয়। তিনি সে সময় মধ্যপ্রাচ্যের দেশগুলোর শাসকদের মধ্যে পশ্চিমাদের সবচেয়ে ঘনিষ্ঠ মিত্র ছিলেন। ১৯৭৯ সালে দেশ ছেড়ে যাওয়ার পর রেজা শাহ আর ইরানে ফিরে আসতে পারেননি। মিশর, মরক্কো, মেক্সিকো থেকে বাহামাসহ নানা দ্বীপ দেশে বাস করে শেষ পর্যন্ত মারা যান মিশরে। এমনকি যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা অনেক দেশ তার যথ যথ চিকিৎসা সেবা দিতেও রাজি ছিলো না।

উগান্ডার স্বৈরশাসক ইদি আমিন ১৯৭৯ সালে পালিয়ে এসেছিলেন সৌদি আরবে। ২০০৩ সালের আগস্টে সেখানে তার মৃত্যু হয়। আরব বসন্তের সময় ২০১১ সালে তিউনিসিয়া থেকে পালিয়ে সৌদি আরবে আশ্রয় নিয়েছিলেন বেন আলী। তিউনিসিয়ায় বিক্ষোভকারীদের হত্যা, মানিলন্ডারিং ও মাদক পাচারের অভিযোগে তার যাবজ্জীবন কারাদণ্ড হয়। দণ্ড মাথায় নিয়ে ২০১৯ সালে সৌদি আরবে মৃত্যু হয় তিউনিসিয়ার স্বৈরশাসক বেন আলীর।



মাত্র তিন বছর আগে ২০১৪ সালে দেশ ছেড়ে পালিয়ে যান আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গানি। তালেবানদের সশস্ত্র প্রতিরোধ আন্দোলনের মুখে যুক্তরাষ্ট্রের সেনা প্রত্যাহারের সাথে সাথে আশরাফ গানি হেলিকপ্টার নিয়ে আরব আমিরাতে পালিয়ে যান। যুক্তরাষ্ট্রের সেনারা তার নিরাপত্তা নিশ্চিত করতে কোনো ব্যবস্থা পর্যন্ত নেয়নি। এখন আশরাফ গানি কোনো আলোচনাতেই নেই। তিনি আর কখনো আফগানিস্তানে ফিরে আসবেন এমন কল্পনাও করা যায় না।

স্বৈরশাসকরা দেশ ছাড়ার পর দেশে ফিরে আসার কথা আর কখনো ভাবেন না। তারা জানেন, এর পরিণতি কী হতে পারে। এমনকি তাদের পরবর্তী প্রজন্ম দেশে ফিরে রাজনীতিতে জড়াননি। একমাত্র ব্যতিক্রম দেখা যাচ্ছে ফিলিপাইনের ফার্ডিনান্ড মার্কোসের পুত্রের ক্ষেত্রে। স্বৈরশাসক ফার্ডিনান্ড মার্কোস গণঅভ্যুত্থানের মুখে ১৯৮৬ সালে ক্ষমতা ছাড়তে বাধ্য হন। ১৯৮৯ সালের সেপ্টেম্বরে যুক্তরাষ্ট্রে তিনি মারা যান। তার পুত্র বংবং মার্কোস ফিলিপাইনের রাজনীতিতে আবার ফিরে এসেছেন।

শেখ হাসিনার পিতা শেখ মুজিবুর রহমানও ছিলেন একজন স্বৈরশাসক। বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দেয়ার কারণে তার আকাশছুঁই জনপ্রিয়তা থাকার পরও ১৯৭৩ সালে দেশের প্রথম পার্লামেন্টে নির্বাচনে তিনি বিরোধী দলের অস্তিত্ব মেনে নেননি। স্বাধীন বাংলাদেশের প্রথম নির্বাচনটি ছিলো ভোট ডাকাতির নির্বাচন। এরপর তিনি একদলীয় শাসন কায়েম করেন। প্রধানমন্ত্রী থেকে নিজে প্রেসিডেন্ট হয়ে উঠেন। শেখ মুজিবুর রহমানের একদলীয় শাসন কায়েমের পেছনে তখনও ভারত এবং রাশিয়ার জোরালো সমর্থন ছিলো। একদলীয় শাসন কায়েমের মধ্যদিয়ে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের পথ রুদ্ধ করেন শেখ মুজিবুর রহমান। এর অনিবার্য পরিণতি হিসেবে সেনা অভ্যুত্থানে তিনি ও তার পরিবারের অধিকাংশ সদস্য মৃত্যুবরণ করেন।

পিতার মৃত্যুর সময় শেখ হাসিনা ছিলেন তৎকালীন পশ্চিম জার্মানিতে। এরপর তিনি চলে আসেন দিল্লিতে। থাকেন ভারত সরকারের আশ্রয়ে। শেখ হাসিনা তার পিতার মৃত্যুর পর দলকে পুনর্গঠিত করার জন্য ঝুঁকি নিয়ে দেশে ফেরেননি। সে সময় আওয়ামী লীগ নানাভাবে বিভক্ত ছিলো। শেখ হাসিনা দেশে ফেরেন প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আগ্রহে, ১৯৮১ সালের ১৭ মে। তিনি দেশে ফেরার ১৩ দিনের মাথায় সেনা অভ্যুত্থানে মারা যান প্রেসিডেন্ট জিয়াউর রহমান। জিয়াউর রহমান শুধু শেখ হাসিনাকে দেশে ফেরার সুযোগ দেননি, বরং আওয়ামী লীগকে রাজনীতিতে ফিরে আসার পথ করে দিয়েছিলেন। জিয়াউর রহমান না চাইলে শেখ হাসিনা সে সময় দেশে ফিরতেন কিনা তা নিয়ে সন্দেহ আছে। সত্যিকার অর্থে জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠার ব্যাপারে ছিলেন আগ্রহী। জিয়াউর রহমানের সময়

এরপর ২০ পৃষ্ঠায়

> প্রকৃতপক্ষে সেনাবাহিনীর তড়িৎ সিদ্ধান্তে তিনি প্রাণে বেচেঁছেন। দেশের মানুষ তো বটে, তার দলের নেতাকর্মীদের মুখোমুখি হওয়ার মতো সাহস আর শেখ হাসিনার নেই। শেষ পর্যন্ত তিনি দলের নেতাকর্মীদের জনগণের মুখোমুখি দাঁড় করিয়েছিলেন। তাদের হাতে অস্ত্র তুলে দিয়ে চেষ্টা করেছেন গৃহযুদ্ধের পরিস্থিতি সৃষ্টির। তিনি শুধু নৃশংস শাসক ছিলেন না একই সাথে ছিলেন ভীরু, পলায়নপর ও লোভী রাজনীতিক। প্রতিহিংসা চরিতার্থ করা ছিলো তার রাজনীতির লক্ষ্য। বিশ্বের অন্য স্বৈরশাসকদের পরিণতি থেকে তার পরিণতি ব্যতিক্রম হওয়ার কোনো সম্ভবনা নেই। তার শেষ আশ্রয়স্থল ভারত। এমনকি পশ্চিমা বিশ্বের কোনো গণতান্ত্রিক দেশ তাকে আশ্রয় দেবে- এমনটি বিশ্বাস করার কোনো কারণ নেই




বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৪
BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
২৭ অক্টোবর নির্বাচনে
রুহুল-জাহিদ
পরিষদ
B1
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
PRESIDENT
B4
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
JAHID MINTO
GENERAL SECRETARY
FARUK CHOUDHURY
SENIOR VICE PRESIDENT
AMINUL ISLAM CHOWDHURY
VICE PRESIDENT
SARWOR KHAN BABU
ASST. GENERAL SECRETARY
NOASHED HOSSAIN
TREASURER
MD. SAADI MINTU
ORGANIZING SECRETARY
MANIKA ROY CHOWDHURY
CULTURAL SECRETARY
NADIR AHMED AYUB
SOCIAL WELFARE SECRETARY
ROMANA AHMED
LITERARY SECRETARY
ALAMGIR HOSSAIN
SPORTS & ENT. SECRETARY
SHAHANAZ HOSSAIN
SCHOOL & EDUCATION SECRETARY
ABDUR RAB MIA
EXECUTIVE MEMBER
MD. TAJU MIAH
EXECUTIVE MEMBER
NAZRUL ISLAM
EXECUTIVE MEMBER
RAFIQUL ISLAM DALIM
EXECUTIVE MEMBER
MD. SAIFUL ISLAM
EXECUTIVE MEMBER
PLEASE VOTE FOR RUHUL-JAHID PANEL
রুহুল-জাহিদ পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
রুহুল-জাহিদ পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL
প্রচারেঃ রুহুল-জাহিদ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি


BANGLADESH SOCIETY INC,
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
ELECTION 2024
২৭ অক্টোবর, ২০২৪
ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার
লক্ষ্যে জনকল্যাণে পরীক্ষিত সৎ ও নিষ্ঠাবান
ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
S.M. Ataur Salim President
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali, General Secretary
সেলিম-আলী
পরিষদে ভোট দিন
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
MOSTOFA ANIK RAJ
CULTURAL SECRETARY CANDIDATE
ভোট দিয়ে
জয়যুক্ত করুন
Ballot no:
A8
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি



Presented by:
Powered by:
Grand Sponsor:
FAUMA INNOVATIVE
GOLDEN AGE HOME CARE
SARAH's CARE USA HOME CARE
AB ANANDO BARTHA
আনন্দবার্তার ৫ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে
আনন্দ সন্ধ্যা
Grand Sponsor
Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
THE BARI GROUP
ALL COUNTY HEALTH CARE
Referral Services of New York
হোম কেয়ার
HASSAN ZILANI
DONNA HASSAN
Community Activist
KIM & ASSOCIATION P.C.
ATTORNEYS AT LAW
Accident Case
Your Dream Home Care
TAREQ HASAN KHAN
CEO
GLOBAL MS Inc
Rano Nawaz
Trinia Hasan
Kamruzzaman Bakul
Nazu Akhand
Anik Raj
Sheikh Neelima Shoshi
Gold Sponsor
Moin Choudhury, Esq.
Attorney at Law
917-282-9256
WELCOME TO JACKSON HEIGHTS
KHALIL BIRYANI HOUSE
Blue Green
Syed Mustaquim & Rabu.
Queens Palace
MORSHED A HOQUE
917-561-9563
AHSAN HABIB
Community Activist
Duke Khan
DK1 Development
917 783 5499
Isteak Rumi
President
The Rush Express Inc.
Abdur Rashid Babu
Community Activist
GOURANGA ROY
Community Activists
নুরুল আমিন বাবু
সিইও
সাইমন মাল্টি সার্ভিস
Auto Body Shop
MACK (CEO)
Immigrant ElderHome Care LLC
Title Sponsor:
Dulal Behedo
President
Dhaka Zilla Association USA Inc.
BOSS Driving School Inc.
Tel: 646-991-8653, 718-406-9429
SOUND GEAR
347-731-7153
Jahangir Alam Joy
President & CEO
September 21st 2024
Venue: Queens Palace
37-11 57th St, Woodside, NY 11377
Time : 7.00 pm to 12.00 am
For more Information : (646) 512-8551
Presenter:
Mithu, Sharmina Shiraz & Dulal
Media Pertnar
CHANNEL i
TIME television
সার্বিক সহযোগিতায়:
MAA FOUNDATION USA
Non Profit 501(c)3
আজকাল
বাংলা পোস্ট

# সংস্কারে জনআকাঙ্ক্ষা পূরণ হোক

> বিভিন্ন ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ অন্তর্বর্তী সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি করতে বিভিন্ন উন্নয়ন সহযোগীদের কাছ থেকে বাজেট সাপোর্ট চাওয়া হয়েছে। এর মধ্যে আন্তর্জাতিক মুদ্রা তহবিল থেকে অতিরিক্ত ৩ বিলিয়ন, বিশ্বব্যাংক থেকে অতিরিক্ত ১ বিলিয়ন, জাইকা থেকে অতিরিক্ত ১ বিলিয়ন মার্কিন ডলার প্রদানের অনুরোধ জানানো হয়েছে। পাইপলাইনে থাকা ৪৮ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক সহায়তা ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে। মেগা প্রকল্পের নামে লুটপাট বন্ধের পাশাপাশি স্বাস্থ্য ও শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পেঁয়াজ, আলুর দাম আরও কমাতে শুল্কহার হ্রাসের উদ্যোগ নেওয়া হয়েছে। জনআকাঙ্ক্ষার বহুল প্রত্যাশিত সংস্কারে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়িত হবে এবং তা আলোর মুখ দেখবে-এটাই সবার চাওয়া

মোতাহার হোসেন



ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর বিগত ১৬ বছরের শাসনামলের জঞ্জাল অপসারণ করে লাইনচ্যুত রাষ্ট্রযন্ত্রের ট্রেনকে সচল করে চালাতে শুরু করেছে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন সরকার। রাষ্ট্র কাঠামোর সর্বস্তরে সংস্কারের জনআকাঙ্ক্ষা বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠানে সংস্কারের কাজ শুরু হয়েছে। এ পর্যায়ে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ছয় প্রতিষ্ঠানের সংস্কারের জন্য সংশ্লিষ্ট বিষয়ে দেশের অভিজ্ঞ ছয়জন নাগরিকের নেতৃত্বে ছয়টি কমিশন গঠন করেছে সরকার। এর মধ্যে গণতন্ত্রের অন্যতম মাধ্যম হচ্ছে একটি সুষ্ঠু, অবাধ, স্বচ্ছ ও গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচন করা। কিন্তু বিগত কয়েকটি নির্বাচনে জনগণের সেই প্রত্যাশা পূরণ হয়নি। জনগণের ভোটাধিকার হরণ করা হয়েছে। এজন্য নির্বাচন কমিশন, নির্বাচন ব্যবস্থার সংস্কারের একটি কমিশন করা হয়েছে। অন্যদিকে পুলিশ প্রশাসন, বিচার বিভাগ, দুর্নীতি দমন কমিশন, জনপ্রশাসন এবং সংবিধান সংস্কারের জন্য পৃথক পৃথক কমিশন গঠনের ঘোষণা দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস। সরকার গঠনের এক মাস পূর্তি উপলক্ষে গত ১১ সেপ্টেম্বর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি এ ঘোষণা দেন।

এ সরকারের সবসময় প্রথম অগ্রাধিকার হওয়া উচিত সংশ্লিষ্ট বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করা। সংবিধান থেকে শুরু করে প্রতিটি সাংবিধানিক প্রতিষ্ঠানের সংস্কারের কাজ করতে হবে। আন্দোলনের ফলে গঠিত নতুন সরকার নিজেরা গত মাসে অনেক আন্দোলনের মুখোমুখি হয়েছে। সংখ্যালঘু নিরাপত্তা আন্দোলন, এইচএসসি পরীক্ষা বাতিল, আনসারদের আন্দোলন, পোশাক শ্রমিক আন্দোলন, রিকশাওয়ালাদের ও ডাক্তার, নার্সরা নানা দাবিতে নেমেছিল আন্দোলনে। সরকারের সঙ্গে আলোচনায় সেগুলো সুরাহা হয়। তবে নেগতিক দিকে মোড় নেয় আনসার আন্দোলন। শিক্ষার্থীরা মুখোমুখি হয়ে সে আন্দোলন প্রতিহত করে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীদের উদ্দেশে এর আগে বলেছেন, 'ছাত্র-জনতার আকাঙ্ক্ষার যে স্বপ্নের বাংলাদেশ গড়ার কাজ শুরু হয়েছে, তা শেষ না হওয়া পর্যন্ত তোমরা এর থেকে বেরিয়ে যেও না।' তিনি এ স্বপ্ন বাস্তবায়নে ছাত্রদের সার্বক্ষণিক কাজ করে যাওয়ার আহ্বান জানান।



অন্যদিকে দেশের অর্থনীতি ও বাণিজ্যের জন্য বিষফোড়া 'খেলাপি ঋণের' ব্যাপারে কার্যকর অ্যাকশন নেওয়া জরুরি। সেই লক্ষ্যে এরই মধ্যে সমস্যা চিহ্নিত করতে তা সমাধানে বিশিষ্ট অর্থনীতিবিদ ও গবেষক ড. দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি, পাচার হওয়া বিপুল পরিমাণ অর্থ দেশে ফেরত আনা, খেলাপি ঋণ দ্রুত আদায় করার পাশাপাশি যেসব ব্যাংকে সমস্যা আছে, সেগুলো পুনর্গঠন করার পরামর্শ দেবে। এরই মধ্যে কয়েকটি ব্যাংক পুনর্গঠন, পর্ষদ ভেঙে নতুন করে ঢেলে সাজানো হয়েছে। তারল্য সংকট সমাধান করা হচ্ছে। বিদেশে পাচার হওয়া অর্থ দেশে ফিরিয়ে আনার জন্য একটা টাস্কফোর্স গঠন করার প্রক্রিয়া চলছে। ব্যাংকগুলোর সংস্কারের ব্যাপারে কাজ চলছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, সংস্কারের জন্য যে ছয়টি কমিশন গঠন করা হয়েছে, সেগুলো আগামী তিন মাসের মধ্যে প্রতিবেদন দিতে পারবে বলে আশা করছে সরকার। এরপর তা নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপে যাবে সরকার। ওই সংলাপের মাধ্যমে রাজনৈতিক মতৈক্য গড়ে সংস্কার বিষয়ে সুনির্দিষ্ট অঙ্গীকার, কোনো কোনো ক্ষেত্রে সুনির্দিষ্ট সংশোধনী এনে তারপর নির্বাচনের কথা ভাবছে সরকার। এজন্য প্রথম থেকেই রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতবিনিময় করা হয়েছে। এর পর সংলাপ হবে। রাজনৈতিক দলগুলোই স্পষ্ট করেছে আগে সংস্কার, পরে তারা নির্বাচনে যেতে চায়। কাজেই আজকের দিনে বাস্তবতা ও প্রেক্ষিতও ভিন্ন। সামনে সংবিধান সংস্কারসহ বেশ কয়েকটি বড় চ্যালেঞ্জ রয়েছে এ সরকারের সামনে। রাষ্ট্র সংস্কারের রূপরেখা প্রণয়ন ও বাস্তবায়ন জরুরি। সরকার এরই মধ্যে গণঅভ্যুত্থানে শহীদের পরিবারকে পুনর্বাসন করা ও আহত শিক্ষার্থী-শ্রমিক-জনতার চিকিৎসার সম্পূর্ণ ব্যয় বহন করার দায়িত্ব নিয়েছে। আহতদের দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল চিকিৎসা এবং শহীদদের পরিবারের দেখাশোনার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হয়েছে। এ তালিকা হালনাগাদ হতে থাকবে। শহীদদের স্মৃতি ধরে রাখতে সরকার তার যাত্রালগ্নে 'জুলাই গণহত্যা স্মৃতি ফাউন্ডেশন' নামে একটি ফাউন্ডেশন গঠন করেছে। সব শহীদ পরিবার এবং আহতদের সর্বোত্তম চিকিৎসাসহ তাদের পরিবারের সম্পূর্ণ দায়িত্ব এ ফাউন্ডেশন গ্রহণ করছে। আর্থিক খাতে শৃঙ্খলা ফেরাতে ব্যাংকিং কমিশনও গঠন করা হয়েছে। বিভিন্ন ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ অন্তর্বর্তী সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি করতে বিভিন্ন উন্নয়ন সহযোগীদের কাছ থেকে বাজেট সাপোর্ট চাওয়া হয়েছে। এর মধ্যে আন্তর্জাতিক মুদ্রা তহবিল থেকে অতিরিক্ত ৩ বিলিয়ন, বিশ্বব্যাংক থেকে অতিরিক্ত ১ বিলিয়ন, জাইকা থেকে অতিরিক্ত ১ বিলিয়ন মার্কিন ডলার প্রদানের অনুরোধ জানানো হয়েছে। পাইপলাইনে থাকা ৪৮ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক সহায়তা ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে।

এরপর ৪৪ পৃষ্ঠায়

# শ্বেতপত্র থেকে জানা যাবে অনেক তথ্য

ড. জাহিদ হোসেন

নতুন সরকার দায়িত্ব গ্রহণের সময় দেশের অর্থনীতিকে ভয়াবহ বিপর্যস্ত অবস্থায় পেয়েছে। ব্যাংক খাতে সংকট, ডলার সংকট, তারল্য সংকট, গ্রাহকের আস্থার সংকট, বাজারে সংকট, বাজার ব্যবস্থাপনায় ত্রুটি, বিভিন্ন ক্ষেত্রে বহু মানুষের মূল্যবোধের সংকট-এক কথায় সর্বত্র সংকটের বিষয়েই আলোচনা হচ্ছে। এসব সংকট কাটিয়ে দেশের অর্থনীতির গতিকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার কাজটি কঠিন। এখনো দেশের অর্থনীতির নতুন নতুন ক্ষতের কথা আমরা জানতে পারছি। এসব কঠিন চ্যালেঞ্জ সফলভাবে মোকাবিলায় অন্তর্বর্তী সরকার দৃঢ়প্রতিজ্ঞ। আইনশৃঙ্খলা পরিস্থিতিকে স্বাভাবিক অবস্থায় ফেরানোর জন্যও সরকারকে বিশেষ মনোযোগ দিতে হয়েছে।

বিগত সরকারের আমলে ১৫ বছরে প্রশাসনের বিভিন্ন স্তরে নানা মাত্রায় দলীয়করণ করা হয়েছে। প্রশাসনের স্বাভাবিক কর্মকাণ্ড পুনঃপ্রতিষ্ঠার জন্য নানারকম রদবদল করতে হচ্ছে। দ্রুত সিদ্ধান্ত নেওয়ার কারণে সেসব পরিবর্তনও করতে হচ্ছে। এদিকে দীর্ঘদিনের বঞ্চনার কারণে মানুষের মনে ক্ষোভ দানা বেঁধেছিল। সেই ক্ষোভ প্রকাশের পাশাপাশি বিভিন্ন দাবিতে মানুষকে সড়কে নামতে দেখা যাচ্ছে। এতে সড়কের শৃঙ্খলা নষ্ট হচ্ছে; জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছে। সম্প্রতি পোশাক শ্রমিকরাও বিভিন্ন দাবিতে সড়কে নেমেছেন। তাদের কোনো কোনো দাবির যৌক্তিকতা থাকলেও বহু দাবির যৌক্তিকতা নিয়ে প্রশ্ন উঠেছে। চলমান শ্রমিক অসন্তোষ কতটা উসকানিমূলক কর্মকাণ্ড, সরকারকে এসব বিষয়েও সতর্ক থাকতে হচ্ছে।

সরকার দায়িত্ব গ্রহণের পরপর স্মরণকালের ভয়াবহ বন্যায় দেশের বিভিন্ন জেলায় বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে। এ প্রাকৃতিক দুর্যোগজনিত আকস্মিক এক ভয়াবহ পরিস্থিতি মোকাবিলা করতে হচ্ছে সরকারকে। বন্যা-পরবর্তী পুনর্বাসনের দিকেও সরকারকে বিশেষভাবে মনোযোগ দিতে হবে। আমরা লক্ষ করেছি, অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পরপর বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের শীর্ষপদে শূন্যতা সৃষ্টি হয়। এসব শীর্ষপদের শূন্যতা ইতোমধ্যে পূরণ করা হয়েছে এবং তা চলমান রয়েছে। বন্যা মোকাবিলাসহ আলোচিত সমস্যাগুলো মোকাবিলা করতে গিয়ে সরকারের পক্ষে বহু গুরুত্বপূর্ণ কাজের গতি বাড়ানো সম্ভব হচ্ছে না।

রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের দাবি এখন জোরালো হচ্ছে। আমরা জানি, অন্তর্বর্তী সরকার বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ। তবে মনে রাখা দরকার, এটি একটি চলমান প্রক্রিয়া। আশার কথা হলো, কোনো কোনো ক্ষেত্রে সংস্কার ইতোমধ্যে দৃশ্যমান হয়েছে। এক্ষেত্রে ব্যাংক খাত এবং জ্বালানি খাতে গৃহীত কিছু পদক্ষেপের কথা বিশেষভাবে উল্লেখ করা যায়। ব্যাংক খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য সরকারকে বিশেষ মনোযোগ দিতে হচ্ছে। বেশকটি আর্থিক প্রতিষ্ঠানের পর্ষদ পুনর্গঠনের কাজ সম্পন্ন হয়েছে। বাস্তব পরিস্থিতির বিবেচনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমে নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে। ব্যাংক খাতে গ্রাহকের আস্থা ফেরানোর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপ (গ্রাহকের সঞ্চয়ের বিপরীতে বিমা স্কিম এক লাখ টাকার পরিবর্তে দুই লাখ টাকায় উন্নীত করার সিদ্ধান্ত) প্রশংসার দাবি রাখে। বিদ্যুৎ খাতেও ইতোমধ্যে গ্রাহকবান্ধব পদক্ষেপ নেওয়া হয়েছে। বিদ্যুৎ খাতের বহুল আলোচিত দায়মুক্তি আইন স্থগিত করা হয়েছে। এই আইনের আলোকে এ খাতে নতুন কোনো চুক্তি না করার সিদ্ধান্ত বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। নির্বাহী আদেশের পরিবর্তে গণশুনানির মাধ্যমে বিদ্যুতের দাম নির্ধারণের পুরোনো প্রক্রিয়ায় ফেরত যাওয়ার বিষয়টি ইতিবাচক বলেই বিবেচিত হচ্ছে।



দেশের অর্থনীতির বর্তমান অবস্থার প্রকৃত স্বরূপ উন্মোচনের জন্য শ্বেতপত্র প্রকাশের লক্ষ্যে সরকার একটি কমিটি করেছে। এ কমিটি ইতোমধ্যে দুবার মিটিং করেছে। আশা করা যায়, কমিটি নির্ধারিত ৯০ দিনের মধ্যেই প্রতিবেদন চূড়ান্ত করতে সক্ষম হবে। শ্বেতপত্রের মাধ্যমে বর্তমান সরকারের কাছে স্পষ্ট হবে কী ধরনের উত্তরাধিকারের অর্থনীতিতে তাদের কাজ করতে হবে। সেই ভিত্তিভূমি নিরূপণ করাই শ্বেতপত্র প্রণয়ন কমিটির কাজ। শ্বেতপত্রে প্রধান কয়েকটি বিষয়ে আলোকপাত করার কথা রয়েছে। যেহেতু শ্বেতপত্রে সামষ্টিক অর্থনীতির পাশাপাশি খাতওয়ারি পরিস্থিতিও পর্যালোচনা করা হবে, সেহেতু তা প্রকাশের পর শিক্ষা, স্বাস্থ্য, জ্বালানি, ব্যাংকিং, কর আহরণ, অর্থ পাচার, মেগা প্রকল্প, দারিদ্র্য ও বৈষম্য-এসব বিষয়ে বহু গুরুত্বপূর্ণ তথ্য জানা যাবে। আশা করা যায়, এসব তথ্য পরবর্তী সময়ে সরকারের বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে।

আমরা জানি, নতুন সরকারের সামনে অনেক চ্যালেঞ্জ। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় বেশকিছু কমিটি করে দেওয়া হয়েছে। কমিটিগুলোর প্রতিবেদনের আলোকে সরকার পরবর্তী সিদ্ধান্ত নেবে। আমরা এটাও জানি, বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নানারকম পদক্ষেপ নেওয়া হবে। এসব কর্মযজ্ঞের পাশাপাশি কিছু বিষয়ে সরকারকে এখনই জরুরি ভিত্তিতে পদক্ষেপ নিতে হবে। এর মধ্যে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের বিষয়টি বিশেষভাবে উল্লেখযোগ্য। বস্তুত মূল্যস্ফীতিজনিত সমস্যা সমাজের সব শ্রেণির মানুষের উদ্বেগ বাড়িয়ে দেয়। তবে এ নিয়ে বেশি চিন্তিত স্বল্প ও সীমিত আয়ের মানুষ। মূল্যস্ফীতি নিয়ে নানা তথ্য আমরা পেয়ে থাকি। জানা যায়, কখনো কখনো প্রকাশিত তথ্যের চেয়ে মূল্যস্ফীতিজনিত প্রকৃত সমস্যা

এরপর ২০ পৃষ্ঠায়






> আমদানি পণ্যের ক্ষেত্রে নিয়মনীতি শিথিল করা, যা ইতোমধ্যে শুরু হয়েছে, তার পরিধি আরও বাড়ানোর পদক্ষেপ নেওয়া দরকার। আমদানি পণ্যের ক্ষেত্রে যাতে কোনো আমদানিকারকের একক আধিপত্য না থাকে, এটাও নিশ্চিত করা দরকার। এক্ষেত্রে প্রতিযোগিতার সুযোগ বাড়ানোর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি নতুন প্রতিযোগীদের টিকে থাকার বাধা দূর করার পদক্ষেপ নেওয়াও জরুরি। আমদানির সঙ্গে বিভিন্ন পণ্যের উৎপাদনের বিষয়টি সরাসরি জড়িত। কাজেই আমদানির জন্য ডলারের পর্যাপ্ত জোগান নিশ্চিত করতে হবে। বাজারকেন্দ্রিক চাঁদাবাজিসহ বিভিন্ন ক্ষেত্রে চাঁদাবাজি বন্ধ করার পদক্ষেপ নিতে হবে জরুরি ভিত্তিতে। এসব সমস্যার টেকসই সমাধানে ব্যবসার পরিবেশের উন্নতির জন্যও কার্যকর পদক্ষেপ নিতে হবে

# এসব অপরাধের বিচার হবে কি?

ড. মাহবুব উল্লাহ্

পাকিস্তানে গণতন্ত্রের অবরুদ্ধ দশা নতুন কোনো কাহিনি নয়। দেশটিতে জনগণ বিচ্ছিন্নভাবে গণতান্ত্রিক অধিকারের জন্য লড়াই করে চলছে। পাকিস্তানে দৃশ্যত যখন 'নির্বাচিত' সরকার ক্ষমতায় থাকে, তখনো অদৃশ্য সামরিকতন্ত্র জারি থাকে। পাকিস্তানের এ সমস্যা নিয়ে এর এক সময়কার প্রধানমন্ত্রী ও পাকিস্তান মুসলিম লীগের (নওয়াজ) নেতা নওয়াজ শরিফ ডিপ স্টেটের কথা বলেছিলেন। অর্থাৎ রাষ্ট্রের গভীরেও একটি রাষ্ট্র রয়েছে, যে রাষ্ট্র নেপথ্য থেকে কলকাঠি নাড়ে, জোর-জবরদস্তি চালায় এবং ঘটনাচক্রে বিদ্যমান সরকারের পতন ঘটায় এবং ভিন্ন একটি সরকারকে ক্ষমতার কুরসিতে বসায়। পাকিস্তানে জেনারেল পারভেজ মোশাররফই ছিলেন সর্বশেষ প্রকাশ্য সামরিক শাসক। এরপর থেকে সামরিকতন্ত্র নানাভাবে হস্তক্ষেপ করে আসছে। ভোটের ফলাফল প্রভাবিত করা থেকে শুরু করে বহু ধরনের গর্হিত কাজে এ সামরিকতন্ত্র জড়িত। কেউ কেউ মনে করেন, এভাবে দেশের রাজনীতির ওপর ডিপ স্টেট বা লুকায়িত সামরিকতন্ত্র হস্তক্ষেপ চালিয়ে যেতে থাকলে পাকিস্তান রাষ্ট্রটির অস্তিত্ব বিপন্ন হতে পারে। সাম্প্রতিককালে ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফকে পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের ক্ষমতা থেকে দূরে রাখার জন্য হেন অপকৌশল নেই, যা পাকিস্তানের ডিপ স্টেট অবলম্বন করেনি। ইমরান খানকে এবং তার দলের অনেক নেতা ও কর্মীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। আদালতে কিছু মামলায় সাজা দেওয়া হয়েছে এবং কিছু মামলায় অভিযুক্তদের খালাস দেওয়া হয়েছে। ইমরান খান এখনো বন্দি আছেন। তার স্ত্রীকেও অবৈধ বিয়ের অভিযোগে গ্রেফতার করা হয়েছিল। একই অভিযোগ ইমরান খানের বিরুদ্ধেও ছিল। আদালত থেকে স্বামী-স্ত্রী দুজনই এ অভিযোগ থেকে খালাস পেয়েছেন। কথা আছে, ইমরান খান যখন পাকিস্তানের প্রধানমন্ত্রী পদে বরিত হয়েছিলেন, তখনো এতে ডিপ স্টেটের খেলা জড়িত ছিল। ইমরান খান অনুক্তভাবে মার্কিনবিরোধী অবস্থান গ্রহণের ফলে মার্কিনিরা ডিপ স্টেটের ওপর প্রভাব খাটিয়ে ইমরান খানকে কৌশলে ক্ষমতা থেকে বিতাড়িত করে। ইমরান খান মার্কিনিদের এ হস্তক্ষেপ সম্পর্কে প্রকাশ্যে বিবৃতি দিয়েছিলেন। ক্ষমতা থেকে অপসারিত হওয়ার পর তার বিরুদ্ধে রাষ্ট্রীয় গোপনীয়তা লঙ্ঘন তথা রাষ্ট্রদ্রোহের অভিযোগ উত্থাপন করা হয়। ইমরান খানকে কারাগার থেকে মুক্ত করার জন্য পাকিস্তানি জনগণ দীর্ঘসময় আন্দোলন করে আসছে। এসব আন্দোলনে ব্যাপক জনসম্পৃক্ততা রয়েছে। তবে এখনো নিশ্চিত নয়, কবে ইমরান খান কারামুক্ত হবেন। তার দলের ওপর নির্যাতন, নিপীড়ন অব্যাহত আছে। পাকিস্তান মুসলিম লীগ (নওয়াজ) ও পাকিস্তান পিপলস পার্টি কোয়ালিশন সরকার এ নির্যাতনের দায় বয়ে বেড়াচ্ছে। এটা তাদের রাজনীতির জন্য শুভকর নয়।

হামিদ মীর পাকিস্তানের একজন প্রখ্যাত সাংবাদিক ও লেখক। তিনি কয়েকটি গ্রন্থ রচনা করেছেন। এগুলো সমসাময়িক রাজনীতিবিষয়ক গ্রন্থ। তিনি পাকিস্তানের দৈনিক জং পত্রিকায় উর্দু ভাষায় কলাম লেখেন। সম্প্রতি তিনি পাকিস্তানের রাজনীতির ওপর 'কিছু রাজনীতিবিদ জেগেও স্বপ্ন দেখেন' শিরোনামে একটি কলাম লিখেছেন। এ কলামটির বাংলা অনুবাদ দৈনিক প্রথম আলোতে প্রকাশিত হয়েছে। বাংলা অনুবাদটি আমার সামনে না থাকলে আমার পক্ষে বোঝা সম্ভব ছিল না, হামিদ মীর কী লিখেছেন। কারণ আমি উর্দু জানি না। তার কলামের অনুবাদ থেকে জানা যায়, গত ১০ সেপ্টেম্বর রাতে তেহরিক-ই-ইনসাফ পার্টির কয়েকজন সংসদ-সদস্যের মুখ থেকে তাদের স্বপ্নের কথা শুনেছেন। তাদের স্বপ্নের মধ্যে মিশ্রিত আছে ঘৃণা-প্রতিশোধের আকাঙ্ক্ষা। তারা পার্লামেন্টে কিছু প্রস্তাব রাখতে চান। পাকিস্তানের বিভিন্ন শহরে ১০ জন সাংবাদিক নিহত হওয়া ও তাদের হত্যার বিচারের দাবিও এসব প্রস্তাবে অন্তর্ভুক্ত হবে। তেহরিক-এর সংসদ-সদস্যরা হামিদ মীরের সঙ্গে ১০ জন সাংবাদিক নিহত হওয়ার ঘটনা আলোচনা করতে গিয়েছিলেন।



আলোচনায় পার্লামেন্টের ভেতর থেকে তেহরিকের সংসদ-সদস্যদের গ্রেফতারের প্রসঙ্গ এসেছিল। প্রায় নিশ্চিতভাবে বলা যায়, একটি দেশের পার্লামেন্ট থেকে সংসদ-সদস্যদের গ্রেফতার এক নজিরবিহীন ঘটনা। এক তরুণ সংসদ-সদস্য ৯ সেপ্টেম্বর বিকালের কথা জানাতে গিয়ে বলেছেন, জানতে পারলাম যে, পুলিশ পার্লামেন্ট ভবনের দরজা আটকে আমাদের আটক করার সিদ্ধান্ত নিয়েছে। আমি হাঁটতে হাঁটতে দরজার দিকে গেলাম। কে যেন আমাকে দেখিয়ে পুলিশকে বলল, 'এই যে ইনিও তেহরিক-ই-ইনসাফের সংসদ-সদস্য।' আমার দিকে তাকিয়ে পুলিশ গুরুত্ব দিল না। আমাদের তরুণ সদস্য পুলিশকে গিয়ে বললেন, 'আমাকে গ্রেফতার করছেন না কেন?' পুলিশ কর্মকর্তা খুব বিরক্ত হয়ে বললেন, 'তোমাকে দেখে তো সংসদ-সদস্য মনে হচ্ছে না। সংসদ-সদস্য কি জিন্স আর টি-শার্ট পরে অ্যাসেম্বলিতে থাকে?' জবাব শুনে এমএনএ সাহেব হেসে ধীরে ধীরে পার্লামেন্টের গেট দিয়ে বের হয়ে এলেন বাইরে। কথোপকথনের এ অংশটি হুবহু হামিদ মীরের লেখার বাংলা অনুবাদ থেকে নেওয়া হয়েছে।

এ সংসদ-সদস্য নিজের অ্যাপার্টমেন্টে এসে খাইবার পাখতুন খাওয়ার মুখ্যমন্ত্রীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করার চেষ্টা করলেন। কিন্তু যোগাযোগ করা সম্ভব হলো না। উল্লেখ্য, খাইবার পাখতুন খাওয়া প্রদেশে তেহরিক-ই-ইনসাফের সরকার ক্ষমতায় আছে। যোগাযোগ করা সম্ভব হলে পেশোয়ার থেকে ইসলামাবাদ পর্যন্ত লংমার্চের প্রস্তাব রাখা যেত। রাত ১২টার পর একজন সংসদ-সদস্য পার্লামেন্ট ভবনের ভেতর থেকে ফোন করে জানালেন, তিনি এ ভবনে আটকা পড়েছেন।

এরপর ১৬ পৃষ্ঠায়



> পাকিস্তানের প্রেক্ষাপটে হামিদ মীরের অভিমত হলো, ১০ সেপ্টেম্বরের ঘটনার তদন্তের জন্য পুলিশকে কষ্ট দেওয়ার কোনো প্রয়োজন নেই। সংসদ অবমাননার জন্য কমিটি বানিয়ে নিজেদের বানানো আইন নিজেরাই প্রয়োগ করাই শ্রেয়। একে-অপরের বিরুদ্ধে প্রতিশোধের আগুন জ্বালানোর চেয়ে প্রয়োজন নিজেদের তৈরি আইন নিজেরাই প্রয়োগ করে দেখানো। তবে আমার সন্দেহ আছে, অপরাধীদের আদৌ শনাক্ত করা সম্ভব হবে কিনা। কারণ তারা মুখে কালো কাপড় বেঁধে এসেছিল। তাদের নাম জানা যায়নি, পরিচয়ও নয়। বাংলাদেশে সংসদ-সদস্য জয়নুল আবেদীন ফারুককে সংসদের সামনে পরিধেয় বস্ত্র ছিন্নভিন্ন করে এক পুলিশ কর্মকর্তা দারুণ অপমান করেছিলেন। এর কোনো বিচার হয়নি। সদ্যপ্রাপ্ত দ্বিতীয় স্বাধীনতার আমলে এর বিচার কি হবে?

# রাষ্ট্র সংস্কারের পদক্ষেপ বাস্তবায়ন হোক

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী

> এতে সংস্কার ভাবনার রূপরেখা চূড়ান্ত এবং তা কীভাবে বাস্তবায়ন করা হবে তার একটি ধারণা দেওয়া হবে। কমিশনগুলোর আলোচনা ও পরামর্শ সভায় উপস্থিত থাকবেন উপদেষ্টা পরিষদের সদস্য, ছাত্র-শ্রমিক-জনতা আন্দোলনের প্রতিনিধি, নাগরিক সমাজ ও রাজনৈতিক দলের প্রতিনিধিরা। দেশে গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জনগণ ও রাজনৈতিক দলগুলোর ঐকমত্যে পৌঁছানো সময়ের জোরালো দাবি। দল-মত নির্বিশেষে সব ধর্ম-বর্ণ ও শ্রেণিপেশার মানুষের ঐক্যবদ্ধতায় বৈষম্য-বিরোধ-বিচ্ছেদের অবসান জরুরি। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের তাৎপর্যপূর্ণ প্রতিশ্রুতি হচ্ছে রাষ্ট্র সংস্কারের সব পর্যায়ে শোষণ-বঞ্চনা-বৈষম্য নির্মূল। জনগণের সার্বিক অধিকার প্রতিষ্ঠার ব্রতই হোক সরকারের প্রতিশ্রুতি রক্ষার প্রধান উদ্যোগ

শান্তিতে নোবেলজয়ী বিশ্ববরেণ্য ব্যক্তিত্ব ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের বয়স মাত্র এক মাস পেরিয়েছে। লক্ষ্য পূরণে একনিষ্ঠ ও অবিচল থেকে নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয় উচ্চারিত হচ্ছে জোরালোভাবে। এ ধারাবাহিকতায় রাষ্ট্র মেরামতের উদ্যোগ আশাব্যঞ্জক। এ উদ্যোগের পরিপূর্ণ সুফল লাভের আকাঙ্ক্ষায় দেশবাসী অধীর আগ্রহে অপেক্ষার প্রহর গুনছে। সব সংস্কার কর্মকাণ্ডের যৌক্তিক সম্পাদন আবশ্যক। সময় ও সুযোগের সদ্ব্যবহার করে সব ক্ষেত্রে লুটেরাদের কবায়ত্ত থেকে দেশকে মুক্ত করে কল্যাণমুখী রাষ্ট্র গঠনই প্রত্যাশিত। জনগণের সামগ্রিক দুর্ভোগ লাঘব কঠিন চ্যালেঞ্জ হলেও প্রয়োজনীয় সংস্কার অন্তর্বর্তীকালীন সরকারের পবিত্র কর্তব্য বলে মনে করি। বিভিন্ন সিন্ডিকেট ও বাজার কারসাজি বন্ধ করে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি হ্রাস করা গেলে তা হবে জনগণের জন্য স্বস্তিদায়ক। নিত্যপ্রয়োজনীয় পণ্যের চাহিদা-সরবরাহের ভারসাম্য রক্ষা এবং জনগণের আয়-ব্যয়ের ব্যবধান কমিয়ে আনার বিষয়টিও গুরুত্বপূর্ণ।



বিগত সরকারের আমলে সর্বক্ষেত্রে ঘুস-দুর্নীতি-দুর্বৃত্তায়ন সামগ্রিক ব্যবস্থাকে করেছিল পর্যুদস্ত। পবিত্র সংবিধানে প্রতিটি বিষয়ে আইনের ভিত্তি রচিত হলেও প্রয়োগের ক্ষেত্রে চরম বিচ্যুতি লক্ষ করা গেছে। দেশে আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন সময়ে বহু আইন, বিধিবিধান, পরিকল্পনা-কৌশল প্রণয়ন করা হলেও সেগুলোর যথ যথ বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়েছে। আইনের শাসনের অপপ্রয়োগের কুফল প্রতিফলিত হয়েছিল বৃহৎ জনগোষ্ঠীর দারিদ্র্যে, রাষ্ট্রীয় অব্যবস্থাপনায় এবং দুর্নীতিতে। অর্থ ও ক্ষমতালিপ্সু মনোভাবের কারণে দেশের সব গণতান্ত্রিক প্রতিষ্ঠান হয়ে পড়েছিল অকার্যকর। আর্থিক খাতে দুর্বৃত্তায়নে জনজীবনে নেমে আসে চরম দুর্ভোগ। বিচারহীনতার অপসংস্কৃতি দেশজুড়ে সংক্রমিত ছিল।

ইতোমধ্যে বিগত সরকার সৃষ্ট ব্যাংক লুটপাটের চিত্র জনগণের সামনে উন্মোচন হয়েছে। ব্যাপক অনিয়মের মাধ্যমে ঋণ গ্রহণ ও খেলাপি হওয়া, বিদেশে অর্থ পাচারে দেশের আর্থিক খাত হয়েছে প্রায় বিপর্যস্ত। তাই অপরাধীদের কঠোর আইনের আওতায় এনে শাস্তি প্রদান একান্তই কাম্য। সব আইনগত পন্থা অবলম্বন করে পাচারকৃত অর্থ ফেরতে আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তাকে কার্যকর করা বাঞ্ছনীয়। দেশের ব্যাংক খাত সংস্কারের লক্ষ্যে ছয় সদস্যবিশিষ্ট টাস্কফোর্স গঠন করেছে বাংলাদেশ ব্যাংক। এ টাস্কফোর্স প্রধানত আর্থিক স্থিতিশীলতা রক্ষার্থে ব্যাংক খাতের বর্তমান পরিস্থিতি, মন্দ সম্পদ এবং প্রধান প্রধান ঝুঁকিগুলো নিরূপণ, দুর্বল ব্যাংকগুলোর আর্থিক সূচক পর্যালোচনা, ঋণের প্রকৃত অবস্থা নিরূপণ, প্রভিশন ঘাটতি নিরূপণ, তারল্য পরিস্থিতি পর্যালোচনা, নিট মূলধন নির্ণয়, সম্পদের প্রকৃত মূল্য নির্ধারণ, সংশ্লিষ্ট ব্যাংকের মন্দ সম্পদের পৃথকীকরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে।



এছাড়া টাস্কফোর্সের মাধ্যমে সংকটকালীন প্রতিঘাত সক্ষমতা অর্জনে ব্যাংকের সুশাসন এবং ঝুঁকি ব্যবস্থাপনা শক্তিশালী করার প্রক্রিয়ার আওতায় রেগুলেটরি ফ্রেমওয়ার্ক উন্নয়ন, ব্যাংকের সিদ্ধান্ত গ্রহণে রাজনৈতিক ও করপোরেট প্রভাব সীমিতকরণ, ব্যাংকের মালিকানা সংস্কার ইত্যাদি সংক্রান্ত প্রস্তাবনা প্রদান, রেগুলেশন ফ্রেমওয়ার্ক ও সংশ্লিষ্ট গাইডলাইন প্রস্তুতকরণ, দুর্বল ব্যাংকগুলোর জন্য বিভিন্ন নীতিগত ব্যবস্থা বা পদক্ষেপ গ্রহণ করা হবে। ঘোষিত টাস্কফোর্স আর্থিক খাতসংশ্লিষ্ট বিভিন্ন আইন যেমন-ব্যাংক কোম্পানি আইন, বাংলাদেশ ব্যাংক অর্ডার ইত্যাদি সংস্কার এবং অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, ব্যাংক অধিগ্রহণ, একীভূতকরণ আইন প্রণয়ন-সংস্কার-যুগোপযোগী করার প্রস্তাব করবে। একইসঙ্গে ব্যাংক খাতের শ্বেতপত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর এ টাস্কফোর্সের সার্বিক কার্যাবলি সমন্বয় করবেন। প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসের ভাবমূর্তি এক্ষেত্রে বিশাল অবদান রাখবে বলে জনগণের দৃঢ় বিশ্বাস।

অন্তর্বর্তীকালীন সরকারের গৃহীত সব পদক্ষেপ দেশ-বিদেশে গ্রহণযোগ্যতা পেয়েছে। সরকার পরিচালনার শুরুতে বিচার বিভাগের সংস্কারের বিষয়টি বিশেষ তাৎপর্যপূর্ণ। প্রধান বিচারপতি, আপিল বিভাগের বিচারপতি, অ্যাটর্নি জেনারেলসহ বিচার বিভাগের অন্যান্য গুরুত্বপূর্ণ নিয়োগ সুসম্পন্ন হওয়ায় ন্যায়বিচার প্রাপ্তিতে জনগণের মাঝে নতুন আশার সঞ্চার হয়েছে। সরকারের পক্ষ থেকে সাইবার নিরাপত্তা আইনসহ দেশে বিদ্যমান সব কালো আইনের তালিকা প্রণয়ন করে দ্রুত এসব আইন বাতিল বা প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের আশ্বাস প্রদান আইনের শাসন প্রতিষ্ঠায় যথেষ্ট সহায়ক হবে। পাশাপাশি নিশ্চিত করা হয়েছে সংবাদমাধ্যম ও মতপ্রকাশের স্বাধীনতা। সাম্প্রতিককালে জাতিসংঘের গুম ও নির্যাতনবিরোধী আন্তর্জাতিক কনভেনশনে স্বাক্ষর করেছে বাংলাদেশ, যা জাতিসংঘসহ দেশীয় ও আন্তর্জাতিক মহলে বিপুল প্রশংসিত হয়েছে। এতে গুম-খুনের বিরুদ্ধে অন্তর্বর্তীকালীন সরকারের দৃঢ় অবস্থান সুস্পষ্ট হয়েছে। তাছাড়া বিগত সরকারের ১৫ বছরের শাসনামলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে সংঘটিত গুমের ঘটনা তদন্তে এবং গুম হওয়া ব্যক্তিদের সন্ধানে পাঁচ সদস্যের কমিশনও গঠন করেছে অন্তর্বর্তী সরকার।

১১ সেপ্টেম্বর অন্তর্বর্তীকালীন সরকার গঠনের এক মাস পূর্তি উপলক্ষ্যে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে মাননীয় প্রধান উপদেষ্টা রাষ্ট্র সংস্কার প্রসঙ্গে বলেছেন, 'আমরা যেহেতু জনগণের ভোটাধিকার ও জনগণের মালিকানায় বিশ্বাস করি, সেহেতু নির্বাচন ব্যবস্থার উন্নয়ন আমাদের সংস্কার ভাবনায় গুরুত্ব পেয়েছে। আমরা মনে করি, নির্বাচনের নামে সংখ্যাগরিষ্ঠতার একাধিপত্য ও দুঃশাসন মানুষের ওপর চাপিয়ে দেওয়া বা এর মাধ্যমে এক

এরপর ৪৭ পৃষ্ঠায়

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছে পাবেন




স্পেশাল ওমরাহ

প্যাকেজ ৳১৫৫০

ওমরাহ ভিসা-এয়ার টিকেট-হোটেল

মক্কা ও মদিনায় আমাদের আছে অভিজ্ঞ মোয়াল্লেম

IATA অনুমোদিত

ARC অনুমোদিত

সবচেয়ে কম দামের গ্যারান্টি

আমরাই দিচ্ছি ৭৪৯+

JFK-DHAKA-JFK RETURN

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি





BELAYET HOSSAIN (BELAL)
President & CEO


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ


কে. এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ


মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

Emirates | KUWAIT AIRWAYS | QATAR AIRWAYS | SAUDI ARABIAN AIRLINES | AmericanAirlines | DELTA AIR LINES | বিমান বাংলাদেশ এয়ারলাইনস | ETIHAD AIRWAYS

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

PHONE : 917-396-4140, 917-592-7828
E-mail : digitalonetravel@gmail.com www.digitalonetravel.com
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372

OPEN 7 DAYS 11 AM-10 PM

কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়

Price can be change anytime. *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

## 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

## Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## এসব অপরাধের বিচার হবে কি?

১২ পৃষ্ঠার পর

একদল মুখঢাকা লোক ভবনের ভেতরে ঢুকে পড়েছে। ততক্ষণে পার্লামেন্ট লজে অবস্থান করা কয়েকজন এমএনএ তাদের অ্যাপার্টমেন্টের ব্যালকনিতে এসে দাঁড়িয়েছেন। মোবাইল ফোনে তারা ভিডিও করার চেষ্টা করছিলেন। মুখঢাকা লোকদের দেখা যাচ্ছিল। তখনই হঠাৎ বিদ্যুৎ চলে গেল এবং পার্লামেন্ট ভবন অন্ধকারে নিমজ্জিত হলো। মোবাইল ফোনের ক্যামেরায় শুধু কতগুলো ছায়ামূর্তি দেখা গেল মাত্র। তাদের কোনো চেহারা নেই, পরিচয় নেই। এ ছায়ামূর্তিরা নতুন ইতিহাস গড়ল। ওরা সংসদ-সদস্যদের টেনেহিঁচড়ে তাদের নিয়ে আসা কালো গাড়িতে তুলল। ভোরের আলো ফোটার আগেই এ অপারেশন নিষ্পন্ন হলো।

অধিকাংশ সংসদ-সদস্য এ নজিরবিহীন ঘটনায় বিমর্ষ হয়ে পড়েছিল। হামিদ মীরের সঙ্গে যারা দেখা করতে এসেছিলেন, তাদের বিমর্ষতার প্রতিশোধস্পৃহায় রূপান্তরিত হলো। একজন এমএনএ অত্যন্ত থমথমে কণ্ঠে বললেন, 'মনে রাখবেন, সময় আমাদেরও আসবে। আমাদের ওপর যা হচ্ছে, তার চেয়ে বেশিই পাওনা বুঝিয়ে দেওয়া হবে।'

এমএনএর বক্তব্য শুনে হামিদ মীর বিস্মিত হলেন এবং ব্যাপারটি বুঝতে চাইলেন। ওই এমএনএ আত্মপক্ষ সমর্থনের সুরে বললেন, 'মানলাম, ইমরান খানের আমলে মুসলিম লীগের (এন) লোকদের ওপর মামলা দিয়ে ওদের জেলে পাঠানো হয়েছিল। মুসলিম লীগওয়ালারা এমন কিছু করলে হিসাব সমান সমান হয়ে যেত। কিন্তু এরা তো আমাদের পরিবার-পরিজন, সন্তানদেরও ছাড় দিচ্ছে না। আর শেষে আমাদের সংসদ ভবন থেকে টানতে টানতে তুলে নিয়ে গ্রেফতার করা হলো। আমরা ওদের রাস্তা দিয়ে টেনেহিঁচড়ে নিয়ে যাব।'

সাম্প্রতিক ফ্যাসিবাদ ও স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময় শেখ হাসিনার পুলিশ বাহিনী গ্রেফতারের জন্য নির্দিষ্ট করা ব্যক্তিদের খুঁজে না পেয়ে তাদের আপনজন ও আত্মীয়-স্বজনদের গ্রেফতার করে, রিমান্ডে পাঠায়। একে আর যাই হোক আইনের শাসন বলা যায় না। একজনের অপরাধের জন্য অন্যজনকে গ্রেফতার কিংবা অন্য কোনো রকমের নিপীড়ন আইনের শাসনের জঘন্য ব্যত্যয়। শেখ হাসিনার শাসনামলে প্রায়ই এমন ধরনের এবং এর চেয়েও ভয়াবহ নিপীড়ন-নির্যাতন করা হতো। পাকিস্তানিদের গণতান্ত্রিক ধারার অনুশীলনে মারাত্মক ব্যত্যয়ের বিরুদ্ধে সশস্ত্র বাংলাদেশে মুক্তিযুদ্ধ হয়েছিল। পাকিস্তানেও গণতান্ত্রিক অধিকারের প্রতি বর্বর অপরাধ ঘটেই চলেছে। আশ্চর্যের বিষয় হলো, পাকিস্তান ও বাংলাদেশ গণতন্ত্রের পথ থেকে বিচ্যুত হয়ে কত কম বা বেশি সভ্যতাবর্জিত অন্ধকারের পথে গেছে, তার তুলনা অনেকটাই অর্থহীন মনে হয়। কেন এমনটি হচ্ছে, তা নিয়ে কোনো গভীর গবেষণা নেই। ফলে আমরা উপলব্ধির জগতে বিমূঢ় হয়ে বসে আছি। হামিদ মীর সংক্ষুব্ধ পাকিস্তানি এমএনএদের স্মরণ করিয়ে দিয়ে বললেন, তারা তো প্রতিশোধের স্বপ্ন দেখছেন। তিনি আরও বললেন, স্পিকার এখনো গ্রেফতারের বিরুদ্ধে তদন্তের ঘোষণা দিয়েছেন। হামিদ মীর জানতে চাইলেন তেহরিক-ই-ইনসাফের তরুণ এমএনএ সাহেব ইঙ্গিত করছিলেন যে, এ গ্রেফতার কাণ্ড পুলিশ ঘটায়নি। ঘটিয়েছে 'অজ্ঞাতনামা' কোনো বাহিনী, যার কথা সবাই জানে। এদের বিরুদ্ধে কোনো তদন্ত হবে না।'

পাকিস্তানে অগণতান্ত্রিক ও নিপীড়নমূলক যেসব ঘটনা ঘটে, তার জন্য যখন যারা বিরোধী দলে থাকে তারা 'অজ্ঞাতনামা' বাহিনীকে দায়ী করে। এ অজ্ঞাতনামা বাহিনী আসলে পাকিস্তানের ডিপ স্টেট। এদের এক সময় মুসলিম লীগ নেতা নওয়াজ শরিফও দায়ী করেছিলেন, যা ইতোমধ্যেই বলা হয়েছে। বারবার এমন অভিযোগের পুনরাবৃত্তি হওয়ায় পাকিস্তানের রাষ্ট্র কাঠামোর ভঙ্গুরতা নিয়ে উদ্বিগ্ন হতে হয়। পাকিস্তানের আণবিক অস্ত্র দখলের জন্য আন্তর্জাতিক ষড়যন্ত্র রয়েছে। ষড়যন্ত্রকারীরা মনে করে পাকিস্তানের আণবিক অস্ত্রভান্ডার ইসলামী জঙ্গিদের করায়ত্তগত হতে পারে। আসলে এ ব্যাপারে অবশ্যই সন্দেহ করা যায়। বর্তমান পাকিস্তান, খোদা না করুক, ভেঙে পড়লে উপমহাদেশের পশ্চিমাঞ্চল, আফগানিস্তান, ইরান ও মধ্য এশিয়ায় ভয়াবহ অস্থিরতা ছড়িয়ে পড়বে। এমন অস্থিরতা কোনো শান্তিকামী মানুষের কাম্য হতে পারে না। হামিদ মীর মনে করেন, মুসলিম লীগ (এন) যদি পার্লামেন্টে গ্রেফতার অভিযানে মন্দ পরিণাম থেকে বাঁচতে চায়, তাহলে তাদের উচিত সব রাজনৈতিক দলের সঙ্গে মিলে ১০ সেপ্টেম্বরের ঘটনা নিয়ে যে তাদের কোনো দায় নেই, তা কঠোর তদন্ত করে প্রমাণ করা। গত বছর পাকিস্তানের ন্যাশনাল অ্যাসেম্বলি ও সিনেট সংসদ অবমাননা নিয়ে একটি আইন পাশ করেছে। সংসদ-সদস্যদের হেনস্তা করা ও টেনেহিঁচড়ে গ্রেফতার করা নিশ্চয়ই সংসদের অবমাননার শামিল। অবমাননা প্রমাণিত হলে এ আইন অনুযায়ী ন্যূনতম ৬ মাস কারাদণ্ড এবং ১০ লাখ টাকা জরিমানার বিধান রয়েছে। এ সাজার আদেশ পার্লামেন্টের বিশেষ কমিটিই দিতে পারে। এ কমিটিতে সরকার ও বিরোধী দলের প্রতিনিধি রাখার বাধ্যবাধকতা রয়েছে। কমিটি এ অবমাননার অভিযোগে অভিযুক্ত যে কাউকে তলব করতে পারবে। নিজের পক্ষে সাফাই দিতে গিয়ে কোনো মিথ্যা বললে তা-ও সংসদ অবমাননার আওতায় পড়বে। রায়ের বিরুদ্ধে আপিল করলে তার শুনানি হবে ন্যাশনাল অ্যাসেম্বলির স্পিকার বা সিনেট চেয়ারম্যানের সামনে। বাংলাদেশে সংসদ অবমাননার জন্য এ ধরনের কোনো আইন নেই। যদিও অন্যভাবে পরোক্ষে অবমাননার বিচার হতে পারে। বর্তমানে বাংলাদেশে সাংবিধানিক সংস্কারের কাজ শুরু হয়েছে। এ সংস্কারের অধীনে সংসদ অবমাননার জন্য একটি আইন প্রণয়নের সুপারিশ করা যেতে পারে।

পাকিস্তানের প্রেক্ষাপটে হামিদ মীরের অভিমত হলো, ১০ সেপ্টেম্বরের ঘটনার তদন্তের জন্য পুলিশকে কষ্ট দেওয়ার কোনো প্রয়োজন নেই। সংসদ অবমাননার জন্য কমিটি বানিয়ে নিজেদের বানানো আইন নিজেরাই প্রয়োগ করাই শ্রেয়। একে-অপরের বিরুদ্ধে প্রতিশোধের আগুন জ্বালানোর চেয়ে প্রয়োজন নিজেদের তৈরি আইন নিজেরাই প্রয়োগ করে দেখানো। তবে আমার সন্দেহ আছে, অপরাধীদের আদৌ শনাক্ত করা সম্ভব হবে কিনা। কারণ তারা মুখে কালো কাপড় বেঁধে এসেছিল। তাদের নাম জানা যায়নি, পরিচয়ও নয়।

বাংলাদেশে সংসদ-সদস্য জয়নুল আবেদীন ফারুককে সংসদের সামনে পিটিয়ে বস্ত্র ছিন্নভিন্ন করে এক পুলিশ কর্মকর্তা দারুণ অপমান করেছিলেন। এর কোনো বিচার হয়নি। সদ্যপ্রাপ্ত দ্বিতীয় স্বাধীনতার আমলে এর বিচার কি হবে?

লেখক : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## ব্যবহার দোষে নামের বদনাম

৬ পৃষ্ঠার পর

তুলেছিল পতিত সরকার। অতি প্রচারে হিতে-বিপরীত ফল পেয়েছে বঙ্গবন্ধুকন্যা। তার একগুঁয়েমিতে রক্তস্নাত 'জয় বাংলা' স্লোগানটিও আজ ব্যঙ্গবিদ্রূপভাবে পরিচিতি পাচ্ছে। দেশের সব প্রতিষ্ঠান শেখ হাসিনা ধ্বংস করে গেছেন বলে অভিযোগ করছে অন্তর্বর্তী সরকার। এদিকে সাধারণ মানুষ বলছে, সব জয় বাংলা করে দিয়েছে। বিভিন্ন আলাপে-আড্ডায় সম্মান হারিয়েছে শব্দটি। লুটপাট আর টাকা পাচারকারীদের মুখে ঘন ঘন উচ্চারণে ধর্ষিত হয়েছে 'জয় বাংলা'। লেখক-সাংবাদিক আবু সাঈদ খান তার 'স্লোগানে স্লোগানে রাজনীতি' বইয়ে বলেছেন, "১৯৬৯ সালের ১৫ সেপ্টেম্বর তারিখটা স্মরণীয় হয়ে থাকবে। ওইদিন ঢাকায় ছাত্রলীগের কর্মিসভায় সংগঠনের কর্মীদের একাংশ প্রথম 'জয় বাংলা' স্লোগান দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা আফতাব উদ্দিন আহমেদ প্রথম জয় বাংলা স্লোগান ধরেন। পরবর্তী সময়ে মহান মুক্তিযুদ্ধে এই স্লোগান অনুপ্রেরণার বড় 'অস্ত্র' হয়ে উঠেছিল।" ভাগ্যের কী নির্মম পরিহাস, সেই আফতাবকেও জামায়াত ট্যাগ দিয়েছিল আওয়ামী লীগ সরকার। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিজের ফ্ল্যাটে খুন হলেও ন্যায়বিচার পায়নি আফতাব পরিবার। বিরোধী মত দমনে লম্বা শাসনকালের বিভিন্ন সময় 'শান্তি কমিটি' গঠন করেছিল আওয়ামী লীগ সরকার। দলীয় লোকজন দিয়ে গঠিত কমিটির কাজ ছিল বিরোধী দলের নেতাকর্মীদের হুমকি দেওয়া। অত্যাচার-নির্যাতনে পুলিশকে সহযোগিতা করা। যদিও প্রচারণা ছিল, জনগণের জানমাল রক্ষায় কাজ করছে তারা। এসব দেখে একাত্তরে পাকিস্তান সরকারের 'শান্তি কমিটি'র কথা স্মরণে এসেছে অনেকের। তারাও একই অজুহাতে 'শান্তি কমিটি' বানিয়েছিল। কিন্তু তাদের ভূমিকার কথা মনে হলে আজও শিউরে ওঠে দেশবাসী। ৫৩ বছর আগের দগদগে স্মৃতি এখনো বাঙালির মনে অশান্তি সৃষ্টি করে। এ প্রসঙ্গে পাহাড়ের 'শান্তি বাহিনী'র কথাও উল্লেখ করা যেতে পারে। স্বায়ত্তশাসনের দাবিতে সশস্ত্র আন্দোলন করেছে তারা। গুম-খুন-অপহরণ-চাঁদাবাজির বিস্তর অভিযোগ রয়েছে তাদের



বিরুদ্ধে। কাজেই ওই বাহিনীর নাম শুনলে সাধারণ মানুষ শান্তি নয়, আতঙ্ক অনুভব করেছে। মহান মুক্তিযুদ্ধের পর দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষায় নিয়মিত বাহিনীর বাইরে 'রক্ষী বাহিনী' গঠন করে মুজিব সরকার। তাদের হাত থেকে রক্ষা পেতে জাসদ গঠন করে 'গণবাহিনী'। দুটি বাহিনীই সাধারণের কাছে মূর্তিমান আতঙ্ক হিসেবে প্রতিষ্ঠা পায়। অথচ, জনগণকে রক্ষার মহান উদ্দেশ্য নিয়ে সংগঠন দুটি সৃষ্টি করা হয়েছিল। সুন্দর ও পবিত্র নাম হলেও তাদের কর্মকাণ্ড আজও ভীতি ছড়ায় ভুক্তভোগীদের মধ্যে। রক্ষী ও গণবাহিনীর সশস্ত্র সংগ্রাম 'সন্ত্রাসী তৎপরতা' হিসেবে ঠাঁই পেয়েছে ইতিহাসে। তা পাঠ করে দুই বাহিনীর অসংখ্য মুক্তিযোদ্ধা খুনের ঘটনায় মর্মাহত হয় নতুন প্রজন্ম। প্রচলিত রাজনীতিতে তাই বিরক্ত: অনীহা অবিশ্বাস নেতৃত্বের। অপার সম্ভাবনা থাকলেও স্বাধীনতার পর থেকেই অপরাজনীতি চলছে এ দেশে। 'আজ তোমার, কাল আমার' মার্কা রাজনৈতিক দলগুলোর নেতিবাচক রাজনীতির মাশুল দেয় সাধারণ জনগণ। যে কারণে দ্বিতীয় মুক্তিযুদ্ধ হিসেবে সমাদৃত 'ছাত্র-জনতার অভ্যুত্থান' ঘিরে তৈরি হয়েছে নতুন আশা। রাষ্ট্র সংস্কারের সুযোগ এসেছে বলে মনে করছেন বিশ্লেষকরা। সব প্রতিষ্ঠান ঢেলে সাজানোর দাবি উঠেছে বিভিন্ন মহল থেকে। এ সুযোগ হাতছাড়া করা যাবে না বলে সতর্ক করছেন সবাই। আগেও অবশ্য এরকম সুযোগের সদ্ব্যবহারে ব্যর্থ হয়েছে তৎকালীন দায়িত্বশীলরা। নব্বইয়ের গণঅভ্যুত্থান এবং এক-এগারোর প্রেক্ষাপট তার জ্বলন্ত উদাহরণ। সে দুঃসহ স্মৃতি এখনো হতাশায় নিমজ্জিত করে সংশ্লিষ্টদের। সেনা সমর্থিত ফখরুদ্দীন-মইনউদ্দীনের তত্ত্বাবধায়ক সরকার বিভিন্ন ধরনের সংস্কারে উদ্যোগী হয়েছিল। কিন্তু নিজেদের সংস্কারের বাইরে রাখেন। রাজনীতি নিয়ে নীতিহীন খেলায় মেতেছিলেন তারা। তাদের নির্দেশে প্রধান দুই দলের বেশ কয়েকজন নেতার নেতৃত্বে 'সংস্কার প্রকল্প' চালু হয়। কিন্তু এতে জনসমর্থন না পাওয়ায় উল্টো ওইসব নেতা 'সংস্কারপন্থি' হিসেবে নিজ নিজ দলের কাছে নিন্দিত হন। তাদের 'মাইনাস টু ফর্মুলা' বাস্তবায়নকারী ষড়যন্ত্রী হিসেবে দল থেকে বহিষ্কারও করা হয়। 'সংস্কার' শব্দটিই কলঙ্কিত করেন তারা। রাজনীতি নিয়ে গোয়েন্দা সংস্থার অতি তৎপরতা সেদিন ভালোভাবে নেয়নি জনগণ। আজও অবশ্য নেয় না। সে ক্ষেত্রে সংস্কার না হওয়ায় আমিন-বাহিনীর পর জিয়া-হারুন-বিপ্লব তৈরি হয়। যে কারণে দেশে বিনোদন সেক্টরের 'এমিলির গোয়েন্দা বাহিনী' জনপ্রিয় হলেও, রাষ্ট্রীয় কোনো গোয়েন্দা বাহিনীর প্রতি আস্থা নেই মানুষের। আছে ভীতি ও শঙ্কা। গত দেড় দশকে ত্যাগী নেতাকর্মীর চেয়ে আওয়ামী লীগ সরকারের কাছে বেশি আপন হয়ে উঠেছিল বিভিন্ন বাহিনী। তার ফলও পেয়েছে হাতে-পায়ে। দুর্নীতির প্রয়োজনে বাজারদরের চেয়ে দশ-বিশগুণ বেশি খরচে বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন করেছে পতিত সরকার। স্থান-কাল-পাত্রভেদে কোনো কোনো স্থাপনা 'অহেতুক উন্নয়ন'-এর তকমা পেয়েছে। ঋণ করে ঘি খাওয়ার বাতিকে 'উন্নয়ন' শব্দটিকেও হাস্যকর বানিয়ে ছেড়েছে হাসিনা সরকার। শব্দটির মানের চরম অবনতি ঘটেছে গত এক দশকে। এর বিপরীতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'ভুয়া' স্লোগানটি বেশ জনপ্রিয় হয়ে ওঠে। তবে, এ দেশে জনপ্রিয়তা অর্জনে এবং হারাতে সময় লাগে না। সবই ঘটে বাংলা সিনেমার মতো অনেকটা দ্রুততায়। আজ যা সংস্কার, কাল হয়তো তাই কুসংস্কার। সংস্কারের নামে সংসার সাজিয়ে বসলে জনতা পছন্দ করে না। অস্থির প্রকৃতির লোকজনও আশা করে তার অভিভাবক হবে স্থিরচিত্ত। পরিস্থিতিবোধে অন্যদের থেকে অন্যদের জন্য কাজ করবে। কোটাবিরোধী আন্দোলন থেকে গড়ে ওঠা জাতীয় ঐক্য ভবিষ্যতে কোনো হোঁচট খাবে না বলে প্রত্যাশা করে নতুন দিনের বাংলাদেশ।

লেখক: যুগ্ম সম্পাদক, দৈনিক কালবেলা।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671

Mon-Tue-Thu-Fri
(2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

# SmartTech IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

**Learn Salesforce Without Coding**

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা

## জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# যেভাবে মুক্ত থাকা যাবে ফুসফুসের ক্যানসার থেকে

অধ্যাপক ডা. শুভাগত চৌধুরী



নভেম্বর ফুসফুস ক্যানসার সচেতনতার মাস। বিশ্ব পরিসংখ্যান থেকে জানা যায়, ক্যানসারে যত মানুষ মারা যায় এর চার ভাগের এক ভাগ মারা যায় ফুসফুসের ক্যানসারে। বাংলাদেশে ২১ লাখ মানুষ এই ক্যানসারে আক্রান্ত। তাদের মধ্যে ১৩ লাখ পুরুষ। ফুসফুস ক্যানসারের ৮০ থেকে ৯০ শতাংশ কারণের মধ্যে আছে ধূমপান, তামাক ও জর্দা খাওয়া। এ ছাড়া রেডিয়েশন, বায়ুদূষণ, জিনগত প্রভাব এবং এই রোগের পারিবারিক ইতিহাস ফুসফুস ক্যানসারের অন্যতম কারণ।

ফুসফুস ক্যানসার স্ক্রিনিং সম্বন্ধে অসচেতনতা ও অবহেলার কারণে এ রোগে বেশিসংখ্যক মানুষ মারা যায় বলে বিশেষজ্ঞদের ধারণা। স্তন ক্যানসার, কোলন ক্যানসার, প্রোস্টেট ক্যানসার সম্বন্ধে জানতে পারলেও ফুসফুসের ক্যানসার সম্বন্ধে মানুষের জানাশোনা কম। মেমোগ্রাম, কোলনস্কপি, পিএসএ সম্বন্ধে জানলেও মানুষ নতুন ক্যানসার স্ক্রিনিং লো ডোজ সিটি সম্বন্ধে জানে কম। বিশেষজ্ঞরা স্ক্রিনিং করার পরামর্শ দেন। যাঁদের বয়স ৫০ থেকে ৮০ বছরের মধ্যে এবং যাঁদের আছে ধূমপানের ইতিহাস, তাঁরা উচ্চ ঝুঁকিসম্পন্ন। এই শ্রেণির মানুষের চিকিৎসকের পরামর্শ নিতে হবে স্ক্রিনিং বিষয়ে।

সম্ভাব্য উপসর্গ

* দীর্ঘমেয়াদি কফ ও কাশ
* কফের সঙ্গে রক্ত পড়া
* দুর্বলতা
* বুকেব্যথা
* ক্লান্তি

যাঁদের আছে উচ্চ ঝুঁকি কিন্তু উপসর্গ নেই, তাঁদের স্ক্রিনিং করা প্রয়োজন। সূচনাপর্যায়ে ধরা পড়লে এই রোগ থেকে বেঁচে যাওয়ার সম্ভাবনা বেড়ে যায়। যাঁরা ধূমপান করেন-এই রোগে তাঁদের ঝুঁকি সবচেয়ে বেশি।

রোগ প্রতিরোধে করণীয়

এই রোগ প্রতিরোধে ধূমপান ছেড়ে দেওয়া সবচেয়ে এরপর ৪৪ পৃষ্ঠায়



## ডায়াবেটিস রোগীর জন্য কোন ফলের রস ভালো

ডা. শাহজাদা সেলিম

তাজা ফলমূল বা ফলের রস প্রায় সব মানুষের জন্যই ভালো। আর সেই ফল যত রঙিন হয় ততই ভালো, বিশেষ করে সবুজ হলে। ডায়াবেটিস রোগীর ক্ষেত্রেও কিছুদিন আগ পর্যন্ত তেমনটিই ভাবা হতো। কিন্তু বেশির ভাগ ফলের রসই ডায়াবেটিস রোগীর রক্তের গ্লুকোজ বৃদ্ধির কারণ হয়ে দাঁড়ায়।

আবার সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে, কিছু কিছু ফলের রস দীর্ঘদিন নিয়মিত পান করলে টাইপ-২ ডায়াবেটিস হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।

ফলের রসে কী আছে?

ভিটামিন সি ও ক্যালসিয়াম তো আছেই। তা ছাড়া

* ২৫০ মিলিলিটার (এক গ্লাস) চিনিমুক্ত কমলার রসে ১০০ ক্যালরি থাকে (একটি প্রমাণ আকারের কমলায় ৬০ ক্যালরি থাকে)।
* ফ্রুক্টোস (এক ধরনের চিনি) - ১ পাইন্ট (৪৭৩ মি.লি.) ফলের রসে যে পরিমাণ চিনি থাকে তা বিশ্ব স্বাস্থ্য সংস্থা নির্দেশিত ডায়াবেটিস রোগীর প্রতিদিনের চিনির পরিমাণের (প্রাপ্তবয়স্ক পুরুষদের জন্য ৩০ গ্রাম আর প্রাপ্তবয়স্ক মহিলাদের জন্য ২৪ গ্রাম) চেয়ে বেশি।
* আঁশহীনতা ফলের রসে সাধারণত আস্ত ফলের তুলনায় খুব সামান্য পরিমাণই আঁশ থাকে। প্রক্রিয়াজাতকৃত ফলের রসে কোনো আঁশ থাকে না বললেই চলে।

এতে কী সমস্যা হয়?

* এটি ডায়াবেটিস রোগীর রক্তে গ্লুকোজ চটজলদি বাড়িয়ে দেয়। ফলের রসের গ্লাইসেমিক ইনডেক্স হিসাব করে তার পরিমাপ পেতে পারি।

কমলার রসের গ্লাইসেমিক ইনডেক্স ৬৬-৭৬ (ভাতের ৮৬)।

* আস্ত ফলের তুলনায় ফলের রসে তো বটেই, আস্ত সবজির তুলনায় সবজির রসেও আঁশ খুব কম থাকে।
* আঁশ হলো এমন ধরনের শর্করা, যা আমাদের দেহের ভেতরে ভেঙে কোনো গ্লুকোজ তৈরি করে না। অর্থাৎ আঁশগুলো চিনিমুক্ত, তাই এতে ডায়াবেটিস রোগীর রক্তে গ্লুকোজ বাড়ার সম্ভাবনা নেই। তাই ডায়াবেটিস রোগীর জন্য খুব গুরুত্বপূর্ণ।

দ্রবীভূত আঁশগুলো রক্তের কোলেস্টেরল কমাতে ভূমিকা রাখে। কমলা, আপেল, নাসপাতি ইত্যাদিতে দ্রবীভূত আঁশ থাকে, কিন্তু এদের রসে নয়।

সব ফলের রসই কি ডায়াবেটিস রোগীর জন্য ক্ষতিকর? এরপর ৪৫ পৃষ্ঠায়

## রাতে কম খাওয়ার যত উপকারিতা

অধ্যাপক ডা. এম আমজাদ হোসেন



রাতে ভারী খাবার খাওয়া, পরিমাণে বেশি খাওয়া অথবা বেশি রাতে খাবার খাওয়াকে নিরুৎসাহিত করা হয়। এর পরিবর্তে দিনের শুরুতে চাহিদার বেশির ভাগ ক্যালরি গ্রহণ করে রাতে হালকা খাবার এবং পরিমাণে কম খেয়ে ঘুমানো উচিত। রাতে কম খাওয়াকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় বলে 'আর্লি টাইম-রেস্ট্রিক্টেড ফিডিং' বা 'ইটিআরএফ'। এর অনেক বৈজ্ঞানিক উপকারিতাও রয়েছে।

সঠিক ওজন বজায় থাকে

রাতে পরিমাণে কম খাবার খেলে দেহে ক্যালরি কম পোড়ায়, ফলে ওজন নিয়ন্ত্রণে থাকে। কেননা রাতে হজমের জন্য শরীরকে সবচেয়ে বেশি পরিশ্রম করতে হয়। ভারী খাবার পাকস্থলীতে চাপ সৃষ্টি করে।

যাদের ডায়াবেটিস রয়েছে এবং যারা ডায়াবেটিস থেকে মুক্তি পেতে চায়, তাদের উচিত রাতে কম খাওয়া। কেননা রাতে হালকা খাবার রক্তে সুগার লেভেলকে নিয়ন্ত্রণে বেশ সাহায্য করে।

সার্কাডিয়ান ছন্দ নিয়ন্ত্রণ করে

আমাদের দেহে প্রাকৃতিক সার্কাডিয়ান রিদম বা ছন্দ রয়েছে, যা বিপাকসহ বিভিন্ন শারীরবৃত্তীয় প্রক্রিয়াকে প্রভাবিত করে। কিছু গবেষণা বলছে, এই সার্কাডিয়ান ছন্দের সঙ্গে খাবারের সময়কে মেলানো ভালো। এতে এরপর ৪৫ পৃষ্ঠায়

## ডায়াবেটিসে ঝুঁকি ও প্রতিরোধ

লে. কর্নেল ড. নাসির উদ্দিন আহমদ



এক জটিল বিপাকীয় ব্যাধি। পূর্ণবয়স্ক ব্যক্তিদের প্রতি ১০ জনে একজন ডায়াবেটিসে আক্রান্ত। এতে রক্তে গ্লুকোজ বা শর্করার মাত্রা বেড়ে যায়। মূলত ইনসুলিন নামক একটি হরমোনের অভাব কিংবা নিষ্ক্রিয়তার কারণে এমনটি হয়ে থাকে। দীর্ঘস্থায়ী এই রোগের ঝুঁকি সম্পর্কে জানা খুবই জরুরি।

বয়স বাড়লে ঝুঁকি

বয়স বাড়ার সঙ্গে ডায়াবেটিসের ঝুঁকি বাড়তে থাকে। চল্লিশে পা রাখলে এই ঝুঁকি বেড়ে যায়। যদিও ইদানীং বয়স ত্রিশের কোটায় পৌঁছানোর আগেই অনেকে আক্রান্ত হচ্ছেন ডায়াবেটিসে। তবু বলা যায়, চল্লিশে পা দিলে সবার উচিত রক্তে শর্করার মাত্রা পরীক্ষা করা।

মুটিয়ে গেলে বিপদ

মুটিয়ে গেলে ডায়াবেটিসের ঝুঁকি বেড়ে যায়। বিশেষত পেটের মেদ বেড়ে যাওয়া ডায়াবেটিসের জন্য একটি বড় ঝুঁকি। শরীরে যত বেশি মেদ ভুঁড়ি যোগ হবে ঝুঁকিও বাড়বে সমানতালে। যাদের বিএমআই ২৩ এর বেশি তাঁদের ক্ষেত্রে ঝুঁকি বেশি। বিএমআই হচ্ছে বডি মাস ইনডেক্স। সোজা কথায় বললে দেহের উচ্চতা অনুসারে ওজন কত হওয়া উচিত তার অনুপাত। বিএমআই নির্ণয়ের ক্ষেত্রে ব্যক্তির ওজন কেজিতে নির্ণয় করে তাকে উচ্চতার মিটারের বর্গ দিয়ে ভাগ করতে হবে।

আরাম-আয়েশি জীবন

ডায়াবেটিসের ক্ষেত্রে বড় ঝুঁকি হিসেবে কাজ করে আরাম-আয়েশের জীবন। শারীরিক পরিশ্রম, হাঁটাহাঁটি কিংবা শরীরচর্চা ডায়াবেটিসের ঝুঁকি কমায়। বিপরীতে শুয়ে-বসে অনবরত খেয়ে খেয়ে এরপর ৪৪ পৃষ্ঠায়

## স্তন ক্যানসারের ঝুঁকি কাদের বেশি



ডা. উম্মে নুসরাত আরা



সারা বিশ্বে প্রতি আটজন নারীর মধ্যে একজনের স্তন ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকি রয়েছে। বাংলাদেশে নারীরা যেসব ক্যানসারে আক্রান্ত হন এর মধ্যে শীর্ষে রয়েছে স্তন ক্যানসার। নারী ক্যানসার রোগীদের ১৯ শতাংশ স্তন ক্যানসারে আক্রান্ত। আন্তর্জাতিক সংস্থা আইএআরসির হিসাবে, বাংলাদেশে প্রতিবছর ১৩ হাজারের বেশি নারী নতুন করে স্তন ক্যানসারে আক্রান্ত হন।

স্তন ক্যানসারের ঝুঁকি কাদের বেশি এ-সম্পর্কে সচেতনতা খুব জরুরি। ৫০ বছরের বেশি বয়সী নারীদের ক্ষেত্রে ঝুঁকির মাত্রা সবচেয়ে বেশি। স্তন ক্যানসারে আক্রান্ত নারীদের ৮০ ভাগেরই বয়স ৫০-এর ওপরে। সেই সঙ্গে যাঁদের পরিবারে কারও স্তন ক্যানসার রয়েছে, তাঁদেরও এই রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা প্রবল। এ ছাড়া স্থূলতা, অতিরিক্ত চর্বিজাতীয় খাবার গ্রহণ, অ্যালকোহল পান, হরমোন প্রতিস্থাপন থেরাপি, ৩৫ বছরের পর প্রথম গর্ভ ধারণ-এগুলোও স্তন ক্যানসারের ঝুঁকি বাড়িয়ে দেয়।

স্তন ক্যানসারের উপসর্গ

* স্তনের আকার পরিবর্তন হওয়া।
* স্তনে বা বগলের নিচে শক্ত ও ব্যথাবিহীন টিউমার হওয়া।
* চামড়ার পরিবর্তন, যেমন চামড়া শক্ত হয়ে যাওয়া, গর্ত হওয়া, লাল হওয়া, গরম হওয়া অথবা কমলার খোসার প্রকৃতি ধারণ করা।

এরপর ৪৪ পৃষ্ঠায়

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৪

# BANGLADESH SOCIETY INC. ELECTION 2024

প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
২৭ অক্টোবর নির্বাচনে

"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিক্ষিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"




রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি

## রুহুল-জাহিদ পরিষদের

## কোষাধ্যক্ষ প্রার্থী




জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক

### সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতাঃ

- বর্তমান বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ
- সভাপতি ও সাবেক সাধারণ সম্পাদক (২বার) বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক
- সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
- উডসাইড বায়তুল জান্নাত মসজিদের সাথে ১৪ বৎসর যাবৎ বিভিন্ন পদে সম্পৃক্ত
- সাবেক সাধারণ সম্পাদক (২বার) মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- সাবেক কার্যকরী সদস্য বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
- আজীবন সদস্য
  - উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
  - জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার ও মসজিদ
  - নর্থ ব্রঙ্কস জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার
  - রিয়াযুল জান্নাহ্ মসজিদ এন্ড ইসলামিক সেন্টার (সাউথ জ্যামাইকা)
  - জ্যামাইকা মুসলিম সেন্টার, জ্যামাইকা
  - বায়তুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড

PLEASE CAST YOUR VOTE FOR
**NOASHED HOSSAIN**
TREASURER




PLEASE CAST YOUR VOTE FOR NOASHED HOSSAIN TREASURER

# নওশেদ হোসেন

## আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী


ফারুক চৌধুরী
সিনিয়র সহ সভাপতি


আমিনুল ইসলাম চৌধুরী
সহ সভাপতি


সরোয়ার খান বাবু
সহ সাধারণ সম্পাদক


মোঃ শামী মিন্টু
সাংগঠনিক সম্পাদক


মনিকা রায় চৌধুরী
সাংস্কৃতিক সম্পাদক


নাসির আহমেদ আইয়ুব
সমাজকল্যাণ সম্পাদক


রোমানা আহমেদ
সাহিত্য সম্পাদক


আলমগীর হোসেন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক


শাহনাজ হোসেন
স্কুল ও শিক্ষা সম্পাদক


আবদুর রব মিয়া
কার্যকরী সদস্য


মোঃ তাজু মিয়া
কার্যকরী সদস্য


নজরুল ইসলাম
কার্যকরী সদস্য


রফিকুল ইসলাম ভালিম
কার্যকরী সদস্য


মোঃ সাইফুল ইসলাম
কার্যকরী সদস্য

**PLEASE VOTE FOR RUHUL-JAHID PANEL**

প্রচারেঃ বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক

# জামাতে ইসলাম ও জিন্নাহর মৃত্যু দিবস পালন একই সূত্রে গাথা

৫ পৃষ্ঠার পর

আক্রমণকারীঃ শান্তির ধর্মী ইসলামের অনুসারী ছাড়া আর কোনও হায়নার উপদ্রুব তো দেখিনা। আসলে, বর্তমান তো বটেই, অতীত ইতিহাসই সাক্ষ্য দেয় জামায়াত-শিবিরই বিধর্মী ও অসাম্প্রদায়িক ব্যক্তি গোষ্ঠীর ওপর আক্রমণ করে থাকে এবং করে আসছে।

স্বরাষ্ট্র উপদেষ্টা আল্লাহর কাছে সেজদা দিতে দিতে কপালে কড় বসে গেছে। ক্ষুব্ধ সুরে বলেছেন, মসজিদে আজানের সময় মাইক বাজবে, তখন এসব কার্যক্রম অর্থাৎ গান-বাজনা করা চলবে না। এমনকি নামাজের ৫ মিনিট আগে ও পরে পূজাপার্বনের এসব কার্যক্রম ও গানবাজনা করা যাবে না। বন্ধ রাখতে হবে। কিন্তু কেনঃ পূজার সময় আপনি মাইক বাজাতে পারবেন, হিন্দুরা পারবে না কেনঃ এটা কোন ধরনের সমানাধিকার।

উদ্বেগ, হাসিনা সরকারের পতনের পর হিন্দু সম্প্রদায়, কাদিয়ানি ও আহমদিয়া সম্প্রদায়ের উপর ঢালাও ভাবে আক্রমন চলেছে। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের স্থাপনা, ভাস্কর্য ও যাদুঘর ধ্বংসের মহড়া ইতিপূর্বে শেষ করে ফেলা হয়েছে। এখন চলছে পীর ফকিরের মাজার ভাঙার মহড়া। অভিযোগ রয়েছে এসবের পেছনে প্রধান কুশীলব ঐ একই জামায়াতে ইসলাম। অন্যদিকে জামায়াতের যেসব দাগী সন্ত্রাসী জেলে ছিল, এমনকি সাজাপ্রাপ্ত কারাবন্দী কয়েদি তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে। আন্দোলনের সময়ই নরসিংদির জেল ভেঙে নয়জন সন্ত্রাসীকে বাগিয়ে নেওয়া হয়েছে। অন্তবর্তী সরকার গঠনের পর কাশিমপুর কারাগারে ব্লগার রাজীব হায়দার হত্যা মামলার সাজাপ্রাপ্ত কয়েদি মুফতি জসিম উদ্দীন রাহমানীকে ছেড়ে দেওয়া হয়েছে। যার সঙ্গে পাক জঙ্গি সংগঠন লস্কর-ই-তইবার যোগসূত্র রয়েছে। ধরা পড়ার আগে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম সহ ভারতের বিভিন্ন প্রান্তে আনসারুল্লাহ বাংলা টিমের 'স্লিপার সেল' ধরা পড়েছে। আনসারুল্লাহ বাংলা টিম বাংলাদেশে আফগানিস্তানের মতো খিলাফত বানাতে চায়। এরকম এক সন্ত্রাসী সংগঠনের প্রধানকে মুক্ত করাথেকে বোঝা যায় বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান মুহাম্মদ ইউনুস কতটা মৌলবাদী শক্তির পুতুল হয়ে বসে আছেন। শুধু কি তাই, নিষিদ্ধ ঘোষিত হিজবুত তাহরীর গত সপ্তাহে রাজধানীতে মিছিল করে তাদের অবস্থানের জানান দিয়েছে। গত সপ্তাহে নাসির উদ্দিন, ইনামুল হাসান, শেখ আসলাম (সুইডেন আসলাম) সহ ধজন দাগী সন্ত্রাসীকে ছেড়ে দেওয়া হয়েছে। আন্দোলনের সময় থানা আক্রমণ করে প্রচুর অস্ত্র লুট করে নেওয়া হয়েছে। এসব অস্ত্র দাগী সন্ত্রাসীর হাতে তুলে দিয়ে বদনাম দেওয়া হচ্ছে আওয়ামী লীগের ওপর।

বছর কয়েক আগে জামায়াতের প্রতিষ্ঠাতা মওদুদীর ছেলে হায়দার ফারুক মওদুদী বাংলাদেশে এসেছিলেন। সাংবাদিক জুলফিকার মতিন তাকে প্রশ্ন করেছিলেন, পাকিস্তানের জামায়াতে ইসলামী এবং বাংলাদেশের জামায়াতের মাঝে এখনকার সম্পর্ক কেমন। মওদুদী পুত্র উত্তরে বলেছিলেন-মওদুদীর গঠিত জামায়াতে ইসলামীর বর্তমান পাকিস্তান অংশ তার ডান হাত এবং বাংলাদেশ হলো তার বাম হাত। এমনি গোলাম আযমও এক পর্যায় বলেছিল, বাংলাদেশ জামায়াতে ইসলাম পাকিস্তান জামায়াতে ইসলামীর অংশ। একাত্তরের মুক্তিযুদ্ধে পাকিস্তানকে অখণ্ড রাখতে জামায়াতে ইসলামী পাকিস্তানের হয়ে যুদ্ধ করেছে। এর পরও কি বলার অপেক্ষা রাখে বাংলাদেশ জামায়াতে ইসলামী পাকিস্তান জামায়াতে ইসলামীর একটি অংশ নয়। বস্তুত, মূল অংশ পাকিস্তান থেকেই বাংলাদেশের জামায়াতে ইসলামী পরিচালিত হয়। আই এস আই-এর পরিকল্পনা ও নির্দেশ মোতাবেক পাকিস্তান সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করে। আই এস আই'র নির্দেশ ও পৃষ্ঠপোষকতায় দীর্ঘদিন থেকে বাংলাদেশে সহিংসতা চালিয়ে এসেছে। অতএব এটি আজ আর নতুন করে প্রমাণের প্রয়োজন পড়ে না তারা বাংলাদেশকে পাকিস্তান বানাতে চায়। একাত্তরে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরুদ্ধে ছিল। আমেরিকা পেছনে থাকায় সেই শক্তিতেই পাকবাহিনী ও জামাত-শিবির বাংলাদেশে খুন-হত্যা-ধর্ষণ ও গণহত্যা পরিচালনা করেছে। বাংলাদেশ সরকার জামাতে ইসলামীকে একাত্তরের গণহত্যায় অভিযুক্ত করার পরও তারা সেই দলকে মুসলিম মডারেট দল হিসেবে সার্টিফিকেট দেয়। সুতরাং মুক্তিযুদ্ধে তাদের পৃষ্ঠপোষক দল হিসেবে জামাতের প্রতি আমেরিকার অনুকম্পা আজও অক্ষুণ্ণ থাকবে এটাতো স্বাভাবিক।

লেখক : রাজনৈতিক বিশ্লেষক, কলামিস্ট, নিউইয়র্ক।

## নতুন কান্ডারি আমাদের পথ দেখাবেন

৫ পৃষ্ঠার পর

ব্যাপক প্রসার। আমি মনে করি সিঙ্গাপুরের চেয়েও আমরা অনেক এগিয়ে যেতে পারব। কারণ সিঙ্গাপুরে কোনো খনিজ সম্পদ নেই, জলসম্পদ খুবই কম, এমনকি সিঙ্গাপুরের লোকজনকে খাওয়ার পানি পর্যন্ত মালয়েশিয়া থেকে আনতে হয়! সেখানে আমাদের দেশে অনেক অনেক সম্পদ আছে। খাদ্যে আমরা প্রায়ই স্বয়ংসম্পূর্ণ। সেহেতু দুর্নীতি রুখতে পারলে আমাদের দেশ তরতর করে এগিয়ে যাবে। শত বছরের পরিকল্পনা করে সেই পরিকল্পনা অনুযায়ী উন্নয়ন করা হলেই সফলতা আমাদের কাছে ধরা দেবেই। বিগত ১৫ বছরে যে পরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে এবং যে পরিমাণ অর্থ লোপাট হয়েছে তা দিয়ে দেশের প্রতি ইঞ্চিকে আধুনিকতার ছোঁয়ায় ঢেকে ফেলা যেত। পেছনের দিকে তাকানোর এখন প্রয়োজন নেই। এখন প্রয়োজন সঠিক পরিকল্পনা এবং তার বাস্তবায়ন। তাহলেই সমৃদ্ধ দেশকে ১০ বছরের মধ্যেই উন্নত রাষ্ট্রে পরিণত করা। আমাদের প্রত্যাশা, নতুন কান্ডারি আমাদের এখন সেদিকেই নিয়ে যাবেন, আমাদের দেখাবেন নতুন পথ। আমরা তাঁর পানে তাকিয়ে রয়েছি।

লেখক : প্রাবন্ধিক ও গবেষক।

## হাসিনা আর ফিরবেন না

৭ পৃষ্ঠার পর

১৯৭৯ সালের পার্লামেন্টে এর প্রতিফলন ঘটেছিলো। জিয়াউর রহমানের মৃত্যুর পর জেনারেল হুসেইন মুহাম্মদ এরশাদ বন্দুকের নলের মুখে রক্তপাতহীন এক অভ্যুত্থানে ক্ষমতা দখল করেন। তিনি জিয়াউর রহমানের দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ওপর খড়গহস্ত হন। বিএনপি নেতাদের ভাগিয়ে গঠন করেন জাতীয় পার্টি। অপরদিকে, শেখ হাসিনার আওয়ামী লীগ হয়ে উঠে জেনারেল এরশাদের রাজনৈতিক সহযোগী। প্রতিকূল পরিস্থিতির মধ্যে বিএনপির হাল ধরেন জিয়াউর রহমানের বিধবা স্ত্রী বেগম খালেদা জিয়া। এরশাদের ক্ষমতা গ্রহণের পর থেকে আমরা শেখ হাসিনার মধ্যে গণতান্ত্রিক রাজনীতির পরিবর্তে ষড়যন্ত্রমূলক সুবিধাবাদী রাজনীতির চরিত্র দেখতে পাই। সেনাশাসক এরশাদের ক্ষমতা গ্রহণের পর শেখ হাসিনা তাকে স্বাগত জানান এবং নিজে গণমাধ্যমে সাক্ষাৎকারে জানান, এরশাদের ক্ষমতা গ্রহণে তিনি অখুশী নন। তার সেই বিখ্যাত উক্তিটি ছিলো 'আই অ্যাম নট আন হ্যাপি।'

এরশাদের আট বছরের স্বৈরশাসনে শেখ হাসিনার দল প্রতিটি নির্বাচনে অংশ নিয়ে তার অবৈধ শাসনকে বৈধতা দিয়েছেন। দল পরিচালনায় জেনারেল এরশাদের কাছ নানা সুবিধা নিয়েছেন। এমনকি এরশাদের সাথে সং ভ্রাইভেও যেতেন হাসিনা। বেগম খালেদা জিয়া যখন আপোসহীনভাবে এরশাদবিরোধী আন্দোলনে রাজপথে ছিলেন। শেখ হাসিনা তখন ছিলেন জেনারেল এরশাদের পার্লামেন্টে। এরশাদের দলের সাথে শেখ হাসিনার এই মৈত্রীর সম্পর্ক তার পালিয়ে যাওয়ার আগ পর্যন্ত বহাল ছিলো। এরশাদের দল জাতীয় পার্টি শেখ হাসিনার গণহত্যার সহযোগী। যদিও জাতীয় পার্টি এখন তার অতীত মুছে ফেলার চেষ্টা করছে।

শেখ হাসিনার পালিয়ে যাওয়ার রাজনীতি আমরা আরেকবার দেখি ২০০৭ সালে ওয়ান ইলেভেনের পর। তৎকালীন সেনাসমর্থিত সরকার রাজনীতি থেকে দুই নেত্রীকে মাইনাস করার পরিকল্পনা গ্রহণ করে। ২০০৭ সালের ১৬ জুলাই শেখ হাসিনাকে চাঁদাবাজির এক মামলায় গ্রেফতার করে সেনাসমর্থিত সরকার। এরপর ৩ সেপ্টেম্বর গ্রেফতার করা হয় বেগম খালেদা জিয়াকে। শেখ হাসিনা ১১ মাস কারাবন্দি থাকার পর ২০০৮ সালের ১১ জুন জামিনে মুক্ত হয়ে বিদেশ চলে যান। যাওয়ার আগে তিনি হবনেশী সেনা সরকারের সব কাজের বৈধতা দেয়ার প্রতিশ্রুতি দেন।

তৎকালীন সরকার এ সময় বেগম খালেদা জিয়াকে দেশ ছাড়ার জন্য চাপ দেন। কিন্তু তিনি দেশ ছাড়তে অস্বীকার করেন। অবশেষে ২০০৮ সালের ১১ সেপ্টেম্বর খালেদা জিয়াকে মুক্তি দিতে বাধ্য হয় সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার। বেগম খালেদা জিয়া কখনো দেশ ছেড়ে যাননি। এরপর শেখ হাসিনা ক্ষমতা গ্রহণের পর খালেদা জিয়াকে হয়রানিমূলক মামলায় কারারুদ্ধ করেন। কিন্তু শেখ হাসি ভেঙেছেন খালেদা জিয়াই। তিনি এখনও দেশে আছেন। হাসপাতালে অসুস্থ থেকে খালেদা জিয়া জানতে পারেন, জনরোষ থেকে বাঁচতে শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে গেছেন।

জেনারেল মইন উদ্দিন আহমেদ ও ফখরুদ্দিন আহমেদের অবৈধ সরকারকে স্বীকৃতি দেয়ার বিনিময়ে ২০০৮ সালে প্রশ্নবিদ্ধ এক নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বিজয়ী হয়ে ক্ষমতা গ্রহণ করেন শেখ হাসিনা। এরপর বাংলাদেশ ধীরে ধীরে হয়ে উঠে ভারতের নতুন উপনিবেশ। শেখ হাসিনার পিতার একদলীয় শাসন ব্যবস্থাকে যেভাবে ভারত ও রাশিয়া সমর্থন দিয়েছে। শেখ হাসিনার স্বৈরশাসনের প্রতিও ছিলো ভারত ও রাশিয়ার সমর্থন।

শেখ হাসিনার হাত শুধু ছাত্র-জনতার রক্তে রঞ্জিত নয়, ভারতের স্বার্থে এ দেশের স্বাধীনচেতা রাজনীতিবিদদের তিনি প্রহসনের বিচারের মাধ্যমে হত্যা করেছেন। নিয়তির নির্মম পরিহাস হচ্ছে, মানবতাবিরোধী অপরাধে আজ তার বিচার প্রক্রিয়া শুরু হয়েছে। ছাত্র-জনতার হত্যার তদন্ত করতে এখন বাংলাদেশে আসছে জাতিসংঘের প্রতিনিধিরা। হয়তো শেখ হাসিনাকে আন্তর্জাতিক আদালতের মুখোমুখি হতে হবে।

শেখ হাসিনা তার পিতার পথ অনুসরণ করে দেশের নির্বাচন ব্যবস্থা ধ্বংস করেন। বিরোধী রাজনৈতিক দলগুলোকে নির্বাচন থেকে দূরে রাখতে কখনো রাতের ভোট, কখনো ডামি ভোট করে ক্ষমতা পাকাপোক্ত করার চেষ্টা করেছেন। তিনি এজন্য পুরোপুরিভাবে ছিলেন ভারতের ওপর নির্ভরশীল। কিন্তু শেখ হাসিনা কখনো জনগণের ম্যান্ডেটের প্রয়োজন বোধ করেননি। তাদের মুখোমুখি হননি। শেখ হাসিনা আর কখনোই জনগণের মুখোমুখি হতে পারবেন না।

শেখ হাসিনা যদি দেশ ও দলের প্রতি দায়িত্ব বোধ করতেন তাহলে নতুন নির্বাচনের ঘোষণা দিয়ে পদত্যাগ করতেন। আন্দোলনের মুখে ৯৬ সালে বেগম খালেদা জিয়া পদত্যাগ করেছিলেন। বিরোধী দলের দাবি মেনে নিয়ে সংবিধান সংশোধন করেছিলেন। তিনি জনগণের মুখোমুখি হয়েছিলেন। নির্বাচনে বিজয়ী হয়ে বিরোধী দলের আসনে বসেছিলেন। কিন্তু শেখ হাসিনার সে সাহস ছিলো না। কারণ তার হাতে লেগে আছে বহু মানুষের রক্তের দাগ।

শেখ হাসিনা জানতেন দেশের মানুষ কৃতকর্মের জন্য তাকে কতটা ঘৃণা করে। তিনিও বিক্ষুব্ধ মানুষকে শত্রু বিবেচনা করেছেন। পালিয়ে যাওয়ার আগ পর্যন্ত নগ্ন পীড়ন ও হত্যাকাণ্ডের মাধ্যমে বিক্ষোভ দমনের চেষ্টা করেছেন। তার নির্দেশে অন্তত আটশ মানুষকে হত্যা, দশ হাজার মানুষকে আহত ও চারশ মানুষকে অন্ধ করে ফেলা হয়েছে। এমনকি হাসিনার পুলিশ নিহত মানুষের লাশ পুড়িয়ে ফেলার মতো নৃশংসতা দেখিয়েছে।

শেষ পর্যন্ত তিনি দেশের মানুষের বিরুদ্ধে সেনাবাহিনীকে ব্যবহারের চেষ্টা করেন। হাসিনা যদি পালিয়ে না যেতেন, গণভবনে তার পরিণতি হতে পারতো লিবিয়ার স্বৈরশাসক গাদ্দাফির মতো। প্রকৃতপক্ষে সেনাবাহিনীর তাড়িৎ সিদ্ধান্তে তিনি প্রাণে বেঁচেছেন।

দেশের মানুষ তো বটে, তার দলের নেতাকর্মীদের মুখোমুখি হওয়ার মতো সাহস আর শেখ হাসিনার নেই। শেষ পর্যন্ত তিনি দলের নেতাকর্মীদের জনগণের মুখোমুখি দাঁড় করিয়েছিলেন। তাদের হাতে অস্ত্র তুলে দিয়ে চেষ্টা করেছেন গৃহযুদ্ধের পরিস্থিতি সৃষ্টির। তিনি শুধু নৃশংস শাসক ছিলেন না একই সাথে ছিলেন ভীরু, পলায়নপর ও লোভী রাজনীতিক। প্রতিহিংসা চরিতার্থ করা ছিলো তার রাজনীতির লক্ষ্য। বিশ্বের অন্য স্বৈরশাসকদের পরিণতি থেকে তার পরিণতি ব্যতিক্রম হওয়ার কোনো সম্ভবনা নেই। তার শেষ আশ্রয়স্থল ভারত। এমনকি পশ্চিমা বিশ্বের কোনো গণতান্ত্রিক দেশ তাকে আশ্রয় দেবে- এমনটি বিশ্বাস করার কোনো কারণ নেই।

## শ্বেতপত্র থেকে জানা যাবে অনেক তথ্য

১১ পৃষ্ঠার পর

আরও অভাবে। এসব বিবেচনায় নিয়ে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সরকারকে পদক্ষেপ নিতে হবে। গত জুলাই মাসে খাদ্য মূল্যস্ফীতির হার ছিল ১৪ শতাংশের কাছাকাছি। জানা গেছে, গত মাসে অর্থাৎ আগস্ট মাসে খাদ্য মূল্যস্ফীতি আগের মাসের তুলনায় কিছুটা কমেছে। আপাতদৃষ্টিতে এটি সুসংবাদ হলেও এতে বেশি আশ্বস্ত হওয়ার সুযোগ নেই। আগের মাসের তুলনায় আগস্ট মাসে খাদ্য মূল্যস্ফীতি কিছুটা কমলেও এখনো খাদ্য মূল্যস্ফীতির হার অনেক উচ্চ মাত্রায় বিরাজ করছে। অর্থাৎ পরিস্থিতি মোকাবিলায় স্বল্প ও সীমিত আয়ের মানুষ রীতিমতো হিমশিম খাচ্ছে। সার্বিকভাবে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের গভর্নর সংকোচনমূলক মুদ্রানীতির ওপর গুরুত্ব আরোপ করেছেন। এটি ইতিবাচক। বস্তুত কেবল সংকোচনমূলক মুদ্রানীতি বাস্তবায়নের উদ্যোগ নিলেই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসবে, এটা আশা করাটা বাস্তবসম্মত হবে না। অতিরিক্ত হারে খাদ্য মূল্যস্ফীতি বৃদ্ধির সঙ্গে বাজার ব্যবস্থাপনার ত্রুটিসহ আরও কিছু বিষয় সরাসরি জড়িত। বাজারে সিন্ডিকেটের প্রভাব না কমলে মূল্যস্ফীতির হার নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে না। চাঁদাবাজি ও সিন্ডিকেটের প্রভাব কমাতে যা যা করা দরকার, এর সবই সরকার করবে, এটাই প্রত্যাশা। আমদানি পণ্যের ক্ষেত্রে নিয়মনীতি শিথিল করা, যা ইতোমধ্যে শুরু হয়েছে, তার পরিধি আরও বাড়ানোর পদক্ষেপ নেওয়া দরকার। আমদানি পণ্যের ক্ষেত্রে যাতে কোনো আমদানিকারকের একক আধিপত্য না থাকে, এটাও নিশ্চিত করা দরকার। এক্ষেত্রে প্রতিযোগিতার সুযোগ বাড়ানোর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি নতুন প্রতিযোগীদের টিকে থাকার বাধা দূর করার পদক্ষেপ নেওয়াও জরুরি। আমদানির সঙ্গে বিভিন্ন পণ্যের উৎপাদনের বিষয়টি সরাসরি জড়িত। কাজেই আমদানির জন্য ডলারের পর্যাপ্ত জোগান নিশ্চিত করতে হবে। বাজারকেন্দ্রিক চাঁদাবাজিসহ বিভিন্ন ক্ষেত্রে চাঁদাবাজি বন্ধ করার পদক্ষেপ নিতে হবে জরুরি ভিত্তিতে। এসব সমস্যার টেকসই সমাধানে ব্যবসার পরিবেশের উন্নতির জন্যও কার্যকর পদক্ষেপ নিতে হবে।

লেখক : বিশ্বব্যাংকের ঢাকা মিশনের সাবেক প্রধান অর্থনীতিবিদ।

## ট্রাম্প যেভাবে অভিবাসীদের জীবন হুমকিতে ফেলছেন

৬ পৃষ্ঠার পর

বের করে দেবেন। তিনি বলেছেন, 'আমাদের দেশের ইতিহাসে সবচেয়ে বড় নির্বাসন মঞ্চস্থ করা হবে।'

এই অভিবাসীদের বিষয়ে ট্রাম্প ও ভ্যান্স যে অভিযোগ করেছেন, তা সম্পূর্ণ ভুয়া। ওহাইওর রিপাবলিকান গভর্নর মাইক ডিওয়াইন গত বুধবার সিবিএস নিউজকে বলেছেন, 'এখানে প্রচুর কাজ ছিল বলে এই হাইতিয়ানরা এখানে কাজ করতে এসেছিলেন এবং তাঁরা প্রচুর শূন্য কর্মস্থল পূরণ করেছেন। আপনি যদি নিয়োগকারীদের সঙ্গে কথা বলেন তাহলে জানতে পারবেন, তাঁরা খুব, খুব ভালো কাজ করেন; তাঁরা খুব, খুব কঠোর পরিশ্রম করেন।'

ট্রাম্পের আরেকটি ভুয়া দাবি এখন কলোরাডোর অরোরা এলাকায় বৈধ অভিবাসীদের হুমকিতে ফেলেছে। ট্রাম্প বলেছেন, এলাকাটি ভেনেজুয়েলা থেকে আসা অপরাধীরা 'দখল' করেছে। অরোরার রিপাবলিকান পার্টির মেয়র ও সিটি কাউন্সিলের সদস্যরা এক যৌথ বিবৃতিতে বলেছেন, ট্রাম্পের এই দাবি মোটেও সত্য নয়। ট্রাম্পের ভিত্তিহীন এই দাবি স্প্রিংফিল্ডের মতো অরোরার নিরীহ লোকদের জন্যও সর্বনাশ ডেকে আনছে। সেখানকার অভিবাসীরা বলছেন, তাঁদের অনেকে এসে বলছেন, তাঁদের জাতীয়তা চাকরি পাওয়া বা বসবাসের অনুমতি পাওয়ার অযোগ্য করে তুলছে। ট্রাম্পের দাবিগুলো পরিস্থিতিকে হুমকির দিকে নিয়ে যাচ্ছে এবং জাতীয়তাবাদী সশস্ত্র গ্রুপগুলোকে শহরে অভিবাসনবিরোধী সহিংসতা ছড়াতে উসকানি দিচ্ছে। ট্রাম্প ও ভ্যান্স প্রাচীনতম কুৎসিত চাল দিচ্ছেন। তাঁরা সমাজের মধ্যে 'আমরা' ও 'অন্যরা' তৈরি করে বিভেদ সৃষ্টি করছেন। তিনি 'অন্যরা' শব্দটি অভিবাসীদের ক্ষেত্রে এমনভাবে ব্যবহার করছেন, যাতে তাঁদের অমানবিক মনে হয়। তিনি তাঁদের শহর দখলকারী ও প্রিয়জনকে গ্রাসকারী হিসেবে দেখাতে চাচ্ছেন।

স্প্রিংফিল্ডের মানুষের কাছে তাঁদের পোষা প্রাণী প্রিয়জনের মতো। কিন্তু সেখানকার ইহুদিরা শিশুদের গিলে খাচ্ছে-এই ভয়ংকর নাৎসি দাবি তো ভুয়া দাবি থেকেও অনেক দূরে। স্প্রিংফিল্ডে 'হাইতিয়ানদের' কিংবা অরোরাতে 'ভেনেজুয়েলানদের' জায়গায় 'ইহুদি' শব্দটি প্রতিস্থাপন করুন। দেখবেন, আপনি ১৯৩০ দশকের নাৎসিদের কাছে ফিরে গেছেন।

অভিবাসীদের শয়তান ও অমানবিক হিসেবে তুলে ধরার মাধ্যমে ট্রাম্প ও ভ্যান্স শুধু দেশজুড়ে কিছু দোদুল্যমান ভোটারদের মন জয় করতে চাইছেন তা নয়, এর মধ্য দিয়ে তাঁরা আমেরিকাকে আরও ভয়ংকর ও আরও বর্ণবাদী জাতিতে পরিণত করার চেষ্টা করছেন। আট মাস আগে নিউ হ্যাম্পশায়ারে একটি সমাবেশে ট্রাম্প অভিবাসীদের সম্পর্কে বলেছিলেন, 'তাঁরা আমাদের দেশের রক্ত দূষিত করছে।' তাঁর এই কথা মূলত অ্যাডলফ হিটলারের উক্তি থেকে নেওয়া।

প্রচারাভিযানে জয়লাভ করার শেষ চেষ্টা হিসেবে ট্রাম্প ও ভ্যান্স অভিবাসী-বিদেশীদের আরও সহিংস হয়ে ওঠার জন্য তাগিদ দিয়ে যাচ্ছেন। ১০ সেপ্টেম্বর ভ্যান্স তাঁর সমর্থকদের বিড়ালের মিমগুলোকে সামাজিক যোগাযোগমাধ্যমে আরও বেশি করে পোস্ট করতে বলেছেন। মজার ব্যাপার হলো, তাঁরা তাঁদের নিজেদের দেশের মানুষকে বিপন্ন করে বিড়াল রক্ষার প্রচারণা চালাচ্ছেন। আমি আবার বলছি, আমাদের গণতন্ত্রে সহিংসতা বা সহিংসতার হুমকির কোনো জায়গা নেই। ট্রাম্পের ওপর গত রোববার দ্বিতীয়বার যে হত্যাচেষ্টা হয়েছে, সম্পূর্ণরূপে ঘৃণ্য। এটি স্বীকার করে নিয়েই বলছি, এটি সেই ঘৃণাজড়া রাজনীতির একটি উপসর্গ, যা ট্রাম্প ও ভ্যান্স উসকে দিচ্ছেন।

*রবার্ট রাইশ যুক্তরাষ্ট্রের সাবেক শ্রমমন্ত্রী ও ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া বার্কলের পাবলিক পলিসির অধ্যাপক*
*দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, অনুবাদ: সারফুদ্দিন আহমেদ। (প্রথম আলো থেকে সংগৃহিত)*

## তারা সময়মতো আসবে!

১ পৃষ্ঠার পর

কেউ কাছে ভিড়ে না। আমাদের ছাত্র সমন্বয়ক সারজিস আলম গর্জন করার চেষ্টা করেন, শারিরীক সীমাবদ্ধতার জন্য তা হয়ে উঠে না, গাড়ীর ব্রেক কষার 'ক্যাচ ক্যাচ' হয়ে যায়। ভালো হয়, তিনি যদি স্বাভাবিক কথা বলেন। শ্রুতিমধুর হবে। 'গর্জন' আজকের বিষয় না। আমার জানার ইচ্ছা, ক্লাসের বাইরে ছাত্রদের আর কতদিন দায়িত্ব পালন করতে হবে? এ প্রশ্নে কেউ কেউ লাফিয়ে উঠতে পারেন, 'আপনার মতলব সুবিধের নয়। শূণ্য মাঠে গোল দিতে চান? তা হবে না।'

দুঃখিত, আমার সে খায়েশ-যোগ্যতা, কোনটাই নেই। জানতে চাচ্ছিলাম, দ্বৈত শাসনতো দীর্ঘকাল চলতে পারে না। সারাদেশে অরাজক পরিস্থিতি। মব জাস্টিস। শিক্ষক প্রহার। ঘরে-ঘরে ধরে মারধর। ঢাকায় জিন্নাহর স্মরণ সভা, মাজার ভাঙচুর। হজরত শাহজালাল (রঃ) সহ ৩৬০ আউলিয়া সিলেট অঞ্চলে ইসলামের আলো ছড়িয়েছেন। এখন তাঁদের মাজারে হামলা! এরা কোথাকার মুসলমান? অজুহাত তোলা হয়, মাজারে গান-বাজনা, গঞ্জিকার। ভালো কথা, ওয়াজ করো, মানুষকে বুঝাও। জনসচেতনতা বাড়াও। তাই বলে পুলিশের ভূমিকায় তোমাকে নামার কে অধিকার দিয়েছে? কে অধিকার দিয়েছে সাংস্কৃতি-শাসন ঠেকে মাজার ভাঙার? নেটিজেনরা বলছেন, মোদির ভয়ে এরা মন্দির পাহারা দেয়। মাজার ভাঙতে অনুমিত কোথায়? এখানে কোন মোদি নেই!

এ দিকে গ্যাস নেই, বিদ্যুৎ নেই। অসহ লোডশেডিং। তিনটি সারকারখানা বন্ধ। বন্ধ শত শত গার্মেন্টস। পাম্পে গ্যাসের জন্য লম্বা লাইন। দেউলিয়া হওয়ার পথে দশ ব্যাংক। গ্রাহকেরা নিজের টাকা তুলতে পারছেন না। জিনিসপত্রের দাম বাড়ছে হু হু করে। ভারতের আদানির বিদ্যুৎ বিল ও (রাশিয়ার) রূপপুরের নিউক্লিয়ার বিল সুদে-আসলে বাড়তেই আছে। পরিশোধের চাপ দিচ্ছে পাওনাদাররা। নাভিশ্বাস উঠছে মানুষের। এর মাঝে বলা শুরু হয়েছে 'আগের সরকারই ভালো ছিলো।' স্বৈরাচারের (?) কে কোথা দিয়ে ঢুকে পড়লো তার চেয়ে এই মুহূর্তে জরুরী দেশে সুশাসন প্রতিষ্ঠা। দ্বৈত শাসনের অবসান। ছাত্রদের কর্তৃত্বকে অকার্যকর ঘোষণা। জনতা আছে, তারা পূরণ করবে ছাত্রদের স্থান।

সবচেয়ে বড় কথা, স্বৈরাচারের লোকজনতো বাইরে থেকে আসবে না। তারাতো দেশেই আছে। স্বৈরাচারের দল নির্বাচনে ৪০ থেকে ৪৩ শতাংশ ভোট পায়। বাংলাদেশে এমন কোন গ্রাম বা পাড়া-মহল্লা নেই যেখানে আওয়ামী লীগের কর্মী-সমর্থক নেই। তারা সময়মতো ঠিকই আসবে। কি ভাবে, কোথা দিয়ে, কি করে, কোন সময়ে আসবে তা আপনিও জানেন না, আমিও জানি না। তবে ইতিহাস বলে, বাস্তবতা বলে, তারা আসবে। ফিরে আসবে!

## ক্যাম্পাসে পিটিয়ে হত্যায়, স্তম্ভিত বাংলাদেশ

৬৪ পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এক বৈঠকে বাংলাদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনের সূতিকাগার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র ও শিক্ষক রাজনীতি বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করে। অপরদিকে, একই দিনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাংলাদেশ ছাত্রলীগের একজন প্রাক্তন নেতাকে পিটিয়ে হত্যা করে শিক্ষার্থীরা। দুই বিশ্ববিদ্যালয়ের ঘটনা মানবিকতা ও নৈতিকতার চরম অবক্ষয় বলে মনে করা হচ্ছে। গণপিটুনির মাধ্যমে এভাবে মানুষ হত্যার ঘটনায় ধিক্কার জানাচ্ছেন সবাই। ঘটনার সুষ্ঠু তদন্ত করে অভিযুক্তদের বিচারের দাবি করেছেন অনেকেই।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে বুধবার রাতে শিক্ষার্থীদের মারধরে তোফাজ্জল হোসেন নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। চোর সন্দেহে তিন ধাপে তার ওপর চালানো হয় অমানব নির্যাতন। এ ঘটনায় দুঃখ প্রকাশ করে ঢাবি প্রশাসন জড়িতদের বিচারের আওতায় আনারও ঘোষণা দিয়েছে। গঠন করেছে তদন্ত কমিটি, করেছে মামলা। এর পরিপ্রেক্ষিতে শাহবাগ থানা পুলিশ বৃহস্পতিবার বিকাল পর্যন্ত ছয় শিক্ষার্থীকে গ্রেফতার করেছে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো সর্বোচ্চ বিদ্যাপীঠে এমন নির্মমতায় বিস্ময় প্রকাশ করেছেন অনেকেই। আর ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত ক্যাম্পাসে দলীয় রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেছে। তোফাজ্জল হোসেন পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী ইউনিয়নের তালুকের চরদুয়ানী গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে। তিনি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ছিলেন। পরিবারের সদস্যরা জানিয়েছেন, অল্প কিছুদিনের মধ্যে তার মা, বাবা ও বড় ভাই মারা যান। প্রেমিকাও তাকে ছেড়ে গেলে মানসিক ভারসাম্যহীন হয়ে পড়েন। ঘুরতেন রাস্তায় রাস্তায়। ক্ষুধার জ্বালা মেটাতেই তিনি হয়তো সেখানে গিয়েছিলেন। পিটিয়ে মারার আগে তোফাজ্জল হোসেনকে ভাত খেতে দেয় শিক্ষার্থীরা। তিনি বুঝতে পারেননি, এই খাওয়াই তার শেষ খাওয়া।

প্রত্যক্ষদর্শীরা জানান, বুধবার দুপুরে হলের মাঠে শিক্ষার্থীদের ক্রিকেট খেলা চলাকালে ছয়টি মোবাইল ফোন চুরি হয়। রাত ৮টার দিকে তোফাজ্জল হলে ঢুকলে চোর সন্দেহে তাকে ধরে ফেলেন কয়েকজন শিক্ষার্থী। এ সময় তিনি অসংলগ্ন কথাবার্তা বললে তাকে অতিথিকক্ষে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ এবং মারধর করেন কয়েকজন। এরপর হলের ক্যান্টিনে রাতের খাবার খাওয়ানো হয় তাকে। পরে হলের এক্সটেনশন ভবনের অতিথি কক্ষে নিয়ে ফের মারধর করা হয়। সেখান থেকে আবার প্রধান ভবনের অতিথি কক্ষে নিয়ে তৃতীয় দফায় মারধর করা হয়। নির্যাতনে শরীরের কোথাও কোথাও তার মাংস পর্যন্ত ফুলে পড়ে। রাত সাড়ে ১০টায় শাহবাগ থানায় নিয়ে যাওয়া হয়। শারীরিক অবস্থার অবনতি হলে সেখান থেকে ঢাকা মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে সেখানে মারা যান তোফাজ্জল। গ্রেফতার শিক্ষার্থীরা হলেন-ছাত্রলীগের হল শাখার উপবিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক থেকে পদত্যাগ করা পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী জালাল আহমেদ; মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ সুমন এবং পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটের শিক্ষার্থী মোত্তাকিন সাকিন। গ্রেফতার অন্য তিনজন হলেন আল হুসাইন সাজ্জাদ, আহসান উল্লাহ ও সমুদ্রবিজ্ঞান বিভাগের ওয়াজিবুল আলম। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সাইফুদ্দিন আহমেদ জানান, তোফাজ্জলকে আঘাত করার প্রাথমিক প্রমাণ পাওয়ায় এদের গ্রেফতার করা হয়। মোবাইল ফোন হারানো এক শিক্ষার্থী যুগান্তরকে জানান, দুপুরে আমাদের ছয়জনের মোবাইল খেলার মাঠ থেকে চুরি হয়ে যায়। এরপর আমরা শাহবাগ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করি। রাতে তোফাজ্জল নামের একজন ব্যক্তিকে চোর সন্দেহে আটক করে সাধারণ শিক্ষার্থীরা। তাকে কিছু শিক্ষার্থী মারধর করে। এরপর হাউজ টিউটর ও প্রভোস্টিয়াল বডির সহায়তায় তাকে শাহবাগ থানায় নিয়ে যাওয়া হয়। তোফাজ্জল হেঁটে গাড়িতে ওঠেন। গ্রেফতার হওয়ার আগে বৃহস্পতিবার দুপুরে যুগান্তরের সঙ্গে কথা বলেন জালাল আহমেদ। তিনি কিছু করেননি দাবি করে বলেন, আমাকে হলের হাউজ টিউটররা সেখানে গিয়ে দেখতে বলেন কী হচ্ছে। তবে কাউকে মারধর করিনি। বরং একজন জুনিয়র স্ট্যাম্প দিয়ে মারধর করতে গেলে তাকে থামানোর চেষ্টা করি। প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানান, সন্ধ্যা থেকে রাত পর্যন্ত মারধরের ঘটনায় পর্যায়ক্রমে বিভিন্ন সেশনের শিক্ষার্থীরা জড়িয়েছে। এদের মধ্যে কারও ভূমিকা ছিল আক্রমণাত্মক আবার কারও ছিল রক্ষণশীল।




# নবীজির সালিশ ও বিচার ফয়সালা

মুহাম্মদ মিযান বিন রমজান

সালিশ-সমাধান ও জনগণের মধ্যকার পারস্পরিক ঝগড়া-বিবাদ মীমাংসাকরণ ইসলামের দৃষ্টিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। বিচার দিনের মালিক মহান আল্লাহ রাব্বুল আলামীন পৃথিবীতে মানুষের মাঝে বিচার ফয়সালার দায়িত্ব দিয়ে কিতাব সহকারে হযরত মুহাম্মদকে (সা.) প্রেরণ করেছেন।

ইরশাদ হচ্ছে-'আমি আপনাকে কিতাব সহকারে প্রেরণ করেছি এ জন্য যে, আপনি মানুষের মাঝে সত্যিকার বিচার করবেন, আল্লাহ যেভাবে দেখিয়ে দিয়েছেন ঠিক সেভাবে। আর আপনি খিয়ানতকারীদের পক্ষে বাদানুবাদ করতে যাবেন না। *(সুরা নিসা, আয়াত ১০৫)*।

শান্তি ও মুক্তির দূত, সফল রাষ্ট্রনায়ক, পৃথিবীর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বিচারক, মহামানব মুহাম্মাদুর রাসুলুল্লাহ সা. বিচার কাজটিকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। দুষ্টের দমন ও শিষ্টের লালনে সঠিক পন্থা অবলম্বন করে তিনি সঠিক বিচার ব্যবস্থা প্রতিষ্ঠাকারী মহান ব্যক্তিত্ব। নবীজি (সা.) তার ৬৩ বছর হায়াতে এ দায়িত্ব পালনের লক্ষ্যেই সমাজে শান্তি কায়েমের জন্য উপযুক্ত বিচার ব্যবস্থা প্রতিষ্ঠা করে গেছেন। আবার কীভাবে উপযুক্ত বিচার প্রতিষ্ঠা করতে হয়, হাতে কলমে তা বাতলে গেছেন। তিনি নিজের কারণে কখনো কাউকে বিচারের কাঠগড়ায় দাঁড় করাননি। নিজের কারণে কারো থেকে প্রতিশোধ কখনো নেননি।



হজরত আওফ বিন মালিক (রা.) বলেন, সিরিয়া অঞ্চলে আমরা একটা যুদ্ধে গিয়েছিলাম। আমাদের সেনাপতি ছিলেন খালিদ বিন ওয়ালিদ। হিমযার গোত্রের এক ব্যক্তি যুদ্ধকালে শত্রু পক্ষের একজনকে হত্যা করে। সে নিহত ব্যক্তির 'সালাব' *(নিহত ব্যক্তির সাথে থাকা অস্ত্র, কাপড়-চোপড়, অর্থকড়ি ও অন্যান্য সামগ্রীকে একত্রে সালাব বলে)* পেতে চেয়েছিল।

কিন্তু খালিদ বিন ওয়ালীদ দিতে অস্বীকার করেন। তিনি ছিলেন দলপতি। আওফ বিন মালিক তখন এরপর ২৮ পৃষ্ঠায়

# ইমাম মাহদির আসার পূর্বে যা যা ঘটবে পৃথিবীতে

মুফতি জহির রায়হান

অসংখ্য সহিহ হাদিস দ্বারা প্রমাণিত, দাজ্জালের আত্মপ্রকাশের পূর্বে পৃথিবীতে যখন পরিত্রাণহীন দুঃখ, বিরতিহীন পাশবিকতা, প্রতিকারহীন দুঃশাসন চলবে। সত্যকে লাঞ্ছিত করবে মিথ্যা, ধর্মকে নির্বাসিত করবে অধর্ম, ন্যায়কে পদপিষ্ট করবে অন্যায়। যখন সুন্দর ও কল্যাণের জন্য চরম দুর্দিন, সদাচার ও সততার জন্য ভয়াবহ দুর্ভিক্ষ, শিক্ষা ও সংস্কৃতির জন্য ঘোরতর দুর্যোগ, নারী ও দুর্বলের জন্য মৃত্যুময় চারপাশ। কোনো নীতির শাসন চলবে না, কেবলই চলবে 'জোর যার মুল্লুক তার'- এর রাজত্ব। মানুষের সমাজ ও জীবন পাপাচার, ব্যভিচার ও স্বেচ্ছাচারের অন্ধ আঘাতে বিবস্ত্র। জুলুমের নিশ্ছিদ্র প্রাচীরের তলে জীবন ও জনতা; আরবে, দেশে দেশে, বিশ্বময়।

দুনিয়ার বড় বড় জাতি ও সভ্যতা আধিপত্যের লড়াইয়ে ক্লান্ত। ক্ষয়িষ্ণু। ঠিক তখনই স্বর্গের সুরতি নিয়ে, চিরসত্যের মহিমা নিয়ে, খোদায়ি প্রজ্ঞা ও পবিত্রতার জীবন্ত প্রতিফলন হয়ে পৃথিবীতে আগমন ঘটবে মহানবী হজরত মুহাম্মদ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দৌহিত্র হজরত হাসানের (রা.) বংশের উজ্জ্বল নক্ষত্র, খলীফাতুল মুসলিমীন, 'মুহাম্মাদ বিন আবদুল্লাহ' ওরফে ইমাম মাহদি (রা.)। (১) হজরত আলী (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, ইমাম মাহদির আগমনের এরপর ৩৮ পৃষ্ঠায়



# উত্তম চরিত্রের ৮ বৈশিষ্ট্য

কে এম ছালেহ আহমদ

পরিবার ও সমাজে সুন্দর পরিবেশ গড়ে তুলতে, উত্তম চরিত্রের ভূমিকা অনন্য। একজন উত্তম চরিত্রবান ব্যক্তিই পারেন, একটি সমাজ ও পরিবারকে বদলে দিতে। পারেন অন্যায়-অবিচার থেকে মুক্ত করে সত্য ও ন্যায়ের পথে ধাবিত করতে। কবি বলেন, যুগ জামানা উলটে দিতে চাই না অনেকজন/এক মানুষই আনতে পারে জাতির জাগরণ।

চারিত্রিক গুণ দিয়েই রাসুল (সা.) পেরেছেন একটি বর্বর জাতিকে আদর্শ জাতিতে পরিণত করতে। সেজন্য বলা হয়, চরিত্র মানুষের অমূল্য সম্পদ। আর আল্লাহতায়ালার কাছে ওই ব্যক্তিই উত্তম, যে উন্নত চরিত্রের অধিকারী *(বোখারি-৬০৩৫)*।



নিম্নে উত্তম চরিত্রের আটটি বৈশিষ্ট্য তুলে ধরা হলো-

সত্যবাদিতা : উত্তম চরিত্রের অন্যতম একটি সত্যবাদিতা। হাদিসের বাণী, সত্য মানুষকে মুক্তি দেয় মিথ্যা মানুষকে ধ্বংস করে। রাসূল (সা.) বলেন, তোমরা অবশ্যই সত্যের পথ অবলম্বন করবে। কারণ সত্যবাদিতা পুণ্যের পথ দেখায়। আর পুণ্য জান্নাতের পথ দেখায় *(জামে তিরমিজি-১৯৭১)*।

আমানতদারিতা : এটি এক মহৎ গুণ। এ গুণের কারণে রাসূল (সা.) নিজ সম্প্রদায়ের কাছ থেকে আল আমিন-বিশ্বাসী উপাধিতে ভূষিত হয়েছিলেন। এ সম্পর্কে পবিত্র কুরআনে আল্লাহতায়ালা বলেন, নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিচ্ছেন, আমানতগুলো তার হকদারের কাছে পৌঁছে দিতে (সূরা আন নিসা-৫৮)।

মা-বাবার সঙ্গে সদ্ব্যবহার : 'আর তোমরা সবাই আল্লাহর বন্দেগি কর। তার সঙ্গে কাউকে শরিক কর না। বাপ-মার সঙ্গে ভালো ব্যবহার কর। নিকট আত্মীয় ও এতিম-মিসকিনদের সঙ্গে সদ্ব্যবহার কর। আত্মীয়, প্রতিবেশী, অনাত্মীয় প্রতিবেশী, পার্শ্বসঙ্গী, মুসাফির এবং তোমাদের মালিকানাধীন বাদী ও গোলামদের প্রতি সদয় ব্যবহার কর। নিশ্চিতভাবে জেনে রাখ, আল্লাহ এমন কোনো ব্যক্তিকে পছন্দ করেন না যে, আত্ম-অহংকারে ধরাকে সরা জ্ঞান করে এবং নিজের বড়াই করে' *(সূরা নিসা আয়াত ৩৬)*।

আত্মীয়তার সম্পর্ক : ক্ষমতা লাভ করলে সম্ভবত তোমরা পৃথিবীতে অনর্থ সৃষ্টি করবে এবং রক্ত সম্পর্কীয় আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে। এসব যারা করবে, তাদের প্রতিই আল্লাহ অভিসম্পাত করেন, 'অতঃপর তাদের বধির ও দৃষ্টিশক্তিহীন করেন' *(সূরা মুহাম্মাদ : ২২, ২৩)*। রাসূল বলেন, আত্মীয়তার বন্ধন ছিন্নকারী বেহেশতে প্রবেশ করবে না *(বোখারি-৫৮৮৪)*।

অঙ্গীকার পূর্ণ করা : অঙ্গীকার পূর্ণ করার মাধ্যমে ব্যক্তির প্রতি বিশ্বাসের আস্থা বৃদ্ধি পায়। সে কারণে ইসলাম অঙ্গীকার পূর্ণ করার ব্যাপারে জোর তাগিদ দিয়েছেন। যেমন আল্লাহতায়ালা বলেন, 'আর অঙ্গীকার পূর্ণ কর। কেননা অঙ্গীকার সম্পর্কে তোমরা জিজ্ঞাসিত হবে' *(সূরা বনি ইসরাইল-৩৪)*।

এরপর ৪৪ পৃষ্ঠায়



# আল্লাহর প্রিয় যারা

মুস্তাফিজ বিন হাবিবুল্লাহ

একজন প্রকৃত মুমিনের সবচেয়ে বড় চাওয়া হলো আল্লাহতায়ালার সন্তুষ্টি ও তাঁর ভালোবাসা। কারণ কারও প্রতি যদি আল্লাহ সন্তুষ্ট হন তাহলে আখেরাতে তার কোনো ভয়-ভীতি থাকবে না।

সে ত্রাসের সম্মুখীন হবে না। বরং সে আখেরাতে হাসিখুশি ও সুখে থাকবে। অনেক মানুষ আছে, যারা আমলের ক্ষেত্রে অগ্রসর। কিন্তু আল্লাহ তাদের প্রতি অসন্তুষ্ট। আবার কেউ কেউ এমন রয়েছেন, যারা বেশি আমল করেন না, তবুও আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট। কাউকে আল্লাহ ভালোবাসেন কিনা ও তাঁর প্রতি আল্লাহ সন্তুষ্ট কিনা এ ব্যাপারে কুরআন ও হাদিসে কিছু আলামতের উল্লেখ পাওয়া যায়।

যার মাধ্যমে মুমিন বান্দা নিজেই বুঝতে পারবেন আল্লাহ তার প্রতি সন্তুষ্ট কিনা ও আল্লাহর কাছে তিনি ভালোবাসার পাত্র কিনা। আল্লাহ বলেন, যারা সচ্ছল-অসচ্ছল উভয় অবস্থায় আল্লাহর রাস্তায় খরচ করে এবং ক্রোধ দমন করে ও লোকদের ক্ষমা করে আর আল্লাহ সৎকর্মশীলদের ভালোবাসেন এরপর ৪৭ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City সেপ্টেম্বর ২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২১ | ৫:২৭ | ৬:৪৩ | ১২:৪৯ | ৪:১৫ | ৬:৫৪ | ০৮:০৯ |
| ২২ | ৫:২৯ | ৬:৪৪ | ১২:৪৮ | ৪:১৪ | ৬:৫২ | ০৮:০৮ |
| ২৩ | ৫:৩০ | ৬:৪৫ | ১২:৪৮ | ৪:১২ | ৬:৫১ | ০৮:০৬ |
| ২৪ | ৫:৩১ | ৬:৪৬ | ১২:৪৮ | ৪:১১ | ৬:৪৯ | ০৮:০৪ |
| ২৫ | ৫:৩২ | ৬:৪৭ | ১২:৪৭ | ৪:১০ | ৬:৪৭ | ০৮:০২ |
| ২৬ | ৫:৩৩ | ৬:৪৮ | ১২:৪৭ | ৪:০৯ | ৬:৪৫ | ০৮:০১ |
| ২৭ | ৫:৩৪ | ৬:৪৯ | ১২:৪৭ | ৪:০৮ | ৬:৪৪ | ০৭:৫৯ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




# এ সপ্তাহের কবিতা



## বাংলা দোকান বা বাংলা গ্রোসারি
### লুৎফর রহমান রিটন

ভাই ভাই ভাই-
ভালোবাসি বাংলা খাবার তাই গ্রোসারি যাই।

বাংলা দোকান মানেই হলো দেশের সকল কিছু-
ঝিংগে-পটল-কাঁকরোল-পুঁই-কুমড়ো-কাঁঠাল-লিচু

বাংলা দোকান মানেই হলো সকল কিছুর গতি-
সেথায় পাবো রুই-পাঙ্গাশ-ইলিশ-কচুর লতি

বাংলাদেশের বিখ্যাত সেই কালিজিরা চাল
সজনে ডাঁটা চিচিঙ্গা মুগ মাষকলাইয়ের ডাল

লইট্টা শুটকি কিংবা চ্যাপা কাঁচকি বা আমচুর
সিঙ্গারা ডালপুরি কিংবা আখ-পাটালি গুড়

আমসত্ত জারা-লেবু জাম্বুরা সাতকরা--
বরইর আঁচার চাটনি-তেঁতুল আছে বয়াম ভরা।

বাইলা-মাগুর-পাবদা-কলি-বজুরি আর নলা
গুঁড়ো চিংড়ি-ট্যাংরা-পুঁটি-কাজলী আর মলা

সব পাওয়া যায় সব পাওয়া যায় বাংলা দোকান গেলে
শৈশব কৈশোরের স্মৃতি যা এসেছি ফেলে।

বিদেশ আছি তিরিশ বছর, কিন্তু আমি ভেতো
ওরে তোরা বাঘা বাড়ির ঘি এগিয়ে দে তো!

'ভেতো বাঙাল' বলে আমায় মুখ টিপে ক্যান্ হাসিস?!
দূর প্রবাসে মরার পরে বাংলা ভালোবাসিস......

লেখক : কবি, নিউইয়র্ক।



## যেদিন তুমি থাকবে না
### এবিএম সালেহ উদ্দীন

যেদিন তুমি চলে যাবে
শেষ হয়ে যাবে,-সোনালী শস্যের ঋতুপর্ব
হৃদয়ের মায়াজাল ছিন্ন হবে ঝরাপাতার মতো
স্মৃতিগুলো ভেসে যাবে সমুদ্রের জলধারায়
পঙ্কিলতায় ধুবরে পড়বে,শোষকের দানবীয় চোখ
ওরা নিক্ষিপ্ত হবে অভিশপ্ত আঁধারে
যেদিন তুমি থাকবে না
তোমার সাজানো বাগানে বয়ে যাবে,-কান্নার রোল
যেমনটি বয়েছিল একাত্তরে,-পঁচিশের ভয়াল রাত,মুক্তিযুদ্ধের নয়মাস,
পিলখানার ট্রাজেডী আর পঁচাত্তরের শোণিতধারায়
জুলাই-আগস্টের রক্তাক্ত রাজপথে
-চব্বিশের অভ্যুত্থান
যদিও
ক্ষমতার উগ্রতায় এখনও পুষ্ট হয়
রাষ্ট্রপুঞ্জের দানবীয় হিংস্রতা!
কালো পর্দায় বেরিয়ে আসে,-দুষ্টাচারের পিশাচি মুখ আর
হিটলারের দানবীয় চেহারা!
যেদিন তুমি থাকবে না
বুকফাটা কান্না হবে,ভেঙ্গে যাবে হৃদয়মিনার!
বিদীর্ণ বাতাসে ছড়িয়ে পড়বে,-উত্তপ্ত দাবানল
বেদনার শীর্ণ শাখায় উড়ে যাবে শোকার্ত পাখি
ফিলিস্তিনি শিশুর কান্নার মতো
সন্তানহারা মায়ের মতো
ইরাক কাঁদবে,সিরিয়া কাঁদবে:-কাঁদবে ইয়েমেন
উইগুরের বন্দিশালায় বয়ে যাবে,-নিষিক্ত হাহাকার!
যেদিন তুমি থাকবে না
আরাকান কাঁদবে,-কাঁদবে আলাউল
নাফ নদীর রক্তনালী মিশে যাবে
ফোরাতের শোণিত ধারায়
রোহিঙ্গার হতবিহ্বল বিধবা নারীর মতো
মাতৃহারা এতিম বালিকার মতো
মানবতার আর্তনাদে
দু:খগুলো মিশে যাবে নিঃসীম শূন্যতায়
যেদিন তুমি থাকবে না
হৃদয়প্রদীপ জ্বালিয়ে আমি খুঁজব তোমায়
খুঁজতে খুঁজতে,-সহসা লীন হয়ে যাব গহীনে
তোমারই আত্মার গভীরে...

লেখক : কবি, নিউইয়র্ক।



## মধ্যবর্তী
### মনিজা রহমান

কখন যে বেঁচে থাকি আর কখন মৃত
অনেক চেষ্টা করেছি বুঝতে।
যখন ভেবেছি বেঁচে আছি আসলে তখন আমি আমার মধ্যে থাকিনা।
যেমন ধরো তুমি যখন বুঝিয়ে দাও আমি অপদার্থ -
তখন কেউ জানতে পারেনা আমি বেঁচে নেই।
আমি জানি তোমাকে কেউ নদীর ভাঙনের মত
ভাঙতে চাইলে তোমারো মরে যেতে ইচ্ছা হবে।
মরে যেতে ইচ্ছা হওয়াও মরে যাওয়াই।
আসলে বেঁচে থাকতে থাকতে মরে যাওয়া
আর মরে যেতে যেতে বেঁচে থাকাই এখন না-মরা না-বাঁচা।

লেখক : কবি, নিউইয়র্ক।



## নীরব সংগীতের বর্ষা
### এইচ বি রিতা

বৃষ্টির সন্ধ্যার ঝড় নিয়ে বেঁকে আসে সময়
নীরব ক্লাশিংয়ের ডালপালা ছুঁয়ে
অদ্ভুত এক সঙ্গীতের নীরব সুর
বয়ে যায় প্রতিটি পাতায়, মিশে যায় ঘাসের রঙে
বাতাসও যেন তাই আজ কথা বলে।

পথের ধারের চেরিপ্লাম গাছের ছায়ায়,
সেরুন রঙা পাতারা নেতিয়ে আছে
ঘাসেদের বুকে বসে থাকি দিনরাত
চেয়ে থাকি দূরের আকাশে-
নীলিমার মাঝে ভেসে থাকা সাদা মেঘ
কি যেন বলতে চায়।
চাঁদের আলো যখন ছড়িয়ে পড়ে নদীর জলে,
হৃদয়ের গহীনে জেগে ওঠে
অজানা এক আবেগ।

সময়ের তরঙ্গে ভেসে চলে স্মৃতি,
একটি প্রাচীন কাব্যের মতো।

এই জীবন, প্রতিটি মুহূর্ত
প্রায়শই বেসুরা কবিতা হয়ে উঠে
ছন্দের পতন-চিত্রকল্প
অনুভূতির দরজায় চিৎকার করে মরে

তুমি এলে! আসতেই মাছের মরা চোখ
দৃষ্টি ফিরে পেলো
থেকে গেল ঝমঝমে বৃষ্টি
প্রচণ্ড দাবদাহের পর পৃথিবী হলো শান্ত
বর্ষার শান্তিবারি বর্ষণে।

এই নিস্তব্ধতায় একটি সমুদ্র আছে
যেখানে শব্দেরা ডুবে যায় মাতাল কবির মতো...!

লেখক : কবি, নিউইয়র্ক।



## মা
### আহম্মদ হোসেন বাবু

সন্তানের কথা ভেবে মা পথ হাঁটছেন
আমার মায়ের মন, ভীষণ বিষণ্ণ
অবাধ্য সন্তান আজ কেড়ে খায় অন্ন
দুষ্ট সন্তানেরা মার বুক ভাঙছেন!

'জেন-জি' প্রজন্ম হয়তো বিপথে যাচ্ছেন
শিক্ষক অবমাননা, সমাজ বিপন্ন
পারমাণবিক বিশ্বে বিপদ আসন্ন
স্রষ্টা একা হতে হতে নিঃসঙ্গ হচ্ছেন!

রাগে-শোকে মার বুকে জাগে যে কম্পন
এত কষ্ট, কাটা-ছেঁড়া তবুও ধীমান
একদিন মার হাতে থাকবে খড়গ-কৃপাণ
সেদিনেই সাঙ্গ হবে ভ্রষ্ট আয়োজন!

একবিংশ শতাব্দীতে কত কিছু বাকি
মহাকাল দেবে বলে, তাই চুপ থাকি।

লেখক : কবি, নিউইয়র্ক।



## শরৎ ভোরে
### সুফিয়ান আহমদ চৌধুরী

শরৎ ভোরে হিমেল হাওয়া
জুড়িয়ে মন যায়,
ফুলের বনে ফুলের হাসি
পরম মমতায়।
রোদের আলো ঝিলিক ঝিলিক
আলোর রাঙা বান,
ধানের মাঠে ধানের মেলা
কিষাণ কণ্ঠে গান।
খেলার ঘরে খেলার ধুম
শিশুরা খেলে সুখে,
আকাশ নীলে উড়ছে ঘুড়ি
আনন্দ মুখে মুখে।
সূর্য ছড়ায় রঙিন আলো
আলোয় রাঙা দেশ,
স্বদেশ হাসে নতুন সাজে
মধুর পরিবেশ।
গাঁয়ের কিষাণ ছনের ঘরে
কতই থাকে রাঙা,
আলোর দিন সুখের দিন
মনটা সুখে চাঙা।
সোনার ধান ফসল মাঠে
খুশির বান ডাকে,
পাখির দল উড়ছে ঝাঁকে
কিষাণ স্বপ্ন আঁকে।

লেখক : কবি, নিউইয়র্ক।

# Mayor Adams praises NYPD for 'great level of restraint' in subway shooting

Shah Nawaz



Mayor Eric Adams on Tuesday praised the NYPD officers who shot at an alleged fare evader on a crowded subway platform in Brooklyn on Sunday, striking and injuring four people.

"I think that those officers should be commended for how they really showed a great level of restraint," Adams said at his weekly news conference, in response to a reporter's questions. "It's just unfortunate that innocent people were shot because of that. But they were shot because they had a dangerous repeated offender on our subway system."

Authorities say that when police opened fire on 37-year-old Derell Mickles, they struck four people — Mickles, a man who was hit in the head, a woman who was grazed in the buttocks, and an officer who suffered minor injuries. Police say Mickles skipped the turnstiles without paying the fare at the Sutter Avenue L train station in Brownsville, Brooklyn, and — while holding a knife — made threatening statements to officers who pursued him. According to the NYPD, the officers first unsuccessfully tried to use their Tasers on Mickles, but then shot at him after he advanced on them.

The NYPD initially said police recovered a knife at the scene, but on Monday said it was a different knife than the one Mickles allegedly had. An unknown man walked off with Mickles' knife in the aftermath of the shooting and is being sought for removing the weapon from the scene, according to police officials.

Adams said he watched video of the incident and noted that officers tried repeatedly to "reason" with Mickles.

"He was shot because he had a knife and he went after the police officers after [they] repeatedly ask[ed] him to put down the knife," the mayor said. "I thought those officers responded accordingly."

Asked if he would make the video public, Adams deflected the question, citing police guidelines.



## Billie Eilish and Finneas Endorse Kamala Harris

Anik Raj

Billie Eilish and Finneas have endorsed Kamala Harris in her 2024 presidential bid.

The sibling musicians took to Instagram on Tuesday, National Voter Registration Day, to share their election preference.

"We are voting for Kamala Harris and Tim Walz because they are fighting to protect our reproductive freedom, our planet and our democracy," Eilish says in a video reel. "Vote like your life depends on it, because it does."

Finneas adds, "We can't let extremists control our lives, our freedoms and our future. The only way to stop them and the dangerous Project 2025 agenda is to vote and elect Kamala Harris."

"We need leaders who will solve problems like climate change and COVID, not deny them," she said. "Leaders who will fight against systemic racism and inequality, and that starts by voting for someone who understands how much is at stake, someone who's building a team that shares our values. It starts with voting against Donald Trump and for Joe Biden. Silence is not an option, and we can't sit this one out." Eilish's endorsement comes after Taylor Swift backed Harris last week following the vice president's debate with Trump. In an Instagram post, the pop star said she is voting for Harris "because she fights for the rights and causes I believe need a warrior to champion them," adding that she is "a steady-handed" and "gifted leader," and "I believe we can accomplish so much more in this country if we are led by calm and not chaos."

## Queens and Brooklyn experiencing more competition in rental market

Ajkal Desk

Over the course of the summer of 2024, viewed as the peak rental season, Queens and Brooklyn each experienced sharp increases in competition among renters compared to the same time in 2023 and Manhattan maintaining a high degree of such competition, according to a Rental Competitiveness Report by the real estate listing site RentCafe.



In the study, five relevant metrics in terms of rental competitiveness were applied to each city. These metrics were the number of days apartments were vacant and the percentage of apartments that were occupied by renters. the number of prospective renters competing for an apartment, the percentage of renters who renewed their leases and the share of new apartments completed recently. Based on the results from these metrics, a Rental Competitive Index score was calculated.

Manhattan was determined to have the ninth-hottest rental market across the United States in the summer of 2024, with a Rental Competitive Index score of 82.2. This is reflective of how challenging it is to get a rental apartment there. With so few units available, competition is fierce for the few that do enter the market. Apartment hunters in Manhattan faced a 65.8% lease renewal rate as virtually no new units opened there recently, leading to a high occupancy rate of 95.4% in peak season, up from 94.7% last summer. The few vacant apartments there are typically leased within 37 days, with nine renters competing for each available unit on average.

Queens and Brooklyn are facing growing challenges similar to those of Manhattan, including rising lease renewal rates amid limited new apartments. This is due in large part to the existing challenges in Manhattan, which are leading prospective renters to pivot to these nearby areas. Brooklyn is ranked right behind Manhattan in the Rental Index score, at 82 – the tenth-highest in the nation. This marks a huge year-over-year increase, up 10.3 points from 2023.

While the amount of new apartments in Brooklyn ended up increasing by 0.75% over this period of time, there was still a 3.3% jump in tenants renewing their leases, from 66.2% last year to 69.5% this year. Consequently, less than 4% of apartments in this borough are available for prospective renters, with an average of 14 people competing for each unit.

While the Rental Index score in Queens may not be as high as Manhattan or Brooklyn, this borough has seen the most significant boost in score among them, up 12.8 points from 58.7 in 2023 to 71.5 in 2024. The lease renewal rate has also gone up over this period of time, from 63.8% last year to 68.2% this year. That large increase has played a big part in apartments being highly sought after, with nine renters competing for each unit.

The notable increases in competitiveness across these boroughs and New York City as a whole can mainly be attributed to a combination of high lease renewal rates, limited new supply, and the city's ongoing economic strength. While renters looking for more affordable options have been turning to Brooklyn and Queens more often, these areas have now become just as competitive as Manhattan.

Based on the study's results, the national Rental Competitive Index score was 75.8. The average number of days that rentals were vacant increased from 37 last year to 39 this year, causing the average number of renters competing for each apartment to decrease from 10 to 9.

# 16 Republican-Led States Challenge Program to Aid Undocumented Spouses

Monowarul Islam

The program, announced on June 18 by President Biden, marked one of the most expansive actions to assist undocumented immigrants since Deferred Action for Childhood Arrivals was enacted 12 years ago.Credit...Haiyun Jiang for The New York Times



The new Biden administration initiative, which could put many undocumented spouses of Americans on a path to U.S. citizenship, began taking applications this week.

Texas and 15 other Republican-led states sued the Biden administration on Friday seeking to halt a new program that could give legal status to hundreds of thousands of undocumented immigrants who are married to U.S. citizens.

Filed just days after the program opened for applications, the lawsuit is the latest in a string of legal actions Texas has led challenging federal immigration policies and powers.

The suit, filed in the U.S. District Court for the Eastern District of Texas, seeks a temporary restraining order and preliminary injunction to immediately suspend the program.

In court filings, the states assert that the program is illegal because it exceeds the discretion that the executive branch has to set policy. "The Biden-Harris Administration — dissatisfied with the system Congress created, and for blatant political purposes — has yet again attempted to create its own immigration system," the 67-page court filing said.

"This agency action is nothing less than mass amnesty cloaked in purported executive discretion — a sweeping, last-minute ploy by an administration bent on rewriting immigration laws without Congress," it said.

It also said that the program ran afoul of the law because it misused so-called parole, an authority exercised by the Homeland Security Department to allow people outside the United States to enter the country for urgent humanitarian reasons, on a case-by-case basis.

The Biden program was, instead, attempting "to parole aliens en masse," who were already in the country, the motion said.

"Parole authority is not unbounded," it added.

In a statement, Angelo Fernández Hernández, a White House spokesman, said that Republican elected officials continue to demonstrate that they are more focused on playing politics than helping American families or fixing our broken immigration system."

"The lawsuit aims to separate American citizens from their spouses and stepchildren who are already eligible for lawful permanent residency and could remain together through this process," he said.

A spokeswoman for the Homeland Security Department, which is running the program, said that the agency would defend the program in court and continue to process new applications.

Under the new policy, up to 500,000 undocumented spouses could be shielded from deportation and given a pathway to citizenship and permission to work legally in the United States.

প্রধান বক্তা ছিলেন মুফতি ড. সৈয়দ আসনারুল করিম আজহারী, গেষ্ট এব অনার হিসেবে যথাক্রমে আল্লামা মুফি আবদুল মুনতাকিম (লন্ডন), মওলানা জেলাল উদ্দিন সিরাজী (জার্মান), বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মওলানা মুহাম্মদ এমদাদুল হক, মোওলানা ইমাম কাজী কাইয়ুম, মুফতি হাফেজ কাওছার আহমেদ। শুভেচ্ছা বক্তব্য রাখেন জেবিবিএ'র সাধারন সম্পাদক ফাহাদ সোলাইমান। নাত ও গজল পরিবেশন করেন পাকিস্তান থেকে আগত বিখ্যাত না'ত খা কারী হাসনাইন বিন খুরশিদ এবং কারী মুহাম্মদ ফারুক। কুরআন তেলাওত করেন সাইয়েদ মুনতাসির বিল্লাহ রব্বানী এবং নাত পেশ করেন হাফেজ টিপু রহমান।

আমেরিকার মূলধারার রাজনৈতিক, বিএনপি'র কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ অর্ন্তবর্তী সরকারের ধর্ম উপদেষ্টার তীব্র সমালোচনা করে বলেন, পত্র-পত্রিকায় দেখেছি উগ্র মৌলবাদী আহলে হাদিসের আলেমদের সাথে এই ধর্ম উপদেষ্টার সখ্যতার কথা। এই উগ্রবাদী আহলে হাদিসের আলেমরা দ্বিতীয় মুক্তিযুদ্ধের ছাত্র জনতার আন্দোলনকে নাজায়েজ এবং কুফরি বলে হুংকার দিয়ে আন্দোলনকে দমন করতে চেয়েছিল। এই উগ্রবাদী আহলে হাদিসের আলেম ওলামারা পতিত স্বৈরাচার সরকারের সাথেও সখ্যতা রেখে ফায়দা হাসিল করেছে। ওলি আওলিয়াদের মাজার ভাংগার দায় নিয়ে ধর্ম উপদেষ্টার পদত্যাগ দাবি করেন গিয়াস আহমেদ। সভায় অন্যান্য বক্তারা বলেন, বাংলাদেশের বিরুদ্ধে গভীর চক্রান্ত চলছে। একটি গোষ্ঠী বাংলাদেশকে মৌলবাদী রাষ্ট্রের কালিমা লেপন করবার চক্রান্ত করছে। বক্তাগণ আরো বলেন, আল কোরআনে আল্লাহ তায়ালা মুহাম্মদ সাঃকে আমাদের জন্য রহমত স্বরুপ পাঠিয়েছেন। আল্লাহ তায়ালা সুরা ইউনুস এর ৫৮ নম্বর আয়াতে আল্লাহর রহমত প্রাপ্তির জন্য মুমিনদেরকে খুশি এবং ঈদ উৎযাপন করতে নির্দেশ দিয়েছেন। আল্লাহ আরো বলেছেন এই ঈদ উৎযাপন হবে মুমিনদের সকল কর্মফলের চেয়েও শ্রেষ্ঠতর।

বক্তরা আরো বলেন, যুগ যুগ ধরে বিশ্বের সকল দেশেই ঈদে মিলাদুননবী পালিত হয়ে আসছে। কিন্তু বর্তমান একটি



উগ্রবাদী গোষ্ঠী ঈদে মিলাদুননবী সাঃ এর বিরোধাতা করে সমাজে বিশৃংখলা সৃষ্টি করে চলেছে। ফলে মুসলিম সমাজ আজ বহুধা ভাগে বিভক্ত। এক আলেম অন্য আলেমের বিরুদ্ধে বক্তব্য দিচ্ছেন। অন্যদিকে ইসলামের শত্রুরা বিনা বাধায় তাদের চক্রান্ত সফল ভাবে সম্পন্ন করে চলেছে। বক্তাগণ এই পথভ্রষ্ট উগ্রবাদী ধর্মীয় গোষ্ঠী থেকে দূরে থাকবার আহ্বান জানান। জিকির আজকার, জোনাজাত এবং তৈশতোজের মাধ্যমে ঈদে মিলাদুননবীর অনুষ্ঠান সমাপতি ঘটে। প্রেস বিজ্ঞপ্তি।

# গাউসিয়া কমিটির ঈদে মিলাদুন্নবী

৩ পৃষ্ঠার পর

মাওলানা সৈয়দ মাহাম্মদ মঈনুল হক।

অনুষ্ঠানে বক্তারা মুহাম্মদ (সা) এর জীবন, আদর্শ, অনুপম চরিত্র, রাষ্ট্র ব্যবস্থা থেকে শুরু করে ব্যক্ত ও সামাজিক জীবনে তার শিক্ষা তুলে ধরেন। তারা বলেন, এই দিনে আল্লাহ তায়ালা মানবজাতির জন্য রহমত হিসেবে মহানবী হজরত মুহাম্মদ (সা. কে দুনিয়াতে প্রেরণ করেন। মুহাম্মদ (সা) এর আদর্শই হচ্ছে পৃথিবীর সর্বশ্রেষ্ঠ আদর্শ। বিশ্বের মুসলিম সম্প্রদায়সহ শান্তিকামী প্রতিটি মানুষের কাছে আজকের দিনটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। কারণ তিনি সমগ্র মানবজাতীর জন্যই আশির্বাদ। কিন্তু রাসূলের (সা) শিক্ষা ভুলে বাংলাদেশে কিছু মানুষ মাজার ধংস করছে। তা সম্প্রতি নষ্ট করছে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আলহাজ কবির আহমেদ, মোহাম্মদ জালাল উদ্দিন, এম. আব্দুল হামিদ, হাজী ইসমাঈল



শাহ, মোহাম্মদ আব্দুল হোসেন, মোঃ জালাল সওদাগর, মনির আহমদ, হাফেজ মাওলানা ওয়াসিম সিদ্দিকী, মাওলানা শফিউল আজম কোরাইশী, নাসের আহমদ, মুরাদুল আলম চৌধুরী, মোঃ মনিরুল হক চৌধুরী, মাওলানা শেখ মোস্তফা কামাল, মোঃ জাহাঙ্গীর হোসেন, মোহাম্মদ আরিফ চৌধুরী, মোঃ ইউসুফ আলী, আকতার হোসেন, মোঃ জাফর সাদেক, আকতার-উল আজম, মাওলানা নুর উন নবী ফারুকী, হাফেজ ইকতেখার হোসাইন, মোঃ জহির উদ্দিন বাবর, মোঃ দেলোয়ার হোসেন টিপু, মোঃ ইউসুফ নবী, মোহাম্মদ ইয়াহিয়া, মোহাম্মদ আবু সালেহ, মোহাম্মদ সালাউদ্দিন, মোঃ সাওদাল কামাল, মোহাম্মদ আলী নুর, হাফেজ মাওলানা নিবরাস, মোঃ আব্দুল আজিজ, মোঃ বখতিয়ার মিয়া, মোঃ গনি, খায়রুল বশর, মোস্তফা হায়দার রাসেল, মোহাম্মদ রাসেল, মোহাম্মদ জাবেদ, মোহাম্মদ রাসেল ভূইয়া, মোঃ মোরশেদুর রহমান, মোহাম্মদ ইস্তিয়াক, মোহাম্মদ ইসহাক, সাদাব হাবিব চৌধুরী, মোঃ শাহ আলম লিপু, মোহাম্মদ হাশেম, মোঃ জামাল চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে শিশু-কিশোরদের অংশগ্রহণে বিশেষ কেরাত ও নাত প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

# ইমাম মাহদির আসার পূর্বে যা যা ঘটবে পৃথিবীতে

২১ পৃষ্ঠার পর

পূর্বে পৃথিবীর এক তৃতীয়াংশ মানুষকে হত্যা করা হবে। আর এক তৃতীয়াংশ মানুষ মারা যাবে। আর এক তৃতীয়াংশ মানুষ অবশিষ্ট থাকবে। (কিতাবুল ফিতান: নুয়াইম বিন হাম্মাদ-৯৫৯)। বর্তমান বিশ্ব পরিস্থিতি ও হজরত আলীর (রা.) বক্তব্যের প্রতি লক্ষ করলে গুণীজনদের মনে হয় আগত পৃথিবী মারাত্মক ধরনের এক যুদ্ধের মুখোমুখি। মনে হচ্ছে- পৃথিবী পরমাণু হামলার মুখে। কারন, পরমাণু যুদ্ধ ছাড়া তিনভাগের একভাগ মানুষ নিহত হওয়া এবং একভাগ মানুষ মারা যাওয়া সম্ভব নয়। তবে এ ধরনের যুদ্ধকে হাদিসে 'আল-মালহামাতুল কুবরা' বলা হয়নি। কেননা, 'মালহামাতুল কুবরা' তো ইমাম মাহদি আসার পরে সংগঠিত হবে। তাই আমাদের চোখ-কান খোলা রেখে সর্বোচ্চ পর্যায়ের সতর্ক থাকা উচিত। (২) হজরত যী-মিখবার (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তোমরা খ্রিস্টানদের সঙ্গে নিরাপত্তা চুক্তি করবে। অতঃপর তোমরা এবং খ্রিস্টানরা মিলে তৃতীয় কোনো শক্তির বিরুদ্ধে যুদ্ধ করবে। তোমাদের সাহায্য করা হবে। ফলে তোমরা প্রচুর পরিমাণে গনিমতের মাল অর্জন করবে। অতঃপর তোমরা নিরাপদে ফিরে আসবে। এরপর যখন তোমরা সবুজ-শ্যামল উঁচু টিলাময় এক ভূমিতে অবস্থান করবে, তখন একজন খ্রিস্টান ক্রুশ উঁচু করে বলবে, ক্রুশের বিজয় হয়েছে। এ কথা শুনে মুসলমানদের থেকে একজন 'বরং আল্লাহ তাআলার বিজয় হয়েছে' বলে রাগে ক্রুশ ভেঙে ফেলবে। ফলে খ্রিস্টানরা পূর্বের কৃত চুক্তি ভেঙে মহাযুদ্ধের জন্য প্রস্তুত হয়ে যাবে। তখন ঈমানদারগণও অস্ত্র নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়বে। মুসলমানদের এ দলটিকে আল্লাহ তাআলা শাহাদাতের মর্যাদা দিয়ে সম্মানিত করবেন। (আবু দাউদ-২৭৬৭/ইবনে মাজাহ-৪০৮৯/মুসনাদে আহমাদ-১৬৮২৫/মুসতাদরাক-৮৫১৯)। যদি আমরা গভীরভাবে এ হাদিসের প্রতি এবং বর্তমান বিশ্ব পরিস্থিতির প্রতি লক্ষ করি, তাহলে আমাদের সামনে এ বিষয়টি স্পষ্ট হয়ে ফুটে উঠবে যে, খ্রিস্টানদের একটি দেশ মুসলমানদের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হবে। (৩) হজরত আমর বিন শুয়াইব (রহ.) তার পিতা, তার দাদা থেকে বর্ণনা করেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, জুলকাদা মাসে গোত্রসমূহের মাঝে পারস্পরিক মতানৈক্য দেখা দিবে। প্রতিশ্রুতি ভেঙে দেওয়া হবে। ফলে হাজীদের লুট করা হবে। মিনা প্রান্তরে যুদ্ধ সংঘটিত হবে। তাতে প্রচুর পরিমানে হত্যাযজ্ঞ হবে। রক্তের বন্যা বয়ে যাবে। শেষ পর্যন্ত আকাবাতুল জামরাতেও রক্ত প্রবাহিত হবে। পরিস্থিতি এ পর্যন্ত পৌঁছবে যে, তাদের সাথী (ইমাম মাহদি) পালিয়ে কাবা শরীফের রুকন এবং মাকামে ইব্রাহিমের মাঝামাঝি জায়গায় অবস্থান নিবেন। অতঃপর তার ইচ্ছার বিরুদ্ধে সকলকে তার হাতে বায়াত করা হবে।

তাকে বলা হবে, আপনি আমাদের বায়াত নিতে অস্বীকার করলে আমরা আপনার গর্দান উড়িয়ে দিব। অতঃপর বদর যোদ্ধাদের সংখ্যা পরিমাণ (৩১৩ জন) লোক তার হাতে বায়াত গ্রহণ করবে। তাদের প্রতি আসমান-জমিনের বাসিন্দাগন সকলেই খুশি থাকবেন। (মুসতাদরাক-৪/৫৪৯)। (৪) ইবনে হাজার হাইতামী (রহ.) বলেন, যতক্ষণ পর্যন্ত নিরপরাধ লোকদের একটি বড় অংশকে হত্যা করে ফেলা না হবে, ততক্ষণ পর্যন্ত ইমাম মাহদির আগমন ঘটবে না। এ ফেতনা থেকে কেউ বাঁচতে পারবে না। ক্রমশঃ সাথে এ ফেতনা এক স্থান থেকে অন্য স্থানে ছড়িয়ে পড়বে। এরপর যখন আসমান জমিনের মাঝে এ ধরনের হত্যাযজ্ঞের ধারা বন্ধ হবে, তখন ইমাম মাহদির আগমন হবে। (আল-কওলুল মুখতাসার ফী আলামাতিল মাহদীল মুনতাযার-২১,২২,৩৭)। এ বক্তব্যের বাস্তব চিত্র তো এখন আমাদের সামনে। নিরপরাধ লোকদেরকে হত্যা করা হচ্ছে; কিন্তু এর শেষ কোথায়? এজন্য বিজ্ঞজনেরা মনে করেন, নিরপরাধ লোকদের হত্যাযজ্ঞের এ ধারা পরমাণু যুদ্ধের মাধ্যমে শেষ হবে। এরপর একপর্যায়ে গিয়ে যখন পুরো পৃথিবী জুলুম-অত্যাচারে ভরে উঠবে, ঠিক তখনই ইমাম মাহদি (আ.) এসে পৃথিবীকে ন্যায়-নিষ্ঠায় ভরে দেবেন।

লেখক: প্রধান মুফতি ও ভাইস প্রিন্সিপাল, জিয়াউল উলুম মাদ্রাসা, বনানী, ধামরাই, ঢাকা।



MLS
York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business
Zakir H. Chowdhury
President
Now Hiring Sales Persons
Free Training (Free course fees for selected people)
Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372


MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক নির্বাচন
নির্বাচন-২০২৪
২৭ অক্টোবরের নির্বাচনে
রুহুল-জাহিদ
পরিষদকে নির্বাচিত করুন
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
সহ সাধারণ সম্পাদক পদে পদপ্রার্থী
সারওয়ার খান বাবু
আপনার সুচিন্তিত রায় দিয়ে জয় যুক্ত করুন
সংক্ষিপ্ত পরিচিতি
সাধারণ সম্পাদক, কুমিল্লা মহানগর সোসাইটি অব নর্থ আমেরিকা
প্রতিষ্ঠাতা সভাপতি, জ্যাকসন হাইটস স্পোর্টিং ক্লাব ইউএসএ
কার্যকরী সদস্য, সাউথ এশিয়ান আমেরিকান ভয়েস
কার্যকরী সদস্য, হিউম্যান রাইটস ইউএসএ ইনক
প্রতিষ্ঠাতা সদস্য, কুমিল্লা সোসাইটি ইউএসএ
চাইল্ড স্পন্সর, দ্য অপটিমিস্ট
বিশিষ্ট রিয়েলটর
বিশিষ্ট সমাজ সেবক
VOTE
B5
347-665-7580

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

## LAW OFFICES OF RUMA JUNNATUL, PLLC

### ইমিগ্রেশন, সিভিল এবং ফ্যামিলি ল' সহ যে কোন আইনি সহায়তা নিন।

আমারদের পরামর্শ সমুহঃ

ইমিগ্রেশন
- গ্রীনকার্ড * সিটিজেনশিপ * এসাইলাম
- আপিল * USCIS আবেদন
- VAWA পিটিশন * I-130
- Cancellation of Removal
- EB2, EB3, NIW

ডিভোর্স
- কনটেস্ট * নন কনটেস্ট

ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
- ইভেকসান

এক্সিডেন্ট এন্ড ইনজুরি

সিভিল কোর্ট প্রসিডিংস



এটর্নী জন্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এট ল (নিউইয়র্ক)

We assist immigration clients in all 50 states.

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটি আইনি সহায়তা প্রদান

For Appointment — Open 5 days weeks

(718) 427-1233, (516) 549-6707
rumalawny@gmail.com

আমরা এখন নতুন ঠিকানায়

জ্যাকসন হাইটস্ অফিস:
37 51 75th Street, Suite: 1A, Jackson Heights, NY 11372

## PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by: SCHEV

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

**CALL: 917-436-0954**

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com



# বন্যার্তদের সাহায্যে অর্থ সংগ্রহ

৩ পৃষ্ঠার পর

আযম আলী এবং সাংগঠনিক সম্পাদক লিয়াকত আলী।
বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে কনসাল জেনারেল বলেন, এমন সময় এই বন্যা হলো যখন দেশ একটি সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে। এসময় আপনারা অসহায় মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন। এজন্য অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার পক্ষ থেকে আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। তিনি বলেন, প্রবাসীরা দেশের অর্থনৈতিকের চালিকা শক্তি।



তারা দেশের সংকটকালীনসহ সবসময় পাশে থাকেন। কনসাল জেনারেল বলেন, প্রবাসী বাংলাদেশিদের সেবায় কনস্যুলেট আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। অপরদিকে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক ১৩তে বসবাসরত বাংলাদেশী কম্যুনিটি সংগঠন বাংলাদেশী এলায়েন্স অব নর্থইস্ট ব্রঙ্কস (বিএএনবি) সম্প্রতি বাংলাদেশে আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে তহবিল সংগ্রহের আয়োজন করে। মরিস পার্ক মদিনা মসজিদ প্রাঙ্গনে আয়োজিত এই উদ্যোগে অনেক মুসল্লি অংশগ্রহণ করেন। বিশেষত বাঙালি কমিউনিটি ছাড়াও পাকিস্তানী, আরব এবং আফ্রিকান মুসল্লিরা অর্থ দান করেন। পরে সংগ্রহকৃত অনুদান মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা) পার্কচেস্টার চ্যাপ্টারে প্রদান করা হয়। মুনা তাদের মানবিক শাখা সাহায্যের মাধ্যমে দুর্গত এলাকায় ত্রাণ সরবরাহ এবং পুর্নবাসন কর্মসূচিতে এই অনুদান ব্যয় করবে। বিএএনবির প্রেসিডেন্ট মামুন আলী সংগ্রহকৃত অর্থ মুনার নর্থ জোনের প্রেসিডেন্ট মোহাম্মদ রাশেদুজ্জামানের কাছে হস্তান্তর করেন। এতে আরো উপস্থিত ছিলেন বিএএনবি উপদেষ্টা পরিষদের ভাইস চেয়ারম্যান এজাজ হোসাইন, উপদেষ্টা জিয়াউদ্দিন শামস চৌধুরী, উপদেষ্টা আনোয়ারুল হক, পরিচালনা বোর্ডের সদস্য ইমতিয়াজ চৌধুরী এবং মুজাফিজুর চৌধুরী। প্রেসবিজ্ঞপ্তি


ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.




# নিউইয়র্ক ফ্যাশনউইকে তারকারা

৩ পৃষ্ঠার পর

আনিকা রশিদের কণ্ঠে গানটি পুরো মিলনায়তনে ভিন্ন এক আমেজে আবিষ্ট করায়। এভাবেই ২০২৩ সালে ফ্যাশন ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে ফ্যাশন বিজনেস ম্যানেজমেন্টে ব্যাচেলর ডিগ্রি নেয়া রাইনা রফিক ইতিহাসে বিশেষ এক স্থানেও অধিষ্ঠিত হলেন। পরিচিতি পেলেন বাঙালি ডিজাইনার হিসেবে।
'নিজল আর্টস' ব্যানারে অনুষ্ঠিত এ শো-তে রাইনা তার কালেকশনগুলোর ব্যাখ্যা নিয়ে বলেন: শো-এর জন্য দুটি কালেকশনের 'গয়জ' আমার পশ্চিমা অভিজ্ঞতাকে সম্মানিত করে, যেখানে রয়েছে সন্ধ্যাবেলার গাউন এবং পশ্চিমা বিবাহের পোশাক। অপরদিকে, 'ইচ্ছা' বাঙালি সংস্কৃতি এবং আমার শেকড়কে প্রকাশ করে, যেমন শাড়ি, সালওয়ার কামিজ এবং ঐতিহ্যবাহী সাদা এবং লাল রঙ-যা পহেলা বৈশাখকে প্রতিফলিত করে। এছাড়াও কাতান কাপড় এবং অন্যান্য বাঙালি ঐতিহ্যে ব্যবহৃত কাপড়গুলোকে আমি বেছে নিয়েছি বহুজাতিক সমাজে আমার সংস্কৃতিকে আরো জনপ্রিয়তা দিতে। আমি আশা করি এই শো-টি ফ্যাশনে বাঙালি সংস্কৃতির বৈশ্বিক পরিচিতি বাড়াবে। আমরা আন্তর্জাতিক মঞ্চে বাংলাদেশকে তুলে ধরার জন্য আমাদের সেরাটা দিয়েছি এবং ভবিষ্যতে এই প্রচেষ্টা চালিয়ে যেতে চাই।" নিউইয়র্ক ফ্যাশন উইকে এই আত্মপ্রকাশ শো-টি রাফুর সাউন্ডস্পেস এবং ফ্যাশন নিজলের সাথে সহযোগিতার মাধ্যমে সম্ভব হয়েছে বলে জানা গেছে। ফ্যাশন নিজল প্রোডাকশন প্রায় এক দশকের অভিজ্ঞতা নিয়ে একটি অসাধারণ বৈশ্বিক প্লাটফর্ম প্রদান করে।



# ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকার বনভোজন

৬২ পৃষ্ঠার পর

হাসান,মো: আরিফ মিয়া ও রেজাই-ই-রাব্বি মো. তুহিন মিয়া ও মো: মারুফুল হক চৌধুরী, আসমা জাহান কলিসহ কমিউনিটির অন্যান্য নেতৃবৃন্দ। তাছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন উপদেষ্টা আবু মুসা খাঁন, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস উদ্দিন ভূঁইয়া, ব্রাহ্মণবাড়িয়া



সোসাইটি এর সাবেক সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী শফি উদ্দিন কামাল, রাজু আহমেদ মোবারক, মোহাম্মদ আলী, আমির হোসেন কামাল, আয়েজ মো: রানা প্রমুখ। বনভোজনে বিভিন্ন বয়সীদের জন্য ছিল ক্রীড়া প্রতিযোগিতা। বনভোজনের প্রধান আকর্ষণ ছিল র‌্যাফেল ড্র। প্রায় ১৫টি পুরুস্কার ছিল এবারের র‌্যাফেল ড্র তে।
নিউইয়র্কের বিভিন্ন বরো থেকে আগত প্রবাসী ব্রাহ্মণবাড়িয়াবাসী ও প্রবাসের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।




# ইলিয়াস আলীকে ফিরে পেতে ব্রঙ্কসে দোয়া মাহফিল

৬২ পৃষ্ঠার পর

এসময় এম ইলিয়াস আলীকে সুস্থ ও অক্ষত অবস্থায় ফিরে পাওয়ার জন্য দোয়া করা হয়। পরে মুসল্লীদের মাঝে তবারক বিতরণ করা হয়। এসময় বিশ্বনাথ প্রবাসী বিএনপি নেতা মো: লিয়াকত আলীর পরিচালনায় বিশ্বনাথ, ওসমানীনগর ও বালাগঞ্জ প্রবাসীসহ বিএনপি নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তারা এম ইলিয়াস আলীর বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের ওপর আলোকপাত করেন। প্রায় এক যুগ ধরে ইলিয়াস আলী নিখোঁজ রয়েছেন।



## নারায়ণগঞ্জ জেলা সমিতির বনভোজনে মিলনমেলা

৩ পৃষ্ঠার পর

সম্পাদক আতাউর রহমান সেলিম ও সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী,সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সংগঠনের প্রধান উপদেষ্টা কাজী আজারুল হক মিলন, সিনিয়র উপদেষ্টা মোহাম্মদ মোহসিন, উপদেষ্টা শামসুল আলম লিটন, মোহাম্মদ ইসমাইল ও নাসির উদ্দিন চঞ্চল।

বনভোজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন সংগঠনের সভাপতি মোস্তফা জামাল টিটু, সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু, বনভোজন কমিটি আহবায়ক মোস্তফা জামাল শামীম, সদস্য সচিব সোহেল আহমেদ, সদস্য এম. আজিজুল হক, মোহাম্মদ ইমাম, কোহিনুর আক্তার এবং পৃষ্টপোষক এস.এম. সায়েম মিঠু, রাকাত হোসেন, সোহাগ খন্দকার ও আশিক









কবির, সেলিম আহমেদ ও শওকত হোসেন (শ্যামল)। এই বনভোজনে ছিল ক্রীড়া প্রতিযোগিতা, র‌্যাফেল ড্র এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। এবারের বনভোজনের জন্য অংশগ্রহণকারীদের জন্য কোন চাঁদা ছিল না।

র‌্যাফেল ড্র-তে প্রথম পুরস্কার ঢাকা-নিউইয়র্ক ঢাকা বিমান টিকেট, দ্বিতীয় পুরস্কার স্বর্ণালংকার, তৃতীয় পুরস্কার আইফোনসহ দশটি আকর্ষণীয় পুরস্কার ছিল। এ ছাড়া মহিলাদের বালিশ নিক্ষেপ খেলায় তিনটি পুরস্কার ছিল।

বনভোজনের সার্বিকসমন্বয় করেছেন সংগঠনের সহ-সভাপতি রুহুল আমিন জুয়েল, সহ-সভাপতি কাজী জহিরুল ইসলাম, যুগ্ম সম্পাদকদ্বয় খালেদ আকতার, যুগ্ম সম্পাদক সাজিদা সাবরিন পপি, সাংগঠনিক সম্পাদক মোস্তাকিম আবিদ, সহ-সাংগঠনিক সম্পাদক মো. আতাউর রহমান মিঠু, কোষাধ্যক্ষ মহসিন মাহমুদ, সাংস্কৃতিক সম্পাদক নিপা জামান, ক্রীড়া সম্পাদক শাহাদাৎ হোসেন, সমাজ কল্যাণ সম্পাদক কোহিনুর আক্তার কলি, আপ্যায়ন সম্পাদক ইমাম সৈয়দ হায়দার এবং নির্বাহী সদস্য দর্পণ কবীর, নিতাই দাস, মোঃ আনিসুর রহমান, এনএম কে. ইকবাল, নিপা আক্তার, মুহাম্মদ পারভেজ ও দুলাল গুপ্ত। কয়েকশত লোকের সমাগম ঘটেছিল এই বনভোজনে। প্রসঙ্গত ১৯৮৯ সালে 'নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক' প্রতিষ্ঠিত হয়।



# সার্ক জার্নালিস্ট ফোরাম বাংলাদেশ চ্যাপ্টারের কমিটি গঠন





সভাপতি নাসির আল মামুন এবং সাধারণ সম্পাদক শিহাবুর রহমান

ঢাকা অফিস

দৈনিক আজকালের নাসির আল মামুনকে সভাপতি এবং দ্য ফাইনান্সিয়াল এক্সপ্রেসের শিহাবুর রহমানকে সাধারণ সম্পাদক করে সার্ক জার্নালিস্ট ফোরাম বাংলাদেশ চ্যাপ্টারের কমিটি গঠিত হয়েছে। গত ৭ সেপ্টেম্বর শনিবার বিকেলে আয়োজিত ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের এক সভায় এ কমিটি গঠন করা হয়।

এতে সভাপতিত্ব করেন সার্ক জার্নালিস্ট ফোরামের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল আব্দুর রহমান। কমিটির অন্যরা হলেন- সহসভাপতি আরিফ হাসান নবী (আজকের প্রভাত) এবং শরিফুল ইসলাম (জনকণ্ঠ), যুগ্ম সাধারণ সম্পাদক শাহেদ মতিউর রহমান (নয়া দিগন্ত), কোষাধ্যক্ষ রেজা মাহমুদ (নিউ নেশন) এবং নির্বাহী সদস্য রফিকুল ইসলাম আজাদ (ডেইলি ইন্ডাস্ট্রি), মুহম্মদ জাহাঙ্গীর আলম (ইউএনবি), এম এ নোমান (এনটিভি), রাশেদ আহমেদ (নিউ এইজ) ও মো. মোস্তফা খান (ইত্তেফাক)। সভায় সার্কের ভবিষ্যতের ওপর একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ অঞ্চলের সাংবাদিকদের মধ্যে নিবিড় যোগাযোগ স্থাপনের ওপর গুরুত্ব আরোপ করা হয়।



## বন্যা পরবর্তী দুস্থদের পাশে ডাব্লিউএইচআরডি

৬২ পৃষ্ঠার পর

ত্রাণ দেওয়া হয়। হাকালুকি হাওর তীরবর্তী বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় হতদরিদ্র পানিবন্দি শিশু, মহিলা ও সাধারণ জনগণের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান এবং নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচি পালন করা হয়েছে। স্থানীয় ৭ নং তালিমপুর তালিমপুর ইউনিয়নের চেয়ারম্যান ও বীর মুক্তিযোদ্ধা একলাছুর রহমান অনুষ্ঠান উদ্বোধন করেন। উক্ত কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ে সার্বিক সহযোগিতায় উপস্থিত ছিলেন বড়লেখা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর চিকিৎসক, নার্স স্বেচ্ছাসেবক, সাংবাদিক, বৈষম্য বিরোধী ছাত্র ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ। বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের জন্য ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ ইনক নিউইয়র্কে পথমেলার আয়োজন করে। এই পথমেলায় টাইটেল স্পন্সর করেছেন বিশিষ্ট ব্যবসায়ি, গোল্ডেন এইজ হোমকেয়ার ও নিউইয়র্ক ইন্সুরেন্স কোম্পানির কর্ণধার শাহান শাহ নেওয়াজ। অনুষ্ঠানে বন্যা দুর্গতদের জন্য শিল্পীরা বিনা পারিশ্রমিকে সঙ্গীত পরিবেশন করেন। কমিউনিটির বিভিন্ন পেশাজীবীগণ এই পথমেলায় বন্যার্তদের সাহায্যার্থে এগিয়ে আসেন।




## ইউনুসকে স্বাগত জানাবে নাগরিক সমাজ ও জাপা

৩ পৃষ্ঠার পর

সহ-সভাপতি ফারুক হোসেন মজুমদার, গিয়াস উদ্দিন, মোশারফ হোসেন সবুজ প্রমুখ এতে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের বক্তারা বলেন শত শত প্রাণের বিনিময়ে ৫ আগস্ট বাংলাদেশ এবং স্বাধীন হয়েছে আর। এই স্বাধীন বাংলাদেশের কর্ণধার হিসেবে নোবেল জয়ী ড. মোঃ ইউনুস দায়িত্ব গ্রহণ করায় বাংলাদেশ বহির্বিশ্বে আন্তর্জাত আন্তর্জাতিকভাবে আরো সুপরিচিত হয়ে উঠেছে। ইউনুস শুধু বাংলাদেশেই নয় এশিয়া আফ্রিকা ল্যাটিন আমেরিকা সব দেশেই গ্রহণযোগ্য একজন অবিসংবাদিত নেতা। কিন্তু পরাজিত পক্ষ এখনো নানা ভাবে ষড়যন্ত্র চালিয়ে দেশকে অস্থিতিশীল করে তুলছে। দেশপ্রেমিক জনসমাজকে সম্মিলিত ভাবে এসব ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। শুধু দেশেই নয় স্বৈরাচারী সরকারের সমর্থকেরা নিউইয়র্কেও বিশৃঙ্খলা তৈরির অপচেষ্টা চালাচ্ছে। তারা যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সেদিকে নজর রাখতে হবে। যেখানেই তারা ষড়যন্ত্র করতে সেখানেই প্রতিহত করা হবে।

সমাবেশের পর সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে বৈষম্য বিরোধী প্রবাসী সচেতন নাগরিক সমাজ ইউএসএ ও প্রবাসী বাংলাদেশি নাগরিক সমাজ এক মতবিনিময় সভার আয়োজন করে। আলোচনায় অর্ন্তবর্তীকালীন সরকারকে প্রধানকে সংবর্ধনা, তাকে বিমান বন্দর ও জাতিসংঘে অভ্যর্থনাকালে স্বাগত জানানোর বিষয়গুলো স্থান পায়। সভায় পতিত স্বৈরাচারের দোসররা যাতে বিশৃংখলা সৃষ্টি করতে না পারে সেদিকে নজর রাখার ওপরও গুরুত্ব দেন




আলোচকরা। এদিকে ড. মোহাম্মদ ইউনুসকে নিউইয়র্কে স্বাগত জানাবে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা।

গত ১৪ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৭ টায় জ্যাকসন হাইটস নবান্ন রেস্টুরেন্ট মিলনায়তনে অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ডঃ মোহাম্মদ ইউনুস যুক্তরাষ্ট্র আগমন উপলক্ষে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি আব্দুর রহমানের সভাপতিত্বে সাধারণ সম্পাদক আবু তালেব রহমান চৌধুরী চান্দুর পরিচালনায়, আরও বক্তব্য করেন জাপার উপদেষ্টা গিয়াস মজুমদার, উপদেষ্টা মাহমুদুর রহমান চৌধুরী, জাপার সিনিয়র সহ-সভাপতি এডভোকেট হাবিব উদ্দিন আহমেদ, সহ-সভাপতি শফিউল আলম, ফেরদৌস ওয়াহিদ, মীর জাকির ও মোঃ হামিদ।

সভায় বক্তারা বলেন, ড. ইউনুস বাংলাদেশের ১৪ কোটি মানুষের নেতা হিসাবে জাতিসংঘে জাতিকে নতুনভাবে গঠন করতে জাতিসংঘের ও বিভিন্ন দেশের রাষ্ট্র প্রধানের সাথে বৈঠক করে দেশ গঠনে কাজ করবে। সরকারের পতন হয়েছে বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনের মুখে। আমরাও ছাত্রদের মত সব সময় বৈষম্য ও দুর্নীতি ও দুঃশাসনের বিরুদ্ধে কথা বলি। আজ ছাত্রদের ঐক্য ধরে রাখতে হবে এবং ক্ষমতা ও লোভ লালসার বাইরে থাকতে হবে।

# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স
পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার
আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে
তৈরী করবে।



**BEGINNER'S**
**DRIVING ACADEMY**

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

## অবাঞ্ছিত ঘোষণা আ.লীগের

৩ পৃষ্ঠার পর

পর দেশের ৫ হাজারের বেশি মানুষ খুন হয়েছে বলেও সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য ও বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। এ সময় নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মিয়া, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ নেতা মোহাম্মদ সোলায়মান আলী, বাবু, একেএম তরিকুল হায়দার চৌধুরী, আব্দুল হামিদ, শাহানারা রহমান, বদরুজ্জামান পান্না, আশরাফ, এইচ এম ইকবাল, সৈয়দ জিকরিয়া জামান, প্রকৌশলী বাহার খন্দকার সবুজ, পান্না, খান শওকতসহ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ, যুবলীগ, শ্রমিক লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ড. সিদ্দিকুর রহমান বলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করেননি। তাই সংবিধান অনুসারে তিনিই এখনো বাংলাদেশের প্রধানমন্ত্রী। তাই বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার অবৈধ। তাই এই অবৈধ সরকারের প্রধানের কোন অধিকার নেই বাংলাদেশের প্রতিনিধি হয়ে জাতিসংঘে আসার। সাধারণ মানুষ, পুলিশ ও আওয়ামীলীগ কর্মীসহ হাজার হাজার মানুষের রক্তে তার হাত রঞ্জিত। তিনি হাক সবেল পরিয়েট। তিনি বলেছেন, ছাত্ররাই তাকে এই চাকরী দিয়েছে। কিন্তু সরকার চলে জনগনের ম্যান্ডেট নিয়ে। তাই সরকার প্রধান পদে থাকার কোন অধিকার তার নেই। যুক্তরাষ্ট্রের মাটিতে তাকে অবাঞ্ছিত ঘোষণা করছি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আব্দুস সামাদ আজাদ বলেন, শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনকে হাতিয়ার বানিয়ে অসাংবিধানিক ভাবে জোরপূর্বক অন্তর্বর্তীকালীন দখলদার সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে ড. ইউনুস দেশে নৈরাজ্য ও পৈশাচিক হত্যাকান্ড চালিয়ে যাচ্ছেন। ১২ সেপ্টেম্বরও ৫ জনকে গ্রেফতার করে দু'জনকে নির্মমভাবে হত্যা করে। ৫ আগস্টের পর পাঁচ হাজারের অধিক পুলিশ, ছাত্র, সংখ্যালঘু, সাধারণ মানুষ ও আওয়ামী লীগের নেতা-কর্মী হত্যা করেছে। আনুমানিক দশ হাজার নেতা-কর্মীকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করেছে। দমন নীতি ও বিশৃঙ্খলা সৃষ্টির কারণে দেশে আইন বিচার বলে কিছুই নেই। প্রচলিত আইন ভঙ্গে বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে স্কুল শিক্ষকদের ছাত্রদের দ্বারা পদত্যাগে বাধ্য করার ফলে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। প্রশাসনের অবস্থা আরও করুণ। যা স্বাধীনতার ৫৩ বছরে ঘটেনি। দেশের জনগণ শান্তিতে বসবাস করতে পারছে না।

ড. ইউনুসকে সকল সুদের ব্যবসায়ী উল্লেখ করে আজাদ বলেন, তিনি নিজেই বলেছেন ছাত্ররা তাকে নিয়োগ দিয়েছেন। তাই সংবিধান লঙ্ঘন করে জনগণের ম্যান্ডেট না নেয়া অবৈধ প্রধান উপদেষ্টা হিসেবে জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করার যে কোন মানদণ্ডে আইনগত বৈধতা নেই। যদি অবৈধ প্রধান উপদেষ্টা যুক্তরাষ্ট্রের মাটিতে আসেন তাহলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, অঙ্গ ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীরা ২২ সেপ্টেম্বর দুপুর ২টায় জেএফকে বিমানবন্দরে এবং ২৭ সেপ্টেম্বর শুক্রবার সকাল ১১টায় জাতিসংঘের সদর দফতরের সামনে বিক্ষোভ সমাবেশ করবে। অবৈধ সরকারের অগণতান্ত্রিক, অসাংবিধানিক, গণহত্যা ও দেশব্যাপী নৈরাজ্য সৃষ্টির বিরুদ্ধে জনগণ ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তুলবে।

## স্বাগত জানাবে বিএনপি

৩ পৃষ্ঠার পর

অর্থপাচারের অভিযোগে সজিব ওয়াজেদ জয় এবং শেখ রেহানাকে দেশে ফিরিয়ে নিয়ে বিচারের দাবি জানানো হবে স্বাগত সমাবেশ থেকে। নিউইয়র্ক ছাড়াও যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেইট থেকে এদিন জাতিসংঘের সামনে স্বাগত সমাবেশে বিএনপির অঙ্গ সংগঠনের শতশত সদস্য অংশগ্রহণ করবেন বলে আয়োজকরা আশাবাদ ব্যক্ত করেছেন। তারা আশা করছেন, ড. মোহাম্মদ ইউনূসের আগমনকে ঘিরে যারা হঠকারী কাজ করবে তাদেরকে প্রবাসি বাংলাদেশিরা দৃঢ়ভাবে প্রত্যাখান করবে। ড. মোহাম্মদ ইউনূস কোন রাজনৈতিক দলের নেতা নন। দেশে স্বৈরাচারের পতনের পর তিনি দায়িত্ব পেয়েছেন আপামর মানুষের জন্য কাজ করার উপযোগি এবং আগামীতে নব প্রজন্ম যাতে ব্যাপক উদ্যোগে প্রথমবারের মতো নির্বিঘ্নে ভোট দিতে পারেন সেই পরিবেশ তৈরিতে অবদান রাখছেন।

## নিউইয়র্ক সিটি মেয়র পদে প্রার্থী হচ্ছেন জেসিকা রামোস

৬২ পৃষ্ঠার পর

রামোসের প্রাথমিক লক্ষ্য হলো, সিটি হলের স্বচ্ছতা এবং জনসেবার প্রতি আস্থা ফিরিয়ে আনা। তিনি মেয়র নির্বাচিত হলে তার অভিজ্ঞতা এবং জনগণের সঙ্গে সরাসরি যোগাযোগের ওপর জোর দিতে চান। তার মতে, নিউইয়র্কবাসী এমন একটি নেতৃত্ব চান, যা শহরের প্রতিটি নাগরিকের জন্য সমান অধিকার ও সুযোগ নিশ্চিত করবে।

জেসিকা রামোসের মেয়র পদে প্রার্থিতা ঘোষণার সময় নিউইয়র্ক সিটির বর্তমান মেয়র এরিক অ্যাডামসের প্রশাসন একাধিক কর্মকর্তার ফেডারেল তদন্তের মুখোমুখি। এর মধ্যে শহরের পুলিশ কমিশনার এডওয়ার্ড কাবানের পদত্যাগ করেছেন। তদন্ত শুরু হওয়ার সঙ্গে সঙ্গে গত ১২ সেপ্টেম্বর বৃহস্পতিবার পুলিশ কমিশনার এডওয়ার্ড কাবান পদত্যাগ করেন। ২০২৫ সালের ডেমোক্রেটিক প্রাইমারিতে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য তিনি এ পর্যন্ত চতুর্থ ডেমোক্র্যাট হিসেবে নির্বাচনে যোগ দিয়েছেন।

জেসিকা রামোস ২০১৯ সালে প্রথমবারের মতো কুইন্স থেকে রাজ্য সিনেটর হিসেবে নির্বাচিত হন। তার বাবা-মা কলম্বিয়া থেকে অভিবাসী হিসেবে এসেছিলেন এবং তার দুই সন্তান নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে পড়াশোনা করে। রামোস হচ্ছেন চতুর্থ ডেমোক্র্যাট যিনি অ্যাডামসের বিরুদ্ধে প্রাথমিক নির্বাচনে লড়াই করবেন। তার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করছেন সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার, প্রাক্তন কম্পট্রোলার স্কট স্ট্রিঞ্জার এবং রাজ্য সিনেটর জেলনর মাইরি, যারা সবাই প্রগতিশীল।

## যেভাবে মুক্ত থাকা যাবে ফুসফুসের ক্যানসার থেকে

১৮ পৃষ্ঠার পর

বড় কাজ। এতে নিজেও যেমন ধূমপানের ক্ষতি থেকে রক্ষা পাবেন, তেমনি পরোক্ষ ধূমপানের ক্ষতিও এড়ানো যাবে। এর সঙ্গে গড়ে তুলতে হবে সঠিক খাদ্যাভ্যাস। খেতে হবে নানান রঙের তাজা শাকসবজি আর ফল। শিল্পকারখানা, গাড়ির কালো ধোঁয়া থেকে দূরে থাকতে হবে যতটা সম্ভব। খনি, ইটভাটাসহ বিভিন্ন কারখানায় কোনো রকম প্রতিরোধব্যবস্থা ছাড়া কাজ করলে ফুসফুসে ক্যানসারের আশঙ্কা বাড়ে। বায়ুদূষণ এড়িয়ে চলা জরুরি। দেশি চুলাও এড়িয়ে চলুন। আর গড়ে তুলুন নিয়মিত ব্যায়ামের অভ্যাস।

লেখক: সাবেক অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।

## উত্তম চরিত্রের আট বৈশিষ্ট্য

২১ পৃষ্ঠার পর

প্রতিবেশীর হক : এটি শুধু উত্তম চরিত্রই নয়, নৈতিক দায়িত্বও বটে। আল্লাহতায়ালা বলেন, 'এবং মাতা-পিতার সঙ্গে সদ্ব্যবহার কর। একই সঙ্গে উত্তম ব্যবহার করো নিকটাত্মীয়, এতিম, মিসকিন, নিকটতম প্রতিবেশী ও দূরবর্তী প্রতিবেশীদের সঙ্গেও (সূরা আন নিসা-৩৬)।

লজ্জা : লজ্জা কল্যাণের বাহক। লজ্জা মানুষকে অন্যায়-অশ্লীল, পাপাচার থেকে রক্ষা করে। রাসুল বলেন, লজ্জা কল্যাণ ছাড়া আর কিছুই বয়ে আনে না (বোখারি-৬১১৭)।

দয়া ও করুণা : দয়া ও করুণার মধ্যেই ফুটে ওঠে উত্তম চরিত্র। এটি একটি মহৎ গুণ ও ইমানদারের বৈশিষ্ট্য। কেননা, প্রকৃত মুমিন তো সেই, যে দয়াময়, পরোপকারী ও কল্যাণকামী। রাসুল বলেন, সম্প্রীতি ও সহানুভূতির ক্ষেত্রে মুমিনের দৃষ্টান্ত একটি দেহের মতো (বোখারি-৬০১১)।

## ডায়াবেটিসে ঝুঁকি ও প্রতিরোধ

১৮ পৃষ্ঠার পর

মুটিয়ে গেলে ঝুঁকি বেড়ে যায়। এমনকি শারীরিক পরিশ্রমের অভাবে তরুণ বয়সেও ডায়াবেটিসে আক্রান্ত হতে পারে।

পরিবারে ডায়াবেটিস হলে ঝুঁকি

যাদের রক্ত সম্পর্কীয় আত্মীয় পরিজনের ডায়াবেটিস রয়েছে তাঁরা অন্যদের তুলনায় বেশি ঝুঁকিতে রয়েছেন। যেমন: মা, বাবা, ভাই-বোন, চাচা-ফুপু, মামা খালাদের ডায়াবেটিস থাকে তবে ঝুঁকি কিন্তু বেড়ে গেল। বিশেষত টাইপ-২ ডায়াবেটিসে এমন ঘটনা ঘটে।

মায়েদের ঝুঁকি

গর্ভকালীন ডায়াবেটিস, ৯ পাউন্ডের চেয়ে বেশি ওজনের সন্তান জন্ম দেওয়া মায়েরা ঝুঁকিতে আছেন। যেসব নারীর পলিসিস্টিক ওভারিয়ান সিনড্রোম নামক রোগ রয়েছে তাদেরও এই রোগের ঝুঁকি বেশি।

উচ্চ রক্তচাপ ও কোলেস্টেরল

যারা সবেমাত্র উচ্চ রক্তচাপে আক্রান্ত হয়েছেন কিংবা এ জন্য ওষুধ সেবন করছেন তারাও ঝুঁকির মধ্যে রয়েছেন। রক্তে চর্বির মাত্রা বৃদ্ধি পেলে ডায়াবেটিসের ঝুঁকি বাড়ে। বিশেষত, ট্রাই-গ্লিসারাইডের মাত্রা প্রতি ডেসিলিটারে ২৫০ মিলিগ্রামের বেশি কিংবা এইচডিএলের মাত্রা ৩৫ মিলিগ্রামের নিচে থাকলে ঝুঁকি তৈরি হয়। আর রক্তে শর্করার মাত্রা পরীক্ষা করে যদি পাওয়া যায় প্রাক-ডায়াবেটিস তবে ঝুঁকি আরও বেড়ে যায়। আর অনেকগুলো ঝুঁকি একসঙ্গে থাকলে তো কথাই নেই।

প্রতিরোধ

ডায়াবেটিস প্রতিরোধে কতগুলো করণীয় হচ্ছে-

* চিনি এবং মিষ্টি শর্করা জাতীয় খাবার বর্জন করা
* একবারে অল্প পরিমাণ খাবার গ্রহণ করা
* তন্তু বা ফাইবার জাতীয় খাবার গ্রহণ করা
* যে সমস্ত খাবারের গ্লাইসেমিক ইনডেক্স বেশি (যেসব খাবার রক্তে গ্লুকোজের মাত্রা দ্রুত বৃদ্ধি করে) সেগুলো পরিহার করা।
* ওজন নিয়ন্ত্রণে রাখা।
* ধূমপান পরিহার করা। ধূমপানের ফলে ইনসুলিন রেজিস্ট্যান্স বেড়ে যায়।
* প্রতিদিন অন্তত ৩০ মিনিট শারীরিক কসরত বা ব্যায়াম করার অভ্যাস তৈরি করা।
* রক্তে চর্বির পরিমাণ নিয়ন্ত্রণে রাখা। রক্তের কোলেস্টেরল ২০০ এলডিএল ১০০ এইচডিএল ২০ এর ওপরে এবং ট্রাই গ্লিসারাইড ১৫০ এর নিচে রাখা।
* রক্তচাপ নিয়ন্ত্রণে রাখা।
* কোমল পানীয় পরিহার করে সাধারণ পানি পান করা।

লেখক: মেডিসিন স্পেশালিস্ট ও এন্ডোক্রাইনোলজিস্ট, সিএমএইচ, ঢাকা ও আল-রাজি হাসপাতাল, ঢাকা।

## বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

৬৪ পৃষ্ঠার পর

পদে প্রার্থী মোহাম্মদ রব মিয়া( বর্তমানে বাংলাদেশ সোসাইটির সভাপতি) ও আব্দু মিয়া, কোষাধ্যক্ষ পদপ্রার্থী সওগাদ হোসেন এবং সহ সাধারন সম্পাদক প্রার্থী আমিনুল ইসলাম চৌধুরী।। আব্দুর রব মিয়া প্রথমেই সাধারন সম্পাদক জাহিদ মিন্টুর জীবনবৃত্তান্ত তুলে ধরেন। তিনি বলেন, জাহিদ যুক্তরাষ্ট্রের বেড়ে উঠা একজন উদীয়মান সমাজকর্মি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রী নিয়ে নিজের প্রতিষ্ঠিত কনস্ট্রাকশন ব্যবসায় জড়িত আছেন। বৃহত্তর নোয়াখালি সমিতির সফল সাধারন সম্পাদক ছিলেন। শিক্ষাগত যোগ্যতা ও সাংগঠনিক দক্ষতায় জাহিদ আগামীতে বাংলাদেশ সোসাইটিকে সঠিকভাবে নেতৃত্ব দিতে পারবে বলে আমার বিশ্বাস রয়েছে। আর রুহুল আমিন সিদ্দিকীও সোসাইটিতে একজন পরীক্ষিত নেতা।

জাহিদ মিন্টু সাংবাদিকদের সামনে সোসাইটিকে নিয়ে তার স্বপ্নের কথা তুলে ধরেন। তিনি বলেন, আমি সাধারন সম্পাদক নির্বাচিত হলে একটি বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠিত করবো। যেখানে কমিউনিটি সেন্টার, স্বাস্থ্য সেবা, ইবাদত ও রিক্রিয়েশনের ব্যবস্থা থাকবে। নির্বাচন করছি বলে এ কথা বলছি না। যদি জিততে নাও পারি বিজিতরা এ ব্যাপারে উদ্যোগ নিলে আমি সর্বাগ্রে সহায়তার হাত বাড়াবো। এটি ম্যাজিক নয় বাস্তব। আপনাদের কথা দিচ্ছি। আল্লাহ'র রহমতে কমিউনিটির মানুষের আকাংখার প্রতীক বাংলাদেশ সেন্টার প্রতিষ্ঠা হবে। এ সময় রুহুল আমিন বলেন, আমরা এ লক্ষ্যে একটি বড় পরিসরে যায়গা ও ভবন খোঁজা শুরু করেছি। বাংলাদেশ সেন্টার গড়ে তোলার বিষয়টিকে গুরুত্ব দিয়ে আমরা নির্বাচনী মেনুফেস্টো সহসাই প্রকাশ করবো। আমরা প্রবাসী বাংলাদেশি মিডিয়া কর্মিদের সহযোগিতা চাই। রুহুল-জাহিদ প্যানেল নির্বাচিত হলে সবসময় বাংলাদেশিদের সাথে থাকবে।

## সংস্কারে জনআকাঙ্ক্ষা পূরণ হোক

১১ পৃষ্ঠার পর

মেগা প্রকল্পের নামে লুটপাট বন্ধের পাশাপাশি স্বাস্থ্য ও শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পেঁয়াজ, আলুর দাম আরও কমাতে শুল্কহার হ্রাসের উদ্যোগ নেওয়া হয়েছে। জনআকাঙ্ক্ষার বহুল প্রত্যাশিত সংস্কারে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়িত হবে এবং তা আলোর মুখ দেখবে-এটাই সবার চাওয়া।

লেখক: সাংবাদিক, সাধারণ সম্পাদক-বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরাম।

## স্তন ক্যানসারের ঝুঁকি কাদের বেশি

১৮ পৃষ্ঠার পর

* স্তনের বোঁটায় কোনো পরিবর্তন, যেমন বোঁটা ভেতর দিকে চলে যাওয়া, বোঁটা দিয়ে অস্বাভাবিক রক্ত বা পুঁজ জাতীয় পদার্থ বের হওয়া।

স্তন ক্যানসার যদি প্রাথমিক পর্যায়ে দ্রুত শনাক্ত করা যায় তাহলে পুরোপুরি এটি নিরাময় করা সম্ভব। আর সে জন্য বাড়িতে বসেই নিজের স্তন পরীক্ষা করা খুবই জরুরি।

স্থূলতা, অতিরিক্ত চর্বিজাতীয় খাবার গ্রহণ, অ্যালকোহল পান, হরমোন প্রতিস্থাপন থেরাপি, ৩৫ বছরের পর প্রথম গর্ভধারণ-এগুলোও স্তন ক্যানসারের ঝুঁকি বাড়িয়ে দেয়। তাই নিয়মিত স্তন পরীক্ষা করতে হবে।

যেভাবে পরীক্ষা করবেন

* স্তন পরীক্ষার জন্য প্রথমে আয়নার সামনে দাঁড়িয়ে পর্যাপ্ত আলোয় নিজের শরীরের দিকে লক্ষ করতে হবে কোনো অসামঞ্জস্য আছে কি না।
* এরপর দুই হাত কোমরে চাপ দিয়ে দাঁড়াতে হবে, যাতে বুকের মাংসপেশি টান টান হয়। স্তনদ্বয়ে হালকা করে একটু চাপ দিয়ে দেখতে হবে কোনো রস বের হয় কি না।
* লক্ষ করতে হবে স্তনের আকার, আকৃতি ও রঙের কোনো পরিবর্তন আছে কি না। দুই স্তনের কোনো অসমতা, স্তনের ত্বকের কোনো পরিবর্তন, স্তনবৃন্ত ভেতরে দেবে গেছে কি না, স্তনসংলগ্ন এলাকায় ত্বকের অস্বাভাবিকতা আছে কি না।
* এরপর হাত দিয়ে স্তন পরীক্ষা করতে হবে। এ ক্ষেত্রে ডান হাত দিয়ে বাঁ স্তন এবং বাঁ হাত দিয়ে ডান স্তন পরীক্ষা করতে হবে। তিন আঙুল দিয়ে প্রথমে একটু হালকা, পরে ভারী এবং এরপর আরও চাপ দিয়ে স্তন সীমানার পুরো এলাকা অনুভব করতে হবে। বিছানায় শুয়ে অথবা দাঁড়িয়ে এই পরীক্ষা করতে হবে। কোনো অসামঞ্জস্য অনুভব করলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

চিকিৎসা: স্তন ক্যানসারের চিকিৎসা নির্ভর করে রোগের পর্যায় ও বিস্তৃতির ওপর। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী অস্ত্রোপচার, রেডিওথেরাপি, কেমোথেরাপি, হরমোনাল থেরাপি, টার্গেটেড থেরাপি ইত্যাদির মাধ্যমে চিকিৎসা করা হয়।

লেখক: শিশু হেমাটোলজি ও অনকোলজি বিশেষজ্ঞ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## ইউনূসের মনোভাব নিয়ে আশঙ্কায় নয়াদিল্লি

৬৪ পৃষ্ঠার পর

চলতি মাসের শেষ সপ্তাহে নিউ ইয়র্কে রাষ্ট্রপুঞ্জের সাধারণ অধিবেশনে উপস্থিত থাকবেন ভারতের বিদেশমন্ত্রী এবং বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের নেতারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও ওই সময় থাকবেন নিউ ইয়র্কেই। উভয় রাষ্ট্রের শীর্ষ পর্যায়ে বৈঠক হওয়ার সম্ভাবনা এখনও পর্যন্ত কম। কিন্তু হতে পারে কূটনৈতিক পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক। তার আগে মুহাম্মদ ইউনূসের সাম্প্রতিক পদক্ষেপগুলি নিয়ে গভীর আশঙ্কা প্রকাশ করল সাউথ ব্লক সূত্র।

সাউথ ব্লক সূত্রের বক্তব্য, ইউনূসকে ঘিরে সাম্প্রতিক সময়ে কিছু বিতর্ক তৈরি হয়েছে, বিশেষ করে মৌলবাদী ইসলামপন্থী দলগুলোর সঙ্গে তাঁর সংযোগ নিয়ে। চরমপন্থী গোষ্ঠী হেফাজতে ইসলামের নেতা মামুনুল হকের সঙ্গে ইউনূস সাক্ষাত করেছিলেন সম্প্রতি, যা উদ্বেগ তৈরি করেছে। জল্পনা শুরু হয়েছে, বাংলাদেশের নতুন রাজনৈতিক প্রেক্ষাপটে ইউনূস মৌলবাদীদের আশ্রয় দিচ্ছেন কি না তা নিয়ে। নয়াদিল্লির অনুমান, ইউনূস হয়তো রাজনৈতিক পরিসরে হেফাজতের প্রভাবকে বৈধতা দিচ্ছেন। এর ফলে মৌলবাদী উপাদানগুলি আরও সাহসী হয়ে জাতীয় রাজনীতিতে তাদের আরও বৃহত্তর কণ্ঠস্বর হাসিল করতে পারে। কূটনৈতিক শিবিরের মতে, জামায়াতে ও হেফাজতে ইসলাম যদি রাজনৈতিক সুবিধা পায়, তা হলে বাংলাদেশে শিক্ষা, লিঙ্গ নীতি এবং সাংস্কৃতিক অনুশীলনে পরিবর্তন আনতে পারে, যা সামাজিক সংঘাত বাড়িয়ে তুলবে। সংখ্যালঘু সম্প্রদায় এবং ধর্মনিরপেক্ষ কর্মীরা আরও বিপন্ন বোধ করবে।

বুধবার একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে অবশ্য বাংলাদেশের নতুন অন্তর্বর্তী সরকার সম্পর্কে কোনও মন্তব্য করতে চাননি বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। বলেছেন, সেটি বাংলাদেশের 'অভ্যন্তরীণ বিষয়'। তিনি বলেন, "বাংলাদেশ আমাদের প্রতিবেশী রাষ্ট্র। দু'দেশের মানুষের মধ্যে ঘনিষ্ঠ যোগ রয়েছে।"



## কনস্যুলেটে স্মারকলিপি পেশ

৬৪ পৃষ্ঠার পর

আবেদন হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সদস্য ড. মহসীন আর পাটোয়ারি, কমিউনিটি বোর্ড মেম্বার শাহজাহান শেখ, কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, কমিউনিটি অ্যাক্টিভিস্ট কাজী আজহারুল হক মিলন, শামীম আহমেদ, এমএইচ মতিন প্রমুখ। এসময় কনস্যুলেট জেনারেলের ডেপুটি কন্সাল জেনারেল এস এন নাজমুল হাসান, কাউন্সেলর ও হেড অব চ্যান্সেরি ইসরাত জাহান উপস্থিত ছিলেন। কনসাল জেনারেল নাজমুল হুদা বলেন, প্রবাসী বাংলাদেশিরা রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতির চাকাকে সচল রাখছেন। প্রবাসীদের ১৩ দফা দাবি সম্বলিত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার ও প্রবাসী কল্যাণ উপদেষ্টা বরাবর শিগগিরই প্রেরণ করা হবে। ফখরুল আলম বলেন, আমরা আশাবাদী এ সরকার প্রবাসীদের দাবিসমূহ পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের কাছে প্রবাসীদের ১৩ দফা দাবির মধ্যে রয়েছে : ১. জাতীয় সংসদে ও রাষ্ট্র পরিচালনায় প্রবাসীদের অংশীদারিত্ব নিশ্চিত করা ২. নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রুটে বিমানের



সরাসরি ফ্লাইট চালু ৩. নিউইয়র্কসহ সারা বিশ্বের বাংলাদেশ কনস্যুলেট ও দূতাবাসের মাধ্যমে জাতীয় পরিচয়পত্র (ন্যাশনাল আইডি কার্ড) চালু করা, যা ইতিমধ্যে ব্রিটেনে চালু হয়েছে ৪. নিউইয়র্কসহ সারা বিশ্বের বাংলাদেশ কনস্যুলেট ও দূতাবাসের মাধ্যমে প্রবাসীদের ভোট প্রদান করার ব্যবস্থা করা ৫. দেশের ভূমিদস্যুদের হাত থেকে প্রবাসীদের রক্ষা, বিশেষ করে চুক্তি মোতাবেক ক্রয় করা জমি, প্লট, অ্যাপার্টমেন্ট সহজে সংশ্লিষ্ট প্রবাসীর কাছে বুঝিয়ে দেওয়ার ব্যবস্থা করা ৬. ঢাকাস্থ হজরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসীদের হয়রানি বন্ধ করা ৭. দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে হয়রানি বন্ধ করা ৮. বাংলাদেশের অফিস-আদালতে লাল ফিতার দৌরাত্ম্য বন্ধ করা ও প্রবাসীদের জন্য ঢাকায় চালু করা 'ওয়ান স্টপ সার্ভিস' কার্যকর করা ৯.প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের অর্থে গড়ে ওঠা অর্থনীতির লক্ষ কোটি টাকা বিদেশে পাচার বন্ধ করাসহ পাচারকারীদের বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা ১০. বাংলাদেশ সফরকালে প্রবাসীদের জানমালের নিরাপত্তার ব্যবস্থা করা ১১. বাংলাদেশে প্রবাসীদের ঘর-বাড়ি ও স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষার ব্যবস্থা করা ১২. কনস্যুলেট সেবা বৃদ্ধি করে প্রবাসীদের পাসপোর্ট নবায়ন, জন্মনিবন্ধন, মৃত্যুসনদ, দেশের সম্পত্তি হস্তান্তরে পাওয়ার অব অ্যাটর্নি প্রদানের মতো কাজগুলো সহজ করা এবং ১৩. যেকোনো প্রবাসী বাংলাদেশির মরদেহ বিনা খরচে দেশে নেওয়ার ব্যবস্থা করা।

## যুক্তরাষ্ট্রে আসার পথে মাঝ আকাশে বাংলাদেশির মৃত্যু

৬২ পৃষ্ঠার পর

বিমানে ওঠার কথা ছিল। কিন্তু তিনি বিমান থেকে নামছিলেন না। বিমান কর্তৃপক্ষ তাঁকে তাঁর সিটে অচেতন অবস্থায় দেখতে পায়। পরে তারা তাঁকে উদ্ধার করে একটি হাসপাতালে নিয়ে যায়। ওই হাসপাতাল কর্তৃপক্ষ তাঁকে মৃত ঘোষণা করেছেন। এদিকে তাঁর মৃত্যুর খবরে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। বর্তমানে তাঁর মরদেহ হংকং বিমানবন্দরের একটি হাসপাতালে রয়েছে। এ খবর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রে তাঁর স্বজনদের মাঝে পৌঁছালে স্বজনেরা কান্নায় ভেঙে পড়েন। এদিকে নজরুলের মরদেহ দেশে ফিরিয়ে আনতে হংকং অবস্থানরত বাংলাদেশ দূতাবাসে যোগাযোগ করা হচ্ছে। নজরুল ইসলাম ফাহুয়ার বাড়ি বরগুনার তালতলী উপজেলার ছোটবগী গ্রামে। চলতি বছরের জুলাইয়ে স্ত্রী-দুই সন্তান নিয়ে আমেরিকা যাওয়ার ভিসা পেয়েছিলেন। তাঁর চার ভাই ও মা সেখানেই থাকেন। যুক্তরাষ্ট্রের উদ্দেশে একাই রওনা দিয়েছিলেন তিনি। কিন্তু মাঝপথে তাঁর হার্ট এ্যাটাকে মৃত্যু হলো। পরিবার সূত্রে জানা গেছে, তালতলী উপজেলার ছোটবগী গ্রামের মৃত আনোয়ার হোসেন ফাহুয়ার বড় ছেলে মো. তোফাজ্জেল হোসেন। ১৯৯৫ সালে তিনি গ্রিন কার্ড লটারির মাধ্যমে যুক্তরাষ্ট্রে যান। এর পাঁচ বছরের মাথায় তিনি তাঁর মা ফাতেমা বেগমকেও আমেরিকা নিয়ে যান। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ধানখালী ডিগ্রি কলেজের ইসলাম ইতিহাসের প্রভাষকের দায়িত্বে ছিলেন তিনি।

## ড. ইউনূসকে নিয়ে ‘খল নায়কে’র চরিত্রে খালেদ মহিউদ্দীন

৬৪ পৃষ্ঠার পর

ঠিক এমন সময় তাঁকে নিয়ে নিউইয়র্কে বসে খালেদ মহিউদ্দীনের বক্তব্য কতটুকু সমিচিন হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন দেশ প্রেমিক প্রবাসিরা। তারা প্রশ্ন তুলেছেন, কার গুটি হয়ে খালেদ মহিউদ্দীন নিউইয়র্কে বসে ড. মোহাম্মদ ইউনূসকে বিদ্রুপ করে বক্তব্য রাখলেন?

জ্যাকসন হাইটস-এর জুইশ সেন্টারের একটি অনুষ্ঠানে জার্মানির ডয়েচে ভেলের বাংলা বিভাগের সাবেক প্রধান খালেদ মহিউদ্দীন প্রধান অতিথি হিসেবে সম্প্রতি ড. ইউনূসকে নিয়ে বক্তব্য দিয়ে নতুন করে আলোচনায় আসেন।

ড. মোহাম্মদ ইউনূস নিউইয়র্কে আসার মাত্র কয়েকদিন আগে তাঁকে নিয়ে বিদ্রুপ করে বক্তব্য দেওয়ায় কমিউনিটির সব অনুষ্ঠান থেকে খালেদ মহিউদ্দীনকে বয়কট করার দাবী তোলা হয়েছে।

খালেদ মহিউদ্দীন নোবেল প্রাইজ নিয়ে বিদ্রুপ করে বক্তব্য দিয়ে বলেন, ‘জনগণ সকল ক্ষমতার উৎস’ এটি রং স্টেটমেন্ট। আমাদের সংবিধানটি খোলেন। জনগণ হলো সকল ক্ষমতার মালিক। উৎসতো দূরের কথা। তারা এপোয়েন্টেড গাই। তারা জনগণের কর্মচারি। বাংলাদেশে পয়সাওয়ালা হতে হলে ফটকাবাজ হতে হবে। সে পলিটিক্যাল লিডার হবে। পলিটিক্যাল লিডার হলে কি হবে? সে একটা এমপি হবে। শেখ হাসিনার একটু ভালো নজরে থাকতে পারলে, খালেদা জিয়ার একটু ভালো নজরে থাকতে পারলে চোর হবে, বাটপার হবে, মন্ত্রী হবে। তাইতো? আমি কিছুদিন সরকারি চাকুরি করেছি। নরসিংদীতে পোস্টিং ছিল। ম্যাজিস্ট্রেট ছিলাম। ছোট চাকর। শেখ হাসিনা বড় চাকর ছিল। বড় চাকর!! তা নিয়া ঈর্ষা করার কি আছে। বেতন নেয়। আড়াই তিন লাখ টাকা বেতন নেয়। আপনারা কফি খান মাসে তিনজন মিলা এই টাকার সমান। তিনেব কইরা দেখেন।’

মহিউদ্দীন আরও বলেন, ‘আপনারা ড. ইউনূসকে নিয়ে কথা বলছেন। ড. ইউনূস- এর আগে যতবার আসছেন তো আপনাদের মধ্যে কোন চাঞ্চল্যতা ছিল না। এখন সে একটা চেয়ারের মধ্যে বসছে। তাই বড় ব্যাপার হয়ে গেছে। না। তার হাতে আলাদিনের চেরাগ এসে গেছে। সে নোবেল পেতে পারে। নোবেল একটা প্রাইজ রে ভাই। আমি ঠিকনা গ্রুপ থেকে একটা বড় প্রাইজ দিতে পারি আকাশ ভাই’র কাছ থেকে চান্দা-মন্দা নিয়া। একটা প্রাইজ দিতেই পারি। নোবেল প্রাইজের চেয়ে বড়ও হতে পারে। তা ১ কোটি, ২ কোটি কিংবা ১০০ কোটি হতে পারে। এটা প্রাইজ। শুনলাম আপনারা তার কাছে ১৩ দফা দাবিনামা পেশ করবেন। এতে কোন কাজ হবে বলে আমি বিশ্বাস করি না। আমি আশাবাদী না। আমাকে এখানে প্রধান অতিথি করে এনেছেন। আমি তার অফিসে কথা বলেছিলাম। এবার তিনি অনেক ব্যস্ত। কথা ও দেখা নাও হতে পারে। আমার সাথে ড. ইউনূসের সাথে অফ ক্যামেরা কথা হতেও পারে। আমি আপনাদের দাবি দাওয়ার ব্যাপারে দেখা হলে কবো।’

খালেদ মহিউদ্দীন যখন বক্তব্য দিচ্ছিলেন তখন মঞ্চে ছিলেন সেবার ইউনিয়ন লিডার মাক মিছবাহ উদ্দীন, ডা. ওয়াদুদ ভূঁইয়া, এম এন মজুমদার, আকাশ রহমান ও ফখরুল আলম সহ অনেকে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমিউনিটি অ্যাকটিভিস্ট আবু নাসের, এনামুল হায়দার, কাজী আজহারুল হক মিলন, শাহজাহান শেখ, হানিফ মজুমদার, খুরশীদ চৌধুরী, ডা. নাফিজ, মোহাম্মদ আবুল কাশেম, আব্দুর রহিম হাওলাদার, আমিন খান জাকির, সোলায়মান ভূঁইয়া, হাজী আব্দুর রহমান, কামরুজ্জামান বাচ্চু, ইঞ্জিনিয়ার আলতাফ চৌধুরী, জাকারিয়া মাসুদ জিকু, মোহাম্মদ কাশেম, আনোয়ার হোসেন লিটন, বদরুল হক, হাফিজুল ইসলাম খোকন, অ্যাডভোকেট মজিবর রহমান প্রমুখ। খালেদ মহিউদ্দীনের এমন বক্তব্যের পর গত মঙ্গলবার জ্যাকসন হাইটসে বৈষম্যবিরোধী প্রবাসী সচেতন সমাজ ইউএসএ ও প্রবাসী বাংলাদেশী নাগরিক সমাজ সম্মিলিতভাবে প্রতিবাদ সভা করে। সভায় গৃহীত রেজুলেশনে বলা হয়, ‘ডয়েচে ভেলে থেকে বিতাড়িত সালমান এফ রহমান ওরফে দরবেশ বাবার ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের সাংবাদিক খালেদ মহিউদ্দিন বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড মুহাম্মদ ইউনূস সম্পর্কে অত্যন্ত আপত্তিজনক, উদ্দেশ্যপূর্ণ ও কাণ্ডজ্ঞানহীন মন্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ করা হচ্ছে। পতিত স্বৈরাচার ফ্যাসিস্ট সরকারের কতিপয় দালাল দ্বারা পরিবেষ্টিত হয়ে নিউ ইয়র্কস্থ জ্যাকসন হাইটস-এর একটি অনুষ্ঠানে এ ধরনের অশালীন ও অসভ্য মন্তব্যের প্রতিবাদে খালেদ মহিউদ্দীনকে প্রধান উপদেষ্টার নিউইয়র্ক সফরের সময়ে কনস্যুলেট ও জাতিসংঘসহ অন্যান্য সকল অফিসে বয়কট করার জোড়ালো দাবি জানানো হয়েছে সভা থেকে।

## রাতে কম খাওয়ার যত উপকারিতা

১৮ পৃষ্ঠার পর

বিপাকীয় স্বাস্থ্য উন্নত হয়।

**ঘুম ভালো হয়**

গভীর রাতে ভারী খাবার খেলে ঘুমের গুণমান ব্যাহত হয়। অন্যদিকে গবেষণা বলছে, সন্ধ্যার দিকে হালকা খাবার খেয়ে ঘুমালে রাতে ভালো ঘুম হয়, যা সামগ্রিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**সঠিক ওজন বজায় থাকে**

কিছু গবেষণায় বলা হয়েছে, যারা সন্ধ্যায় তাদের দৈনিক ক্যালরির একটি উল্লেখযোগ্য অংশ খায়, তাদের ওজন বাড়তে পারে। রাতে মোট ক্যালরি খরচ কমানো ওজন নিয়ন্ত্রণের জন্য উপকারী হতে পারে।

**রক্তে শর্করা নিয়ন্ত্রণ করে**

রাতে দেরি করে খাওয়ার ফলে রক্তে শর্করার মাত্রা বেড়ে যেতে পারে।

বিশেষ করে উচ্চ কার্বোহাইড্রেট বা চিনিযুক্ত খাবার খেলে এমনটি বেশি হতে পারে। রাতের খাবার সীমিত করলে রক্তে শর্করার মাত্রা স্থিতিশীল করতে সাহায্য করে।

**গ্যাস্ট্রিকের সমস্যা বাড়ে**

রাতে ঘুমানোর ঠিক আগে ভারী খাবার খেলে এসিড রিফ্লাক্স, বদহজম হয়ে গ্যাস্ট্রিকের মতো সমস্যা তৈরি করতে পারে। এ জন্য সন্ধ্যার পরপরই খেয়ে নেওয়া ভালো।

